ভ্রাত্রেতি। হে মঞ্জুবদনে বাষ্পব্যাপ্তত্বেন মঞ্জু সুদর্শনং বদনং যস্যাঃ হে তথা বিধে। মে মম অগ্রতঃ পুর ইতঃ অত্রানুভূত প্রদেশে জনকৌ কীর্ত্তিদা বৃষভানু তে তব লালনাং হে মাতর্মারোদীঃ ত্বমাবয়োশ্চক্ষুর্ত্বদ্দর্শনে আবয়োরান্ধ্যং ভবেদিত্যাহ্যুক্ত্বা মস্তক গাত্রস্পর্শাদি রূপাং কিং বিধাস্যতঃ কিং করিষ্যত ইত্যন্বয়ঃ। তব কিম্ভূতায়াঃ কৃপণাং সন্নাং ধনলোভবতীমিতি যাবৎ জটিলাং গোযুতং দত্ত্বা প্রতোষ্য অত্র রক্ষাখ্য রাকাক্ষণে রাখীতি দেশ বিশেষে ব্যবহ্রিয়মাণে পূর্ণিমাদিবসে ভ্রাত্রা শ্রীদাম্না স্নেহেন আলয়ং গৃহং নীতায়া আনীতায়াঃ। পুনঃ কিম্ভূতায়াঃ সুখ শোক রোদনভরৈঃ পরমতিশয়ং যথাস্যাত্তথা সংদ্রবন্ত্যাঃ সুখেন পিতৃ মাতৃ দর্শনজানন্দেন শোকেন শ্বশুরালয় চিরস্থিতৌ চিরকাল বার্ত্তায়া

করিবার নিমিত্ত যে তোমার অভিষেক করিবেন সেই মহাভিষেক কি আমি দর্শন করিব ?॥ ৮৭॥

হে মনোজ্ঞবদনে! তোমার ভ্রাতা শ্রীদাম রাখীপূর্ণিমায় কৃপণা জটিলাকে অযুত গো দানপূর্ব্বক সন্তুষ্ট করিয়া আলয়ে লইয়া গেলে পর "মাতাপিতার দর্শনে সুখ ও শ্বশুরালয়ে দীর্ঘকাল বাস জন্য শোক" এই উভয় এক কালে অনুভব পূর্ব্বক রোদনাতিশয্যে তুমি যখন গলিত হইবা তৎকালে অতিবাৎসল্যবশতঃ তোমার মাতা কীর্ত্তিদা ও পিতা বৃষভানু

বাৎসল্যাজ্জনকৌ বিধাস্যত ইতঃ কিং লালনাং মেহগ্রতঃ৮৮

লজ্জয়ালিপুরতঃ পরতো মাং
গহ্বরং গিরিপতের্বত নীত্বা।
দিব্যগানমপি তৎ স্বরভেদং
শিক্ষয়িষ্যসি কদা সদয়ে ত্বং ॥ ৮৯ ॥

যাচিতা ললিতয়া কিল দেব্যা
লজ্জয়া নতমুখীং গণতো মাং।

অশ্রবণানুভব জন্য মোহেনচ যে রোদনভরা ইত্যর্থঃ ॥ ৮৮ ॥

লজ্জয়েতি। হে সদয়ে ত্বং কদা দিব্যগানং গানসাধনকাব্যং তৎ সাধনং স্বরভেদমপি শিক্ষয়িষ্যসীত্যন্বয়ঃ। কিং কৃত্বা লজ্জয়া আলিপুরতঃ সখ্যগ্রাৎ পরতো দূরে গিরিপতে গোবর্দ্ধনস্য গহ্বরং নীত্বা। পরঃ শ্রেষ্ঠাবিদূরান্যোত্তরে ক্লীবন্তু কেবল ইতি মেদিনী ॥ ৮৯ ॥

যাচিতেতি। হে দেবি কৌতুকলীলায়াং মাং কদা দিব্যরসকাব্য কদম্বং সুন্দর মধুর রস ঘটিত কাব্য সমূহং প্রণয়েন প্রীত্যা পাঠয়িষ্যসি। কিম্ভূতা সতী ললিতয়া দেব্যা কিল নিশ্চিতং যাচিতা প্রার্থিতা সতী। মাং

আমার অগ্রে হে মাতঃ! রোদন করিও না, তুমি আমাদের চক্ষুঃ তোমাকে না দেখিলে চক্ষুর আন্ধ্য হয় এই বলিয়া মস্তকগাত্রাদি স্পর্শন পূর্ব্বক কি লালন বিধান করিবেন?॥৮৮

হে দয়াশীলে! লজ্জাবশতঃ সখীদিগের অগ্র হইতে আমাকে গিরিরাজ গোবর্দ্ধনের গহ্বরে লইয়া গিয়া দিব্য গান অর্থাৎ গান সাধন কাব্য এবং তাহার স্বরভেদ কবে শিক্ষা করাইবা? ॥ ৮৯ ॥

হে দেবি রাধিকে! ললিতাদেবী নিশ্চয়ই আমার নিমিত্ত তোমাকে প্রার্থনা করিবেন, আমি ত্বদীয় পরিবার

দেবি দীব্যরসকাব্যকদম্বং
পাঠয়িষ্যসি কদা প্রণয়েন ॥ ৯০ ॥
নিজকুণ্ডতটীকুঞ্জে গুঞ্জদ্ভ্রমর সঙ্কুলে।
দেবি ত্বং কচ্ছপীশিক্ষাং কদা মাং কারয়িষ্যসি ॥ ৯১ ॥
বিহারৈ স্ত্রুটিতং হার গুম্ফিতুং দয়িতং কদা।
সখীনাং লজ্জয়া দেবি সংজ্ঞয়া মাং নিদেক্ষ্যসি ॥ ৯২ ॥

কিম্ভূতাং গণতঃ পরিবারতঃ পাঠিত গ্রন্থনধারণাব্যগ্রতয়া নতমুখীং নম্রবদনাং ॥ ৯০ ॥

নিজেতি। কচ্ছপী বীণা। অন্যৎ স্পষ্টং ॥ ৯১ ॥

বিহারৈরিতি। হে দেবি বিহারৈঃ শ্রীকৃষ্ণেন সহ কন্দর্প লীলাভি স্ত্রুটিতং ছিন্নং হারং গুম্ফিতং গ্রথিতুং সখীনাং লজ্জায়া কদা সংজ্ঞয়া সঙ্কেতেন মাং নিদেক্ষ্যসি আজ্ঞাপয়িষ্যসীত্যন্বয়ঃ। কিম্ভূতং হারং দয়িতং প্রেমাস্পদং ॥ ৯২ ॥

সুতরাং লজ্জাতে অবনত মুখী হইলে তুমি কবে সুমধুর রসঘটিত বাক্য কমল আমাকে পাঠ করাইবা ? ॥ ৯০ ॥

হে দেবি রাধিকে! যাহা ভ্রমরগণের গুঞ্জনে সঙ্কুল অর্থাৎ ব্যাপ্ত হইয়াছে সেই তোমার স্বীয় কুণ্ডের তটস্থিত (সমীপবর্ত্তি) কুঞ্জ মধ্যে কবে আমাকে তুমি বীণা শিক্ষা করাইবা ? ॥ ৯১ ॥

হে দেবি রাধিকে! শ্রীকৃষ্ণের সহিত কন্দর্পলীলায় বিচ্ছিন্ন প্রিয়তম হার গ্রন্থন করিবার নিমিত্ত সখীদিগের সমীপে লজ্জাবশতঃ কবে সংজ্ঞা অর্থাৎ ঈঙ্গিত দ্বারা আমাকে আদেশ করিবা ? ॥ ৯২ ॥

স্বমুখান্মম্মুখে দেবি কদা তাম্বূলচর্ব্বিতং।
স্নেহাৎ সর্ব্বদিশোবীক্ষ্য সময়ে ত্বং প্রদাস্যসি ৯৩॥
নিবিড় মদনযুদ্ধে প্রাণনাথেন সার্দ্ধং
দয়িতমধুরকাঞ্চী যা মদাদ্বিস্মৃতাসীৎ।

স্বমুখাদিতি। হে দেবি দিশোঽবলোক্য কদাচিৎ কোপ্যনভিজ্ঞঃ পশ্যে দিতি কৃত্বা দিশ আশা দৃষ্ট্বা সময়ে দন্তধাবন ভোজন স্মরক্রীড়াবসান তদ্যোগ যোগ্য কালে স্বমুখাৎ সকাশান্মমুখে তাম্বূল চর্ব্বিতং স্নেহাৎ কদা প্রদাস্যসী ত্যন্বয়ঃ। অত্রায়মভিসন্ধিঃ। লবঙ্গমঞ্জরী রূপমঞ্জরী গুণমঞ্জরী। ভানুমত্যান্য-পর্য্যায়াঃ সুপ্রিয়া রতিমঞ্জরী। রাগলেখা কলাকেলি মঞ্জুলাদ্যাস্ত দাসিকা ইতি দীপকানুসারেণ মঞ্জরীণাং দাসীত্বেপি অন্তদাসিকা ইব এতান্ নিকৃষ্ট ভূমিকা-রূঢ়াঃ কিন্তু সখিত্বেপ্যশঙ্কোচেন দম্পতী নিভৃত পরিচর্য্যাকাঙ্ক্ষয়া তদ্ভাবা-পন্নাএব অন্যথা মুখান্মুখে তাম্বূল চর্ব্বিত দানে পরস্পরাধর সংযোগেন স্বামিন্যাঃ কনিষ্ঠানমন ইব তেজোহানাপত্তিঃ স্যাদিতি দিক্॥ ৯৩॥

নিবিড়েতি। হে শশিমুখি শশীব পরাহ্লাদজনকং মুখং যস্যা হে তথা-বিধে। প্রাণনাথেন শ্রীকৃষ্ণেন সার্দ্ধং সহ নিবিড় মদন যুদ্ধেঅত্যন্ত কামরণে যা দয়িত মধুরকাঞ্চী প্রিয় সুন্দর ক্ষুদ্রঘণ্টিকা ত্বয়া বিস্মৃতা আসীৎ। তাং সময়ে নিতম্বারোপণকালে ভঙ্গ্যা চাতুর্য্যেণ সংভাল্য অম্বিষ্য তদর্থং তদানয়-নার্থং কিং ত্বয়া অহং প্রহেয়া প্রেরয়িতব্যেত্যন্বয়ঃ। ভঙ্গ্যেত্যনেন তত্র নিলীয়

হে দেবি রাধিকে! তুমি কবে যথা সময়ে চতুর্দ্দিক অবলোকন পূর্ব্বক স্নেহবশতঃ নিজ মুখ হইতে আমার মুখে চর্ব্বিত তাম্বূল প্রদান করিবা?॥ ৯৩॥

হে শশিমুখি! প্রাণনাথ শ্রীকৃষ্ণের সহিত নিবিড় মদন যুদ্ধে অর্থাৎ অত্যন্ত কামরণে যে প্রিয় সুন্দর ক্ষুদ্রঘণ্টিকাকে প্রেম দর্পে বিস্মৃত হইয়াছিলে, পুনর্ব্বার নিতম্ব ভূষণ সময়ে

শশিমুখি সময়ে তাং হন্ত সম্ভাল্য ভঙ্গ্যা
ত্বরিতমিহ তদর্থং কিং ত্বয়াহং প্রহেয়া ॥ ৯৪ ॥
কেনাপি দোষ লবমাত্র লবেন দেবি
সন্তাড্যমান ইহ ধীরমতে ত্বয়োচ্চৈঃ।
রোষেণ তল্ললিতয়া কিল নীয়মানঃ
সংদ্রক্ষ্যতে কিমু মনাক্ সদয়ং জনোঽয়ং ॥ ৯৫ ॥
তবৈবাস্মি তবৈবাস্মি ন জীবামি ত্বয়া বিনা।

তিষ্ঠতা প্রাণনাথেনাসৌ ধর্ষিতা ভবত্বিতি ব্যজ্যতে। যা ময়েত্যত্র যা মদাদিতি দকারোপান্তঃ পাঠো বহুত্র দৃশ্যতে তন্ন চারু মদান্নিবিড়যুদ্ধে ইত্যন্বয়ে ব্যবহিতান্বয়েন ক্লিষ্টত্ব দোষাপত্তিঃ স্যাৎ॥ ৯৪ ॥

কেনাপীতি। হে ধীরমতে কর্ত্তব্যাকর্ত্তব্য বিচারে ধৈর্য্যশালিনী মতির্যস্যা হে তথাবিধে। হে দেবি হে বৃন্দাবনেশ্বরি কেনাপি দোষ লবমাত্র লবেন হেতুনা রোষেণ ক্রুধা ত্বয়া উচ্চৈঃ সংতাড্যমানোঽয়ং জনোঽহং তল্ললিতয়া নীয়মানঃ ভবৎ সমীপং প্রাপিতঃ সন্ উ ভো কিং দ্রক্ষ্যত ইত্যন্বয়ঃ। দোষস্য লবমাত্রং লেশমাত্রং তস্য লবেন স্বল্পাদপি স্বল্পেন দোষেণেত্যর্থঃ। তল্ললিতয়েতি সা চাসৌ ললিতা চেতি বিশেষণ সমাসঃ ॥ ৯৫ ॥

তবৈবাস্মীতিঃ। অস্মি অহং তবৈবেতি ত্বয়া বিনা ন জীবামীত্যত্র তবৈ-

তাহা অন্বেষণ করিয়া না পাওয়ায় ভঙ্গীপূর্ব্বক হায়! তুমি এই ব্রজে শীঘ্র তাহার অন্বেষণার্থ আমাকে কি প্রেরণ করিবা? ॥ ৯৪ ॥

হে ধৈর্য্যশালিনি দেবি রাধিকে! এই ব্রজমধ্যে অতীব অল্প দোষে তুমি রাগান্বিত হইয়া আমাকে সন্তাড়ন করিয়াছিলে, অনন্তর ললিতাদেবী কর্ত্তৃক তোমার নিকট নীত হইলে তুমি কি ঈষৎ কৃপাবলোকন করিবে॥ ৯৫ ॥

হে দেবি রাধিকে! আমি তোমারই, তোমা বিনা ক্ষণ-

ইতি বিজ্ঞায় দেবি ত্বং নয় মাং চরণান্তিকং ॥ ৯৬ ॥
স্বকুণ্ডং তব লোলাক্ষি সপ্রিয়ায়াঃ সদাস্পদং ।
অত্রৈব মম সংবাস ইহৈব মম সংস্থিতিঃ ॥ ৯৭ ॥
হে শ্রীসরোবর সদা ত্বয়ি সা মদীশা
প্রেষ্ঠেন সার্দ্ধমিহ খেলতি কামরঙ্গৈঃ ।

বাস্মীতি ইতি শব্দাভাবে ন্যূনপদতায়া বক্তু র্বিষাদোক্তৌ ন দোষতেতি মন্তব্যং ॥ ৯৬ ॥

স্বকুণ্ডমিতি। হে লোলাক্ষি স্বকুণ্ডবাসিনমযোগ্যমপি জনং কলয়িতুং লোলে চঞ্চলে অক্ষিণী যস্যা হে তথাবিধে। স্বকুণ্ডং রাধাকুণ্ডং সপ্রিয়ায়াঃ সকৃষ্ণায়া স্তব প্রেমাস্পদং প্রেমস্থানং অতোঽত্রৈব মম সংবাসঃ। সম্বাসোঽপি কার্য্যানুরোধেন কদাচিদপি স্থানান্তর গমনং সম্ভবেৎ তন্নিবারণায়াহ ইহৈব মম সংস্থিতিঃ মহৎকার্য্যানুরোধেঽপি অন্যত্র কুত্রাপ্যগত্বা সম্যঙ্ নিবসতি ষ্ঠাগতি নিবৃত্তাবিতি ধাত্বর্থানুস্মরণাৎ। অত্রাপি প্রেমাস্পদমিত্যনন্তরং হেতুসূচকেতীত্যকরণ রূপা ন্যূনপদতা পূর্ব্ববদদুষ্টা ॥ ৯৭ ॥

অতি দৈন্যেনাত্মন স্তৎ সাক্ষাৎ প্রার্থনাযোগ্যত্বেন নিত্যাধিষ্ঠানত্বেন তদতি প্রিয়ঃ শ্রীরাধাকুণ্ডং প্রার্থয়তে। হে সরোবর শ্রীরাধাকুণ্ড সা মদীশা শ্রীরাধা-

---

কালও জীবন ধারণ করিতে পারি না, ইহা জানিয়া আমাকে স্বীয় শ্রীচরণ প্রান্ত প্রদান কর ॥ ৯৬ ॥

হে চঞ্চললোচনে রাধিকে! এই রাধাকুণ্ড তোমার এবং তোমার প্রাণবল্লভ শ্রীকৃষ্ণের প্রেম বিলাসের নিত্যস্থান অতএব এই কুণ্ডতীরেই আমার নিত্য বাস ও নিত্য স্থিতি হউক ॥ ৯৭ ॥

হে শ্রীরাধাকুণ্ড! তোমার তীরে সর্ব্বদা মদীশ্বরী সেই রাধিকা বিবিধ কামরঙ্গে প্রিয়তম শ্রীকৃষ্ণের সহিত খেলা

ত্বঞ্চেৎ প্রিয়াৎ প্রিয়মতীব তয়োরিতীমাং
হা দর্শয়াদ্য কৃপয়া মম জীবিতং তাং ॥ ৯৮ ॥
ক্ষণমপি তব সঙ্গং নত্যজেদেব দেবী
ত্বমসি সমবয়স্ত্বান্নর্ম্ম ভূমির্যদস্যাঃ।
ইতি সুমুখি বিশাখে দর্শয়িত্বা মদীশাং
মম বিরহহতায়াঃ প্রাণরক্ষাং কুরুষ্ব ॥ ৯৯ ॥

ত্বয়ি ইহ ত্বৎসমীপস্থেঽত্র কুঞ্জে প্রেষ্ঠেন শ্রীকৃষ্ণেন সার্দ্ধং কামরঙ্গৈঃ সদা খেলতি চেদ্যদি তয়ো রাধাকৃষ্ণয়ো রতীব প্রিয়ং ত্বং ইতি হেতোঃ কৃপয়া তামিমাং রাধাং মম দর্শয়। তাং কিম্ভূতাং জীবিতং জীবনং জীবনরূপামিত্যর্থঃ॥৯৮

অগ্রে আরাধ্যত্বেন বিশাখাং প্রার্থয়তে ক্ষণমপীতি। হে বিশাখে দেবী মদীশা তে তব সঙ্গং ক্ষণমপি ন ত্যজেদেব যদস্মাৎ সমবয়স্ত্বাৎ ত্বমস্যাঃ নর্ম্ম ভূমিঃ কৌতুকস্থানমসি ভবসি ইতি হেতোঃ হে সুমুখি অত্রাগত্য এতৎ কৌতুকং পশ্যেতি কৃত্বা মদীশাং শ্রীরাধাং দর্শয়িত্বা প্রাণরক্ষাং কুরুষ্বেত্যন্বয়ঃ। নর্ম্ম প্রচারণ সময়ে তস্যাঃ সুমনস্ত্বেন মদ্দৈন্যং নিবেদয়িত্বা মামানায্য দর্শয়েতি ভাবঃ। মম কিম্ভূতায়া বিরহহতায়াঃ ॥ ৯৯ ॥

করেন, তুমি সেই শ্রীরাধাকৃষ্ণের প্রিয় হইতেও প্রিয়, অতএব তুমি কৃপাপূর্ব্বক এই আমার জীবন স্বরূপ শ্রীরাধিকাকে দর্শন করাও ॥ ৯৮ ॥

হে সুমুখি বিশাখে! মদীশ্বরী শ্রীরাধিকা তোমার সমবয়স্ক প্রযুক্ত তুমি ইহাঁর কৌতুকাস্পদ হইয়াছ, অতএব ইনি ক্ষণকালও তোমার সঙ্গ পরিত্যাগ করেন না, আমি ও বিরহ কাতরা, সুতরাং ইহাকে দর্শন করাইয়া আমার প্রাণ রক্ষা কর ॥ ৯৯ ॥

হা নাথ গোকুলসুধাকর সুপ্রসন্ন
বক্ত্রারবিন্দ মধুরস্মিত হে কৃপার্দ্র।
যত্র ত্বয়া বিহরতে প্রণয়ৈঃ প্রিয়ারা
তত্রৈব মামপি নয় প্রিয়সেবনায় ॥ ১০০ ॥
লক্ষ্মী র্যদঙ্ঘ্রি কমলস্য নখাঞ্চলস্য
সৌন্দর্য্য বিন্দুমপি নার্হতি লব্ধুমীশে।
সা ত্বং বিধাস্যসি ন চেন্মম নেত্রদানং

হা নাথেতি। হে নাথ অযোগ্য [illegible]ষ্টপূরণদক্ষ হে গোকুল সুধাকর গোকুলজনাহ্লাদক সংপ্রতি স্বজন প্রার্থনায় হে প্রসন্নবক্ত্রারবিন্দ স্বজন প্রার্থিত প্রদানায় হে মধুরস্মিত যং কমপি ভক্তাভাসং প্রতি হে কৃপার্দ্র ত্বয়া সহ যত্র প্রিয়া শ্রীরাধা আরান্নিকট প্রণয়ৈ র্বিহরতে প্রিয়সেবনায় প্রীতি সাধন পরিচর্য্যায়ৈ মামপি তত্রৈব নয়েত্যন্বয়ঃ ॥ ১০০ ॥

লক্ষ্মীরিতি। হে ঈশে প্রাণেশ্বরি যদঙ্ঘ্রি কমলস্য চরণপদ্মস্য নখাঞ্চলস্য সৌন্দর্য্য বিন্দুমপি লক্ষ্মীর্লব্ধুং প্রাপ্তুং নার্হতি। সা ত্বং চেদ্যদি মম নেত্র দানং ত্বল্লীলাদিদর্শন জ্ঞানদানেন ন বিধাস্যতি করিষ্যতি। তদা মম জীবিতেন

হে নাথ! হে গোকুলসুধাকর! হে সুপ্রসন্ন মুখারবিন্দ! হে মধুরস্মিত! হে কৃপার্দ্র শ্রীকৃষ্ণ! যে স্থানে তোমার সহিত নিকট প্রণয় বিস্তার পূর্ব্বক প্রিয়া শ্রীরাধিকা বিহার করিতেছেন, আমাকেও প্রিয়সেবার নিমিত্ত সেই স্থানেই লইয়া যাও ॥ ১০০ ॥

হে প্রাণেশ্বরি! লক্ষ্মীদেবীও যাঁহার পাদপদ্মের নখাঞ্চলের সৌন্দর্য্য বিন্দুমাত্রও লাভ করিতে সমর্থা নহেন, সেই তুমি যদি আমাকে ত্বদীয় লীলাদি দর্শন যোগ্য চক্ষুদান না কর

কিং জীবিতেন মম দুঃখদবাগ্নিদেন ॥ ১০১ ॥
আশাভরৈ রমৃতসিন্ধুময়ৈঃ কথঞ্চিৎ
কালো ময়াতিগমিতঃ কিল সাম্প্রতং হি।
ত্বঞ্চেৎ কৃপাং ময়ি বিধাস্যসি নৈব কিং মে
প্রাণৈ র্ব্রজেনচ বরোরু বকারিণাপি ॥ ১০২ ॥
ত্বঞ্চেৎ কৃপাময়ি-কৃপাং ময়ি দুঃখিতায়াং
নৈবাতনোরতিতরাং কিমিহ প্রলাপৈঃ।
ত্বৎ কুণ্ডমধ্যমপি তদ্বহুকালমেব

জীবনেন কিং ন কিমপীত্যর্থঃ। কিম্ভূতেন দুঃখমেব দবাগ্নি স্তৎপ্রদেন ॥ ১০১ ॥

নন্থ ভবতোঽভীষ্টো ব্রজবাসঃ প্রাপ্ত এব অত্র বাসেনৈব শ্রীকৃষ্ণপ্রাপ্তি র্ভবিষ্যত্যেব কিং মদ্দর্শন প্রার্থনয়া ইত্যাহ। আশাভরৈরিতি। ময়া সাম্প্রত মধুনা আশাভরৈঃ প্রত্যাশাতিশয়ৈঃ কথঞ্চিৎ কথমপি কষ্টসৃষ্ট্যা কিল নিশ্চিতং কালোঽপগমিতঃ যাপিতঃ ॥ আশাভরৈঃ কিম্ভূতৈঃ অমৃতসিন্ধুময়ৈঃ অমৃতসমুদ্রং গচ্ছন্তিরিবেতি লুপ্তোপমা। চেদ্যদি ত্বং কৃপাং ন বিধাস্যসি তদা মে প্রাণাদিভিঃ কিমপীত্যর্থঃ। হে বরোরু বকারিণা শ্রীকৃষ্ণেনেত্যর্থঃ ॥ ১০২ ॥

ত্বঞ্চেদিতি। হে কৃপাময়ি দুঃখিতায়াং ময়ি যদি অতিতরাং কৃপাং করুণাং নৈবাতনো নৈর্বাকরোস্তদা ইহ প্রলাপৈ রকারণবাক্যপ্রয়োগৈঃ কিং তৎ

তবে এই দুঃখরূপ দাবাগ্নিপ্রদ জীবনে ফল কি ? ॥ ১০১ ॥

হে বরোরু! সম্প্রতি আমি অমৃতসাগর রূপ আশা সমূহে নিশ্চয় অতি কষ্টসৃষ্টে কাল যাপন করিলাম, তুমি যদি আমাকে কৃপা না কর তবে এ প্রাণ বা ব্রজবাস, অধিক কি শ্রীকৃষ্ণেও আমার প্রয়োজন নাই ॥ ১০২ ॥

হে কৃপাময়ি! তুমি যদি এই দুঃখিত জন আমাকে অতিশয় কৃপা না কর, তবে আমার প্রলাপ অর্থাৎ অকারণ

সংসেব্যমানমপি কিং নু করিষ্যতীহ ॥ ১০৩ ॥
অয়ি প্রণয়শালিনি প্রণয় পুষ্ট দাস্যাপ্তয়ে
প্রকামমতি রোদনৈঃ প্রচুরদুঃখদগ্ধাত্মনা।
বিলাপকুসুমাঞ্জলি হৃদি নিধায় পাদাম্বুজে
ময়া বত সমর্পিত স্তব তনোতু তুষ্টিং মনাক্ ॥ ১০৪

॥ * ॥ ইতি শ্রীবিলাপকুসুমাঞ্জলিস্তবঃ সমাপ্তঃ ॥ * ॥

কুণ্ডমধ্যমপি বহুকালং সেব্যমানমপি ইহ কিং ন কিমপি করিষ্যতি ॥ ১০৩ ॥

অয়ি প্রণয়শালিনি প্রকামং যথেষ্টং প্রণয়েন পুষ্টং পরিপূর্ণং যদ্দাস্যং তস্যাপ্তয়ে প্রাপ্তয়ে তে তব পাদাম্বুজে হৃদি নিধায় বত আক্রোশপূর্ব্বকং সংবোধ্য ময়া সমর্পিতো বিলাপকুসুমাঞ্জলি র্বিলাপরূপ পুষ্পাঞ্জলি স্তব মনাক্ স্বল্পাং তুষ্টিং তনোত্বিত্যন্বয়ঃ। বতামন্ত্রণ সন্তোষ খেদানুক্রোশ বিস্ময়ে ইতি মেদিনী। কিম্ভূতে ময়া প্রচুর দুঃখ দগ্ধাত্মনা। অতএবাতি রোদনৈরুপলক্ষিতেন ॥ ১০৪

॥ * ॥ ইতি শ্রীবিলাপকুসুমাঞ্জলি বিবৃতিঃ ॥ *॥

বাক্য প্রয়োগে প্রয়োজন কি ? এবং তোমার কুণ্ডের অর্থাৎ শ্রীরাধাকুণ্ডের মধ্য ভাগকে যে সেবা করিলাম তাহাই বা আমার কি করিবে ? ॥ ১০৩ ॥

অয়ি প্রণয়শালিনি ! আমি প্রচুর দুঃখানলে দগ্ধ হইতেছি, অতএব প্রণয় পুষ্ট দাস্য লাভের নিমিত্ত, হৃদয়ে স্থাপন করিয়া এই বিলাপ রূপ কুসুমাঞ্জলি তোমার পাদপদ্মে অর্পণ করিলাম, এই বিলাপ রূপ কুসুমাঞ্জলি তোমার কিছুমাত্রও তুষ্টি বিধান করুক ॥ ১০৪ ॥

॥ * ॥ ইতি শ্রীবিলাপ কুসুমাঞ্জলি স্তব সমাপ্ত ॥ * ॥

অথ প্রেমপূরাভিধস্তোত্রং ॥

মধু মধুর নিশায়াং জ্যোতিরুদ্ভাসিতায়াং
সিতকুসুম সুবাসাঃ কৢপ্ত কর্পূর ভূষা।
সুবলসখমুপেতা দূতিকান্যস্তহস্তা
ক্ষণমপি মম রাধে নেত্রমানন্দয় ত্বং ॥ ১ ॥

অথ মানবতী শ্রীরাধানুনয়ার্থং শ্রীকৃষ্ণেন প্রেরিত বৃন্দায়া অনাগমনেন দুর্জ্জয়মানং জ্ঞাত্বা পুনঃ প্রেরিত সুবলেনানুনীতায়া স্তমনুগচ্ছন্ত্যাঃ শ্রীরাধায়া দর্শনমাশাস্তে মধ্বিত্যাদিনা। হে রাধে ত্বং ক্ষণমপি মম নেত্রমানন্দয় দর্শন দানেন সন্তোষয়। ত্বং কিম্ভূতা মধু মধুর নিশায়াং সিতকুসুমবাসাঃ মধুর্বসন্তস্তত্র যা মধুরা মনোহর রূপা নিশেত্যর্থঃ। কিম্ভূতায়াং জ্যোতিষা অর্থাচ্চন্দ্র কান্ত্যা উদ্ভাসিতায়াং প্রকাশমানায়াং। পুনঃ কিম্ভূতা কৢপ্তা অঙ্গেষু লিপ্তা কর্পূর ভূষা ভূষণং যয়া সা। পুনঃ কিম্ভূতা সুবলশ্চাসৌ সখাচেতি তমুপেতা অনুগতা অথচ দূতিকায়াং বৃন্দায়াং ন্যস্তো হস্তো যয়া সা॥ ১ ॥

হে রাধিকে! যাহা চন্দ্রকান্তিতে প্রকাশমানা হইয়াছে সেই বসন্ত কালীন সুমধুর রজনীতে শুভ্র কুসুম তুল্য বস্ত্র এবং কর্পূর বৎ ধবল ভূষণ সকল পরিধান পূর্ব্বক সুবলসখার অনুগামিনী অথচ দূতিকা বৃন্দার স্কন্ধে হস্তক্ষেপন করিয়া অভিসার কালে স্বীয় দর্শন দান দ্বারা ক্ষণকালও আমার নেত্রের আনন্দ বিধান কর ॥ ১ ॥

স্মরগৃহমবিশন্তী বাম্যতো ধামগন্তুং
সরণিমনুসরন্তী তেন সংরুদ্ধ্য তূর্ণং।
বল সবলিত কাকা লম্ভিতান্তঃস্মিতাক্ষী
ক্ষণমপি মম রাধে নেত্রমানন্দয় ত্বং ॥ ২ ॥
মুদির রুচির বক্ষস্যন্নতে মাধবস্য

অনুনীয়ানীতাপি বাম্যং ব্যবহরতি ইত্যাহ স্মরেত্যাদি। পুনঃ কিম্ভূতা বাম্যতঃ স্মরগৃহং মদনবিলাস সাধন কুঞ্জং অবিশন্তী অতএব ধাম স্বগৃহং গন্তুং সরণিং পন্থানমনুসরন্তী। পুনঃ কিম্ভূতা তেন প্রসিদ্ধেন শ্রীকৃষ্ণেন কর্ত্রা বল সবলিত কাকা কৃত্বা তূর্ণং লম্ভিতা প্রত্যাগমিতা সতী মম নেত্রমানন্দয়েতি সর্ব্বত্র সম্বন্ধঃ। বলেন শক্ত্যা সবলিতা মিশ্রিতা যা কাকুরনুনয়যোগ্য প্রিয়োক্তি রিত্যর্থঃ। স্মিত সবলপদেন শক্ত্যা তস্যাগমন বিলম্ব প্রকটনেন তদনুনয়-যোগ্য কামস্যাধিক্যে লব্ধে কাকু প্রচারস্য স্বাচ্ছন্দ্যং ব্যজ্যতে। পুনঃ কিম্ভূতা অন্তঃস্মিতেতি। অঞ্চলভাগে প্রকাশমানে অক্ষিণী যস্যাঃ সা ॥ ২ ॥

ততঃসঙ্কীর্ণসম্ভোগবতী সতীত্যাহ মুদিরেতি পুনঃ কিম্ভূতা সতী মাধবস্য

হে রাধে! তুমি বাম্যবশতঃ মদন বিলাস কুঞ্জে প্রবেশ না করিয়া নিজগৃহ গমনের পথে যাইতে লাগিলে শ্রীকৃষ্ণ বলপ্রকাশ পূর্ব্বক অবরোধ করিয়া বিবিধ কাকুবাক্যে যখন তোমাকে পুনরায় বিলাসকুঞ্জে প্রত্যানয়ন করিবেন তখন তোমার ঈষৎ হাস্য উদ্গত হইতে থাকিবে, হে সুন্দরি! তুমি ঐ অবস্থায় ক্ষণকাল আমার নেত্রকে আনন্দিত কর ॥ ২ ॥

হে রাধে! নবজলধর সদৃশ মনোজ্ঞ শ্রীকৃষ্ণের বক্ষঃস্থল

স্থির চর বর বিদ্যুদ্বল্লিবম্মল্লি তল্পে।
ললিত কনকযূথীমালিকাবচ্ছ ভান্তী
ক্ষণমপি মম রাধে নেত্রমানন্দয় ত্বং ॥ ৩ ॥
স্মরবিলসিত তল্পে জল্পলীলামনল্পাং
ক্রমকৃতি পরিহীনাং বিভ্রতী তেন সার্দ্ধং।
মিথ ইব পরিরম্ভা রম্ভবৃত্তৈকবর্ম্মা

শ্রীকৃষ্ণস্য উন্নতে উচ্চে মুদির রুচির বক্ষসি মুদিরো মেঘস্তদ্রুচিরে মনোহরে উরসি স্থিরচর বরবিদ্যুদ্বল্লিবন্মল্লিতল্পে ললিত কনকযূথিমালিকাবচ্ছ ভান্তী সতী। স্থিরচরা সুস্থিরা যা বরা শ্রেষ্ঠা বিদ্যুদ্বল্লী বিদ্যুল্লতা তদ্বদন্মল্লিতল্প মিত্যর্থঃ। ললিতা ঈপ্সিতা যা কনকযূথিমালিকা তদ্বচ্চ ভান্তী প্রকাশমানে-ত্যর্থঃ ॥ ৩ ॥

স্মরেত্যাদি। পুনঃ কিম্ভূতা সতী স্মরবিলসিততল্পে কামবিলাস শয্যায়াং তেন শ্রীকৃষ্ণেন সার্দ্ধং অনল্পাং যথেষ্টাং জল্পলীলাং কথোপকথন খেলাং বিভ্রতী। কিম্ভূতাং ক্রমকৃতি পরিহীনাং ক্রমকরণ পরিত্যক্তাং ক্রমকৃতিত্যাগস্ত হাস্য-রস পোষায়েতি গম্যং। পুনঃ কিম্ভূতা মিথঃ পরস্পরং পরিরম্ভারম্ভ বৃত্তৈক বর্ম্মা ইব পরিরম্ভ আলিঙ্গনং তস্যারম্ভেণ বৃত্তিঃ প্রবর্ত্তনং যস্য এবং ভূতং একমদ্বিতীয়ং

রূপ মল্লিকাপুষ্প নির্ম্মিত শয্যায় তুমি স্থির বিদ্যুল্লতা ও মনোহর সুবর্ণ মালিকার ন্যায় সুশোভিত হইয়া ক্ষণকালও আমার নেত্রদ্বয়কে আনন্দিত কর ॥ ৩ ॥

হে রাধিকে! কন্দর্পবিলাস শয্যায় শ্রীকৃষ্ণের সহিত অধিকতর ক্রম শূন্য হাস্য পরিহাস লীলা অনুভব করিয়া যেন পরস্পরের শরীর আলিঙ্গনারম্ভে উদ্যুক্ত করিয়া অর্থাৎ আলিঙ্গন করিতে ইচ্ছুক হইয়া ক্ষণকালও আমার

ক্ষণমপি মম রাধে নেত্রমানন্দয় ত্বং ॥ ৪ ॥
প্রমদ মদন যুদ্ধ শ্রান্তিতঃ কান্ত কৃষ্ণ
প্রচুর সুখদ বক্ষঃ স্ফার তল্পে স্বপন্তী।
রসমুদিত বিশাখা জীবিতাদ্ধা সমৃদ্ধা
ক্ষণমপি মম রাধে নেত্রমানন্দয় ত্বং ॥ ৫ ॥
অপি বত সুরতান্তে প্রৌঢ়ি সৌভাগ্য দৃপ্যৎ

বর্ম শরীরং যস্যাঃ সা ইব আলিঙ্গনোদ্যতেবেত্যর্থঃ ॥ ৪ ॥

প্রমদেতি। পুনঃ কিম্ভূতা সতী প্রকৃষ্টো মদো যত্র এবম্ভূতে মদনযুদ্ধে যা শ্রান্তিস্তস্যা হেতোঃ কান্তে কমনীয়ে কৃষ্ণস্য যৎ প্রচুর সুখদ বক্ষস্তদেব স্ফারতল্পং বিস্তৃতশয্যা তস্যাং স্বপন্তী শয়ানা। পুনঃ কিম্ভূতা রসেন শ্রীকৃষ্ণেন সহ স্বস্য মধুরালাপনেন মুদিতং হৃষ্টং যদ্বিশাখা জীবিতং তদেবাদ্ধা সাক্ষাৎ সমৃদ্ধং সম্পত্তি র্যস্যাঃ সা। স্ববিলাসেন বিশাখান্তঃকরণ সুখতাৎপর্য্যেত্যর্থঃ ॥ ৫ ॥

অপি বতেতি। পুনঃ কিম্ভূতা অপি বত হে রাধে সুরতান্তে যৎ প্রৌঢ়িঃ সৌভাগ্যং তেন দৃপ্যৎ প্রকাশমানঃ যঃ প্রণয়স্তেন ধৃতং সুসখ্যং সুমিত্রবৃত্তি র্যয়া সেতি চ্ছেদস্তং ধৃতা যা সুসখী অর্থাল্ললিতা তয়া হেতুভূতয়া উরুগর্ব্বৈর হুঙ্কারৈ র্য উন্মাদো বৈচিত্রতা তয়া মত্তা সতী। অতঃ স্বাধীন ভর্তৃকাবস্থা

নেত্রদ্বয়কে আনন্দিত কর ॥ ৪ ॥

হে রাধিকে! প্রকৃষ্ট মদ বিশিষ্ট মদন যুদ্ধে পরিশ্রম বশতঃ কান্ত শ্রীকৃষ্ণের প্রচুর সুখপ্রদ বিশাল বক্ষঃস্থল রূপ বিস্তৃত শয্যায় শয়ন করিয়া শ্রীকৃষ্ণের সহিত নিজের রসালাপে অত্যন্ত হৃষ্ট বিশাখা সখীর জীবনকেই সাক্ষাৎ সম্পত্তি বিবেচনা করিয়া ক্ষণকাল আমার নেত্রদ্বয়কে আনন্দিত কর ॥ ৫ ॥

হে রাধে! সুরতাবসানে উৎকৃষ্ট সৌভাগ্য প্রদীপ্ত

প্রণয়ধৃত সুসখ্যোন্মাদ মত্তোরুগর্ব্বৈঃ।
দর গদিত মুকুন্দাকল্পিতাকল্পতল্পা
ক্ষণমপি মম রাধে নেত্র মানন্দয় ত্বং ॥ ৬ ॥
স্মরদয়িত নিকুঞ্জপ্রাঙ্গণে ব্যাবহাস্যাং
ব্রজনবযুবরাজং বক্রিমাড়ম্বরেণ।

কর্ত্তৃক স্বকর্ম্মকাদর্শনমাশাস্তে। পুনঃ কিম্ভূতা দরগদিতেন এতৎ কুর্ব্বিত্যল্প কথনেন হেতুনা মুকুন্দেন শ্রীকৃষ্ণেন কল্পিতে আকল্পতল্পে যস্যাঃ সা। দরা-ব্যয়ং মনাগর্থে ইতি মেদিনী। নন্থ ব্যভিচারিরস স্থায়িভাবাদেঃ শব্দবাচ্যত্বে-ত্যাদি দিশা উন্মাদ গর্ব্বয়োঃ শব্দবাচ্যত্বেন রসদোষাপত্তৌ কা গতিঃ। অত্রোচ্যতে। যত্র তত্তদপ্রয়োগেন বিবক্ষিতার্থঃ প্রতীত্যভাবস্তত্র স্বশব্দে-নোক্তৌ ন দোষঃ। তথাচ। কচিদুক্তৌ স্বশব্দেন ন দোষো ব্যভিচারিণঃ। অনুভাব বিভাবাভ্যাং রচনা যত্র নোচিতেতি ॥ ৬ ॥

স্মরদয়িতেতি। পুনঃ কিম্ভূতা সতী স্মরদয়িত নিকুঞ্জপ্রাঙ্গণে ব্যাবহাস্যাং বিশিষ্টাবহাসযুক্তায়াং সদসি সভায়াং বক্রিমাড়ম্বরেণ ব্রজনবযুবরাজং পরি-ভবন্তী পরাজয়মানা। স্মরস্য কামস্য দয়িতঃ প্রিয়োনিকুঞ্জ স্তস্য প্রাঙ্গণে

প্রণয়কারিণী ললিতাদেবীর দ্বারা মহৎ গর্ব্বে গর্ব্বিত হইয়া এবং অল্পমাত্র অনুমতিতেই শ্রীকৃষ্ণের দ্বারা স্বীয় বেশও শয্যা বিরচিত করিয়া ক্ষণকালও আমার নেত্রদ্বয়কে আনন্দিত কর ॥ ৬ ॥

হে রাধে! কন্দর্পের প্রিয়তম নিকুঞ্জ কাননের অঙ্গনে বিশিষ্ট পরিহাসযুক্ত সভা মধ্যে ব্রজনব যুবরাজ শ্রীকৃষ্ণকে বক্রোক্তি দ্বারা পরাজয় পূর্ব্বক সখী সমূহ কর্ত্তৃক সম্যক্

সদসি পরিভবন্তী সংস্তুতালীকুলেন
ক্ষণমপি মম রাধে নেত্রমানন্দয় ত্বং ॥ ৭ ॥
ক্বচন চ দর দোষাদ্দৈবতঃ কৃষ্ণজাতাৎ
সপদি বিহিতমানা মৌনিনী তত্র তেন।
প্রকটিত পটু চাটু প্রার্থ্যমানপ্রসাদা
ক্ষণমপি মম রাধে নেত্র মানন্দয় ত্বং ॥ ৮ ॥
পিতুরিহ বৃষভানোর্ভাগ্যভঙ্গী বকারেঃ
প্রণয়বিপিনভৃঙ্গী সঙ্গিনী তস্য দেবি।

ইত্যর্থঃ। অত এবালীকুলেন সখীসমূহেন সংস্তুতা সম্যক্ স্তুতা ॥ ৭ ॥

ক্বচনেতি। পুনঃ কিম্ভূতা সতী ক্বচন কুত্রচিৎ সময়ে দৈবতো দৈবাৎ কৃষ্ণ জাতাৎ দর দোষাৎ অল্প দোষাৎ..সপদি তৎ ক্ষণাদেব বিহিতমানা অতএব মৌনিনী কৃতমৌনা পুনঃ কিম্ভূতা সতী তত্র তৎক্ষণে তেন শ্রীকৃষ্ণেন প্রকটিতো যঃপটুচাটুস্তেন প্রার্থ্যমানঃ প্রসাদো যস্যাঃ সা। ইতি পঞ্চম্যন্যপদার্থ বহুব্রীহিঃ ॥ ৮ ॥

পিতুরিহেতি। পুনঃ কিম্ভূতা বৃষভানোঃ স্বপিতু র্ভাগ্যভঙ্গী চমৎকার সাধনোভাগ্যস্যাকৃতি বিশেষঃ। পুনঃ কিম্ভূতা বকারেঃ শ্রীকৃষ্ণস্য প্রণয়রূপ

স্তুতা হইয়া ক্ষণকালও আমার নেত্রদ্বয়কে আনন্দিত কর ॥৭

হে রাধে! কোন সময়ে দৈববশতঃ শ্রীকৃষ্ণের অত্যল্প অপরাধ দেখিয়া তুমি মান ধারণ পূর্ব্বক মৌনব্রত অবলম্বন করিয়া থাকিলে শ্রীকৃষ্ণ বিবিধ চাটুবাক্য দ্বারা তোমার প্রসন্নতা নিমিত্ত প্রার্থনা করিতে থাকিবেন, তুমি এতাদৃশ অবস্থাপন্না হইয়া ক্ষণকালও আমার নেত্রদ্বয়কে আনন্দিত কর ॥ ৮ ॥

হে কৃপাসাগরে! হে দেবি! তুমি এই ব্রজপুর মধ্যে নিজ-

নিজগণ কুমুদালেঃ কৌমুদী হা কৃপাব্ধে
ক্ষণমপি মম রাধে নেত্রমানন্দয় ত্বং ॥ ৯ ॥
নিরবধি গুণসিন্ধো ভদ্রসেনাদিবন্ধো
নিরুপম গুণবৃন্দপ্রেয়সীবৃন্দ মৌলে।
অতি কদন সমুদ্রে মজ্জতো হা কৃপাদ্রে

বিপিনস্য ভৃঙ্গী বিপিনে ভৃঙ্গীব সদা কৃষ্ণপ্রেমমগ্নেত্যর্থঃ। পুনঃ কিম্ভূতা হে দেবি ক্রীড়াবতি তস্য কৃষ্ণস্য সঙ্গিনী। পুনঃ কিম্ভূতা নিজগণকুমুদালেঃ কুমুদশ্রেণ্যাঃ কৌমুদী জ্যোৎস্না হা কৃপাসাগরে॥ ৯ ॥

নিরবধীতি। হে নির ধি গুণসিন্ধো ন বিদ্যতে অবধিঃ সীমা যস্য এবম্ভূতো যো নির্হেতু দয়া াদি গুণস্তস্য সিন্ধুঃ সমুদ্র ইত্যর্থঃ হে তথাবিধে। হে ভদ্রসেনস্য শ্রীকৃষ্ণস্য আদি বন্ধো স্বসজাতীয় সর্ব্ব সদ্গুণশালিনীত্বেন প্রথমমিত্র। শ্রীকৃষ্ণগুণ স াতীয়গুণবত্বেন শত্রু মিত্র উদাসীনতাভাব শূন্যতয়া মন্নেত্রানন্দ করণস্যাবশ্য তা ধ্বনিতা। নন্থ কৃষ্ণসম্বন্ধেনৈব যদ্যহং প্রার্থনীয়া তদা অন্যা অপি ত ; সম্বন্ধিন্যো বিদ্যন্তে কথং তা হিত্বা মামেব প্রার্থয়সে তত্রাহ। হে নিরুপম গুণবৃন্দ প্রেয়সী বৃন্দমৌলে নিরুপমং গুণবৃন্দং যস্য এবম্ভূতস্য প্রেয়সীবৃন্দস মৌলে ইত্যর্থঃ। মম কিম্ভূতস্য অতি কদন সমুদ্রে

পিতা বৃষভানু রাজার চৎকার সাধন স্বরূপ ভাগ্যের আকৃতি বিশেষ এবং ব াসুর হন্তা কৃষ্ণের বিপিনে ভৃঙ্গী তুল্য হইয়া তদীয় সঙ্গাভি াষিণী এবং নিজ সখীগণরূপ কুমুদ্ পুষ্পের কৌমুদী স্বরূ অতএব হে রাধে! ক্ষণ কালেও আমার নেত্রদ্বয়কে আনন্দিত কর ॥ ৯ ॥

হে অসীম গুণসিন্ধো! রাধিকে! তুমি শ্রীকৃষ্ণের আদি বন্ধু, এবং যাঁহাদিগের গুণরাশি নিরুপম সেই সখীবৃন্দের মুকুটমণি স্বরূপ, অতএব হে দয়াশালিনি! আমি অত্যন্ত

ক্ষণমপি মম রাধে নেত্রমানন্দয় ত্বং ॥ ১০ ॥
নটয়তি রুচিনান্দীমুন্নয়ন্ সূত্রধার
প্রবর ইব রসজ্ঞা নর্ত্তকীং রঙ্গরূপে ।
রসবতি দশকে ঽস্মিন্ প্রেমপূরাভিধে যঃ
স সপদি লভতে তৎ দ্বন্দ্বরত্নপ্রসাদং ॥ ১১ ॥

॥ * ॥ ইতি শ্রীপ্রেমপূরাভিধস্তোত্রং ॥ * ॥

অত্যন্ত দুঃখ রূপবারিধৌ মজ্জতো মগ্নস্য ॥ ১০ ॥

এতৎ পঠন ফলমাহ নটয়তীতি। যো রুচিনান্দীং উন্নয়ন্ অঙ্গী কুর্ব্বন্ সূত্রধার প্রবর ইব প্রেমপূরাভিধে ঽস্মিন্ দশকে রসজ্ঞা নর্ত্তকীং জিহ্বারূপ নটিনীং নটয়তি নর্ত্তয়তি স সপদি তৎ ক্ষণাদেব তদ্দ্বন্দ্বরত্নপ্রসাদং প্রসিদ্ধ রাধাকৃষ্ণ রূপরত্ন যুগ্ম কৃপাং লভতে ইত্যন্বয়ঃ। দশকে কিম্ভূতে রঙ্গ রূপে নাট্য যোগ্যস্থান রূপে পুনঃ কিম্ভূতে রসবতি রসবিশিষ্টে ॥ ১১ ॥

॥ * ॥ ইতি প্রেমপূরাভিধস্তোত্র বিবৃতিঃ ॥ * ॥

দুঃখরূপ সাগরে নিমগ্ন হইয়াছি, ক্ষণকালও আমার নেত্রদ্বয়কে আনন্দিত কর ॥ ১০ ॥

রঙ্গালয় স্বরূপ এই রসপূর্ণ "প্রেমপূর" নামক দশকে যে ব্যক্তি রুচিরূপ নান্দী অর্থাৎ নাটকের মঙ্গলাচরণ পূর্ব্বক, প্রকৃষ্ট সূত্রধারের ন্যায় জিহ্বারূপ নটিনীকে নৃত্য করান, অর্থাৎ যিনি প্রীতিপূর্ব্বক এই দশক পাঠ করেন তিনি শীঘ্রই যুগলরত্ন স্বরূপ শ্রীরাধাকৃষ্ণের প্রসাদ অর্জ্জন হয়েন ॥ ১১ ॥

॥ * ॥ ইতি প্রেমপূরাখ্যস্তোত্র সমাপ্ত ॥ * ॥

গ্রন্থকর্ত্তুঃ প্রার্থনা॥

সুবলসখাধরপল্লব সমুদিতমুগ্ধ মাধুরীলুব্ধাং।
রুচি জিতকাঞ্চনচিত্রাং কাঞ্চনচিত্রাং পিকীং বন্দে ॥১॥
বৃষরবিজাধরবিম্বী ফলরসপানোৎকমদ্ভুতং ভ্রমরং।

স্তবন সময়এব। অকস্মাদাবির্ভবন্তং তন্মিথুনং নমস্করোতি দ্বাভ্যাং। তত্র প্রথমতঃ শ্রীরাধিকাং নমতি সুবলেতি। কাঞ্চনখ্যাতাং চিত্রাং আশ্চর্য্যাং পিকীং কোকিলাং অর্থাৎ শ্রীরাধিকাং বন্দে নমামি। কিম্ভূতাং রুচিনা কান্ত্যা-জিতং কাঞ্চন ঘটিত চিত্রং যয়া তাং। পক্ষে কৃষ্ণবর্ণায়াঃ কোকিলায়াঃ কাঞ্চন-বর্ণত্বেন চিত্রতা। পুনঃ কিম্ভূতাং সুবলসখস্য শ্রীকৃষ্ণস্য যদধরপল্লবং তত্র সমুদিতং প্রকাশমানং যন্মধু তেন মুগ্ধা সুন্দরী যা মাধুরী মাধুর্য্যং তত্র লুব্ধাং। পক্ষে সুবলসখাধর ইব যৎ পল্লবং ইত্যাদি অন্যৎ সমানং॥ ১ ॥

ততঃ শ্রীকৃষ্ণং নমতি বৃষরবিজেতি। বৃষ রবিজাধর বিম্বীফল রসপানোৎ কমদ্ভুতং ভ্রমরং নৌমি স্তৌমি। বৃষরবি র্ব্বৃষভানু স্তস্মাজ্জাতা যা রাধিকা তস্যা যো হ্ধরঃ সএব বিম্বীফলং আরক্তফলবিশেষং তত্র যো রসস্তস্য পানায় উৎকং সাভিলাষমিত্যর্থঃ। ভ্রমরস্য ফলে রসপানাপ্রসিদ্ধে রদ্ভুত

যিনি সুবলসখা শ্রীকৃষ্ণের অধর পল্লব সমুদ্ভূত মধুর সুন্দর মাধুর্য্যে লুব্ধ হইয়াছেন এবং যিনি স্বীয় দেহ কান্তির প্রভায় সুবর্ণ রুচিকেও পরাজিত করিয়াছেন, সেই কাঞ্চনকোকিলা স্বরূপা শ্রীরাধিকাকে আমি বন্দনা করি॥ ১ ॥

যিনি বৃষভানুনন্দিনী শ্রীরাধার অধর রূপ বিম্বফলের-আস্বাদ-

ধৃতশিখিপিঞ্ছকচূলং পীতদুকূলং চিরং নৌমি ॥ ২
জিতঃ সুধাংশু র্যশসা মমেতি
গর্ব্বং মুধা মাবহ গোষ্ঠবীর।
তবারিনারীনয়নাম্বুপালী
জিগায়তাম্ভং প্রসভং যতোঽস্য ॥ ৩ ॥
কুঞ্জে কুঞ্জে পশুপবনিতাবাহিনীভিঃ সমন্তাৎ

ত্বং। ধৃতেতি ধৃতা পিঞ্ছকেন ময়ূরপুচ্ছেন সহিতা চূলা চূড়া যেনেত্যর্থঃ। পুনঃ কিম্ভূতং পীতে দুকূলে যস্য তং পরার্দ্ধার্থ সম্বন্ধেনাপি ভ্রমরস্যাদ্ভুতত্বং তত্তু স্পষ্টমেব ॥ ২ ॥

তদদ্যুব মিথুনাবির্ভাবানন্দিত হৃদয়ো ব্যাজস্তুত্যা শ্রীকৃষ্ণং স্তৌতি জিত ইতি। হে গোষ্ঠবীর মম যশসা সুধাংশুশ্চন্দ্রোজিত ইতি মুধা মিথ্যা গর্ব্ব মহঙ্কারং মা বহ তত্র কারণমাহ। যতস্তবারি নারীনয়নাম্বুপালী কর্ত্রী অস্য সুধাংশোঃ পিতরং সমুদ্রং প্রসভং হঠাৎ জিগায় জিতবতী। অরয়ঃ শত্রব স্তেষাং যা নার্য্যস্তাসাং যা নয়নজলশ্রেণীত্যর্থঃ। তন্মারিত শত্রুস্ত্রীণাং শোকাশ্রুভিঃ স্বপ্রাচুর্য্যেণ সমুদ্রস্তিরস্কৃত ইতি ব্যাজস্তুত্যলঙ্কারেণ উদাত্তা-লঙ্কারো ব্যঞ্জিতঃ উভৌ স্পষ্টৌ ॥ ৩ ॥

স্বানুভব তদ্যুগলসেবন সাক্ষাদনুভবে কালবিলম্বাসহমানঃ স্বাতিদৈন্যেন

নার্থ উৎসুক সেই আশ্চর্য্য ভ্রমররূপী ময়ূর পিচ্ছধারী পীতা-ম্বর শ্রীকৃষ্ণকে নমস্কার করি ॥ ২ ॥

হে গোষ্ঠবীর শ্রীকৃষ্ণ! "আমার যশোরাশি চন্দ্রকে জয় করিয়াছে" এই বলিয়া মিথ্যা গর্ব্ব আর বহন করিও না, যে হেতু তোমার শত্রুদিগের স্ত্রীগণের নেত্রস্থ অবিচ্ছিন্ন জল-ধারাই ঐ চন্দ্রের পিতা সমুদ্রকে জয় করিয়াছে ॥ ৩ ॥

হে সখি! সেনারূপ গোপপত্নীগণের সহিত শ্রীকৃষ্ণ

স্বৈরং কৃষ্ণঃ কুসুমধনুষোরাজ্যচর্চ্চাং করোতু।
এতৎ প্রার্থ্যং সখি মম যথা চিত্তহারী স ধূর্ত্তো
বদ্ধং চেতস্ত্যজতি কিমু বা প্রাণমোষং করোতি ॥ ৪ ॥

প্রার্থিত বিশেষং নিবেদয়তি। কুঞ্জে ইতি সখীতি স্বসঙ্গিনাং কস্যাপি সম্বোধনং ততঃ সখে ইত্যুক্তে আত্মনোঽত্তিকাতর্য্যেণ সখীতি প্রয়োগঃ। হে সখি স ধূর্ত্তঃ কৃষ্ণঃ কুঞ্জে কুঞ্জে পশুপবনিতাবাহিনীভি র্গোপস্ত্রীসেনাভিঃ সহ কুসুমধনুষঃ রাজ্যচর্চ্চাং স্বৈরং যথা স্যাত্তথা করোতু কিন্তু এতৎ প্রার্থ্যং কিং তত্ত্রাহ। চিত্তহারী স মম বদ্ধং চেতো যথা ত্যজতি কিমুবা মম প্রাণ-মোষং প্রাণনাশং যথা করোতি তথা বিহরত্বিতি অলভ্যবস্তু প্রতি চিত্তোৎকণ্ঠা কেবলং দুঃখবহেতি। দুঃখ জীবিতাত্ত্ব মরণমেব শ্রেয়ঃ ইতি চ দৈন্য পরা-কাষ্ঠেতি ধ্বনিঃ। কিন্ত্বিতি ন্যূনপদতাতু বিষদোক্তৌ দোষতাং ন বহতি ॥ ৪ ॥

কুঞ্জে২ ক্রমশঃ কন্দর্প রাজ্যের আলোচনা করিতেছেন করুন, কিন্তু আমার এই প্রার্থনা যে চিত্তচোর ধূর্ত্ত শ্রীকৃষ্ণ যদি প্রাণ চুরি করেন তাহাতে কষ্ট নাই, যেন, বদ্ধ মনকে ত্যাগ না করেন ॥ ৪ ॥

অথ স্বনিয়মদশকং ॥

শ্রীগৌরাঙ্গায় নমঃ ॥

গুরৌ মন্ত্রে নাম্নি প্রভুবর শচীগর্ব্ভজপদে
স্বরূপে শ্রীরূপে গণযুজি তদীয় প্রথমজে।
গিরীন্দ্রে গান্ধর্ব্বাসরসি মধুপুর্য্যাং ব্রজবনে

স্বভজন নিয়মস্ত সর্ব্বানুরাগানুগীয় মার্গান্তঃপাতিনো ভক্তজনান্ প্রত্যু-পদিশতি। গুরাবিত্যাদি পদ্যদশকেন। তত্র গুরাবিতি। গুর্ব্বাদিষু পরং নিযোজিতা যদ্বা পরমা মহতী মম রতিরস্তু ভবতু। পরং নিয়োগে তিতিক্ষায়া-মিতি মেদিনী। তদীয় প্রথমজে শ্রীরূপস্য প্রথমজে শ্রীসনাতনে। গিরীন্দ্রে গোবর্দ্ধনে। গান্ধর্ব্বাসরসি শ্রীরাধাকুণ্ডে। মনঃশিক্ষাদৈকাদশে গৃহীতা-নামপি গুর্ব্বাদীনামত্র পুনরুক্তিস্তত্র তত্র রতের্দৃঢ়তমাবশ্যকতা সূচনার্থা। এতেন শ্রীরাধাকৃষ্ণমন্ত্রং বৈধিবুদ্ধ্যা হেয়তয়োপেক্ষিতানামাধুনিকানাং স্বগণ মুখ্যানাং শ্রীযুক্ত দাসগোস্বামি পাদানাং শিক্ষিতাকরণে স্বতন্ত্রাভিলষিতত্বেন মহদুচ্ছৃঙ্খ-লতা সুব্যক্তেতি। ননু গুরাবিত্যাদ্যেক বচনান্তঃ পাতিনো গোষ্ঠালয়িষি-ত্যস্য বহুবচনান্তঃ প্রয়োগে বচন ক্রম ভঙ্গদোষঃ স্যাৎ। উচ্যতে। যত্রৌ চিত্য মর্য্যাদয়া ভগ্নক্রমরূপেণ শব্দঃ প্রযুজ্যতে তত্র ন দোষঃ। তথাচ অনৌ

শ্রীগুরুদেবে, তৎপ্রদত্ত মন্ত্রে, নাম বিষয়ে, শ্রীগৌরাঙ্গ পাদপদ্মে, স্বরূপগোস্বামিতে, শ্রীরূপগোস্বামিতে, তথা গণাগ্র গণ্য শ্রীরূপাগ্রজ শ্রীসনাতনগোস্বামিতে, পর্ব্বতরাজ গোব-র্দ্ধনে, শ্রীশ্রীরাধাকুণ্ডে, মথুরাপুরিতে, বৃন্দাবনে, গোষ্ঠে,

ব্রজে ভক্তে গোষ্ঠালয়িষু পরমাস্তাং মম রতিঃ ॥ ১ ॥
নচান্যত্র ক্ষেত্রে হরিতনু সনাথেপি সুজনা
দ্রসাস্বাদং প্রেম্না দধদপি বসামি ক্ষণমপি।
সমং ত্বেতদ্গ্রাম্যাবলিভিরভিতন্বন্নপি কথাং
বিধাস্যে সংবাসং ব্রজভুবন এব প্রতিভবং ॥ ২ ॥
সদা রাধাকৃষ্ণোচ্ছলদতুল খেলাস্থলযুজং

চিত্যাদৃতেনান্যত্রসভঙ্গস্য কারণামতি অত্রতু গোষ্ঠালয়িষিতি বহুবচনেন গোষ্ঠস্থ যাবদ্ব্যক্তিষু রতেরৌচিত্যং বিবক্ষিতমিতি ন দোষঃ ॥ ১ ॥

নম্বন্যত্র বদরিকাশ্রমাদৌ বহূনাং সিদ্ধানাং সমাজে রস তেনৈব সর্ব্বাভীষ্টসিদ্ধি র্ভবিষ্যতি। কিমনয়া ব্রজরতি প্রার্থনয়েত্যাহ নচেতি। হরিতনু সনাথে শ্রীকৃষ্ণ বিগ্রহযুক্তেঽপি অন্যত্র ক্ষেত্রে ক্ষণমপি ন বসামি। কিম্ভূতঃ সন্ সুজনাদ্বৈষ্ণ-বাৎ সকাশাৎ প্রেম্না রসাস্বাদং দধৎ কুর্ব্বন্নপি। তদা কিং কর্ত্তব্যং তত্রাহ প্রতিভবং প্রতিজন্ম ব্রজভুবন এব সংবাসং সম্যগ্বসতিং বিধাস্যে করিষ্যে। কিম্ভূতঃ সন্নপি এতস্মিন্ ব্রজে যা গ্রাম্যাবলয়ঃ অতিনিকৃষ্টজাতিশ্রেণয়স্তাভিঃ সমং সহ অভিসর্ব্বতোভাবেন কথাং তত্তদ্যোগ্য বার্ত্তাং তন্বন্নপি বিস্তারয়ন্নপি॥২

ভক্তে এবং ব্রজবাসিগণের প্রতি আমার পরম অনুরাগ নিত্য অবস্থান করুক ॥ ১ ॥

সদ্বৈষ্ণবের মুখ ক্ষরিত রস সপ্রেমে আস্বাদন পূর্ব্বক শ্রীকৃষ্ণবিগ্রহ যুক্ত হইলেও অন্যস্থানে ক্ষণকালও বাস করিব না, কিন্তু এই ব্রজভূমিতে গ্রাম্য অর্থাৎ ইতর জনের সহিতও গ্রাম্যালাপ করিতে করিতে জন্মে জন্মে বাস করিব ॥ ২ ॥

শ্রীকৃষ্ণ যদি স্বয়ং অনুমতিও করেন তথাপি, সর্ব্বদা যাহা

ব্রজং সংত্যজ্যৈতদ্যুগ বিরহিতোপি ত্রুটিমপি।
পুনর্দ্ধারাবত্যাং যদুপতিমপি প্রৌঢ়বিভবৈঃ
স্ফুরন্তং তদ্বাচাপি হি নহি চলামীক্ষিতুমপি॥ ৩॥
গতোন্মাদে রাধা স্ফুরতি হরিণা শ্লিষ্টহৃদয়া
স্ফুটং দ্বারাবত্যামিতি যদি শৃণোমি শ্রুতিতটে।

অহো জ্ঞাতং তবাভিপ্রেতং বরমত্রৈব তিষ্ঠামি। তথাপি তাদৃক্ পরিহাসাদি লীলারহিত শ্রীকৃষ্ণযুতং ক্ষেত্রং ন গচ্ছামীতি নহি নহীত্যাহ সদেতি। এতদ্যুগ বিরহিতোঽপি সন্ ব্রজং সংত্যজ্য পুনর্দ্ধারবত্যাং দ্বারকায়াং প্রৌঢ় বিভবৈঃ স্ফুরন্তং প্রকাশমানমপি যদুপতি মীক্ষিতুমপি তদ্বাচা অয়ে রঘুনাথ দাস কিমিত্যুদ্বিজসি অত্রাগত্য স্বাভীষ্টং পরিচর্য্যাং কুর্ব্বিতি প্রকারয়া তস্য যদুপতের্বাচাপি ত্রুটিমপি ক্ষণং সূক্ষ্মকালমপি নহি চলামি বসনস্য কা বার্ত্তা ইতি। এতয়ো রাধাকৃষ্ণয়োর্যুগং যুগলং তেন বিরহিতস্তৎ সাহিত্য রহিত ইত্যর্থঃ। ব্রজং কিম্ভূতং রাধাকৃষ্ণয়োরুচ্ছলন্ত্যঃ প্রবাহ ইব ধারাবাহিণ্যো যা অতুল খেলাস্তাসাং যানি স্থলানি তৈ র্যুক্তং যুক্তং॥ ৩॥

নমু শ্রীকৃষ্ণেনাদৃতশ্চেন্নচলসি তত্তবতঃ পরমালসতৈব সুব্যক্তেতি নহি নহি যতস্তত্র মৎপ্রাণেশ্বরী সম্বন্ধো নাস্তি অতস্তত্র ন গমনাকাঙ্ক্ষা কিন্তু প্রাণেশ্বরী সম্বন্ধো যত্র তত্রৈব গচ্ছামীত্যাহ গতোন্মাদৈরিতি। যদি দ্বারাবত্যাং

রাধাকৃষ্ণের ধারাবাহিক লীলা স্থানে সুশোভিত, সেই ব্রজধাম ত্যাগ করিয়া আমি বহুকাল যাবৎ কৃষ্ণবিরহী হইলেও প্রৌঢ় বিভবশালী যদুপতিকে দর্শন করিবার নিমিত্ত বাক্যদ্বারাও পুনর্ব্বার দ্বারাবতীতে ক্ষণকাল রহিতে পারি না॥ ৩

উন্মাদ বশতঃ শ্রীরাধিকা দ্বারকায় গমন পূর্ব্বক শ্রীকৃষ্ণ কর্ত্তৃক আলিঙ্গিত হইয়া সর্ব্বজন সমক্ষে শোভা পাইতেছেন,

তদাহং তত্রৈবোদ্ধতমতি পতামি ব্রজপুরাৎ
সমুড্ডীয় স্বান্তাধিকগতি খগেন্দ্রাদপি জবাৎ ॥ ৪ ॥
অনাদিঃ সাদির্ব্বা পটুরতিমৃদুর্ব্বা প্রতিপদ
প্রমীলৎ কারুণ্যঃ প্রগুণকরুণাহীন ইতি বা।

হরিণা শ্রীকৃষ্ণেন শ্লিষ্টহৃদয়া সতী স্ফুটং সর্ব্বজনগোচরং যথা ভবতি তথা যদি রাধা স্ফুরতীতি শ্রুতিতটে শৃণোমি তদা অহং স্বান্তাধিক গতি খগেন্দ্রাদপি জবাৎ বেগাৎ সমুড্ডীয় উদ্ধতমতি যথাস্যাত্তথা ব্রজপুরাত্তত্রৈব পতামীত্যন্বয়ঃ। স্বান্তং মনঃ তস্মাদধিকা গতি র্যস্য সচাসৌ খগেন্দ্রো গরুড়শ্চেতীত্যর্থঃ। নন্থ নিত্যং ব্রজস্থিতায়া রাধায়াঃ কুতো দ্বারকায়াং স্ফুরণং তত্রাহ। কিম্ভুতা রাধা উন্মাদে দ্বারকায়াং প্রকট বিহারিণং নন্দনন্দনং শ্রুত্বা অনবস্থিত চিত্ততাভিঃ কৃত্বা গতেতি ॥ ৪ ॥

নন্থ নরবরস্য নন্দনন্দনস্য পরিচর্য্যাকাঙ্ক্ষয়া কিং পরমেশ্বরং ভজেত্যাহ। অনাদিরিতি। ব্রজপতে র্নন্দস্যায়ং স্নুঃ পুত্রঃ প্রতিজনি প্রতিজন্ম গোষ্ঠে ব্রজে নত্বন্যত্র মম প্রভুবর আস্তাং ভবতু। নন্থ সপ্তর্ষীণামিব প্রধানাপ্রধানে বিচার্য্যৈব প্রভোঃ কর্ত্তব্যতেত্যাহ। সতু অনাদি র্ন বিদ্যতে আদিঃ কারণং যস্য সঃ স সর্ব্বাবতারী স্বয়ং ভগবানিত্যর্থঃ। সাদি আদিনা কারণেন সহ বর্ত্তমানোঽবতার ইত্যর্থঃ। পটুঃ সর্ব্বত্র নিপুণঃ মৃদুরনিপুণঃ প্রতিপদং প্রতি-

এই কথা যদি আমার শ্রুতিতটের গোচর হয়, তবেই মনোধিক দ্রুতগামী খগেন্দ্ররাজ গরুড় হইতেও সবেগে ব্রজপুর হইতে উড্ডীয়মান হইয়া উদ্ধত মনে শ্রীকৃষ্ণসমীপে গমন করি ॥ ৪ ॥

অনাদি অর্থাৎ আদি রহিত কিম্বা সাদি অর্থাৎ আদির সহিত বর্ত্তমান, পটু অথবা অতি মৃদু এবং প্রতিক্ষণে প্রকাশমান কারুণ্যশালী অথবা বিবিধ গুণ যুক্ত করুণা শূন্যই

মহাবৈকুণ্ঠেশাধিক ইহ নরো বা ব্রজপতে
রয়ং সূনুর্গোষ্ঠে প্রতিজনি মমাস্তাং প্রভুবরঃ ॥ ৫ ॥
অনাদৃত্যোদ্গীতামপি মুনিগণৈ র্বৈণিকমুখৈঃ
প্রবীণাং গান্ধর্ব্বামপি চ নিগমৈস্তৎপ্রিয়তমাং।
য একং গোবিন্দং ভজতি কপটী দাম্ভিকতয়া

ক্ষণং প্রমীলৎ প্রকাশমানং কারুণ্যং যস্য সঃ। প্রকৃষ্টো গুণো যস্যা হেতো-রেবম্ভূতয়া করুণয়া হীনঃ করুণারহিত ইত্যর্থঃ। মহাবৈকুণ্ঠস্য পরব্যোম্ন ঈশো যো নারায়ণ স্তস্মাদধিক উৎকৃষ্টঃ। নরো মানুষ ইত্যাদি বিচারো নাস্তীত্যর্থঃ ॥ ৫ ॥

নম্বনাদিঃ সাদি র্বেত্যাদি বচনেন তত্ত্ববিচারে কিমিতি কুণ্ঠো ভবসি তত্ত্ববাদিনং গত্বা পৃচ্ছ ত্বদভীষ্টদেবস্যৈব সর্ব্বাবতারিত্বং সেৎস্যতীত্যত্রাহ অনা-দৃত্যেতি। যো গান্ধর্ব্বাং শ্রীরাধামনাদৃত্য একং কেবলং গোবিন্দং ভজতি তদভ্যর্ণে নিকটে ক্ষণমপি ন যামীতি ব্রতং মমেত্যন্বয়ঃ। তত্ত্ববাদীতু ন রাধা ভজনং জানাতীতি ভাবঃ। গান্ধর্ব্বাং কিম্ভূতাং বৈণিকমুখৈ র্নারদাদিভি র্মুনিগণৈ র্নিগমৈ র্বেদৈরপ্যুদ্গীতাং অতএব প্রবীণাং সর্ব্বশ্রেষ্ঠাং। পুনঃ কিম্ভূতাং তস্য শ্রীকৃষ্ণস্য প্রিয়তমাং। যো ভজতি স কিম্ভূতঃ দাম্ভিকতয়া

হউন্ পরব্যোমেশ্বর নারায়ণ হইতেও শ্রেষ্ঠ সেই নররূপী ব্রজরাজ নন্দন শ্রীকৃষ্ণই এই ব্রজধামে জন্মে জন্মে আমার প্রভুবর হউন ॥ ৫ ॥

বীণাবাদক নারদাদি মুনিগণ নিগম অর্থাৎ বেদে যাঁহাকে গান করিয়াছেন, সেই প্রবীণা গান্ধর্ব্বা কৃষ্ণপ্রিয়তমা শ্রীরাধিকাকে দাম্ভিকতাবশতঃ অনাদরপূর্ব্বক যে কপটী কেবল গোবিন্দের ভজনা করে তাহার অপবিত্র সমীপ

তদভ্যর্ণে শীর্ণে ক্ষণমপি ন যামি ব্রতমিদং ॥ ৬ ॥
অজাণ্ডে রাধেতি স্ফুরদভিধয়াসিক্ত জনয়া
হনয়া সাকং কৃষ্ণং ভজতি য ইহ প্রেমনমিতঃ।
পরং প্রক্ষাল্যোতচ্চরণকমলে তজ্জলমহো
মুদা পীত্বা শশ্বচ্ছিরসি চ বহামি প্রতিদিনং ॥ ৭ ॥
পরিত্যক্তঃ প্রেয়োজন সমুদয়ৈর্বাঢ়মসুধী
র্দুরন্ধোনীরন্ধ্রং কদনভরবার্দ্ধৌ নিপতিতঃ।

কপটী নতু সিদ্ধান্তজ্ঞঃ। অভ্যর্ণে কিম্ভূতে শীর্ণে বিশীর্ণে অসংস্কৃতে ইতি যাবৎ॥৬

নমু বাসে বহূনাং কলহ ইতি দিশা নিঃসঙ্গং ভজনং প্রার্থ্যতে ভদ্রং ভদ্রমিতি নহীত্যাহ অজাণ্ডে ইতি। অজাণ্ডে অনয়া সহ যঃ কৃষ্ণং ভজতি এতস্য চরণকমলে কেবলং প্রক্ষাল্য অহো তার্কিকাঃ প্রেম নমিতঃ সন্ তজ্জলং মুদা হর্ষেণ পীত্বা প্রতিদিনং শশ্বন্নিরন্তরং শিরসিচ বহামীত্যন্বয়ঃ। অনয়া কয়া রাধা ইতি স্ফুরন্তী সর্ব্বত্র খ্যাতিমাপ্তা যা অভিধা নাম তয়া। সিক্তা অমৃতেনৈব সুতর্পিতা জনা লোকা যয়া তয়া গান্ধর্ব্বয়েত্যর্থঃ ॥ ৭ ॥

বিনা রাধাপ্রসাদেন হরিভক্তিঃ সুদুর্ল্লভেতি দিশা তৎ প্রাপ্ত্যৈব কৃষ্ণ প্রাপ্তিঃ সুকরেত্যাহ পরিত্যক্ত ইতি। দন্তৈর্দশনৈস্তৃণং দষ্ট্বা চটুভিঃ কাত-

দেশে আমি ক্ষণকাল মাত্রও গমন করি না, ইহাই আমার স্থির ব্রত ॥ ৬ ॥

এই ব্রহ্মাণ্ড মধ্যে যাঁহার "রাধা" এই স্ফূর্ত্তি যুক্ত নাম শ্রবণে নিখিল মনুষ্য প্রেমরসে অভিষিক্ত হয়, এই শ্রীরাধার সহিত শ্রীকৃষ্ণকে যে ব্যক্তি প্রেমনমিত হইয়া উপাসনা করে, অহে তার্কিক সকল! আমি তাঁহার চরণদ্বয় প্রক্ষালন পূর্ব্বক পবিত্র জল সহর্ষে পান করিয়া নিরন্তর মস্তকে প্রতিদিন ধারণ করি ॥ ৭ ॥

আমি স্বীয় প্রিয়তম বন্ধুগণ কর্ত্তৃক পরিত্যক্ত হইয়া

তৃণং দন্তৈর্দষ্ট্বা চটুভিরভিযাচেঽদ্য কৃপয়া
স্বয়ং শ্রীগান্ধর্ব্বা স্বপদনলিনান্তং নয়তু মাং ॥ ৮ ॥
ব্রজোৎপন্নক্ষীরাশন বসন পাত্রাদিভিরহং
পদার্থৈ র্নির্ব্বাহ্য ব্যবহৃতিমদম্ভং সনিয়মঃ।

রোক্তিভিরভিযাচে। যাচনমাহ গান্ধর্ব্বা শ্রীরাধা স্বয়ং স্বপদ নলিনান্তং স্বপাদ পদ্মনিকটং মাং নয়তু প্রাপয়তু। কালবিলম্বাসহনাৎ স্বশব্দ প্রয়োগঃ। কিম্ভূতঃ সন্ যাচে ইতি দৈন্যসূচকানি বিশেষণান্যাহ পরিত্যক্ত ইত্যাদি। প্রেয়োজন সমুদয়ৈঃ স্বস্যাপ্রকটতাং কুর্ব্বদ্ভিঃ শ্রীস্বরূপসনাতন রূপগোস্বামিভিস্ত্যক্তঃ মাং পরিত্যজ্য তেষামপ্রকটত্বেন বঞ্চিত। তেষামদর্শন সময় এব ভবতাপ্যনশনাদিনা তৎ সঙ্গিতা কিং ন প্রাপ্তা তত্রাহ অসুধীঃ অসৌ প্রাণ ধারণে ধীর্বুদ্ধি র্যস্য অতএব দুরন্ধঃ ভদ্রাভদ্র জ্ঞানশূন্যঃ অতএব রুদন-ভরবার্দ্ধৌ দুঃখসমুদ্রে নীরন্ধ্রমনবকাশং যথাস্যাত্তথা নিপতিতঃ ॥ ৮ ॥

অন্যদপি নিয়মনং শৃণ্বিত্যাহ ব্রজেতি। ব্রজে উৎপন্নানি যানি ক্ষীরাণি অশনানি ভোজন দ্রব্যাণি বসনানি বস্ত্রাণি তৈঃ পদার্থৈরহং অদম্ভমনহঙ্কারং যথাস্যাত্তা ব্যবহৃতিং ব্যবহারং নির্ব্বাহ্য স নিয়মঃ সন্ ঈশাকুণ্ডে রাধাকুণ্ডে গিরিকুলবরেচ গোবর্দ্ধনে বসামি সময়ে প্রাণবিয়োগকালে জীবাদি পুরতঃ

অত্যন্ত দুরন্ধ অর্থাৎ হিতাহিত জ্ঞান শূন্য হইয়াছি সুতরাং নিরতিশয় দুঃখার্ণবে মগ্ন হওত প্রাণ ধারণে সচেষ্ট হইয়া দন্তে তৃণ ধারণ পূর্ব্বক নিরন্তর কাকুতি দ্বারা প্রার্থনা করিতেছি যে, অদ্য স্বয়ং গান্ধর্ব্বা শ্রীরাধা আমাকে স্বীয় পাদপদ্ম সমীপে আনয়ন করুন, তাহা হইলে শ্রীকৃষ্ণ প্রাপ্তি অনায়াসেই হইবে ॥ ৮ ॥

আমি অহঙ্কার শূন্য হইয়া ব্রজোৎপন্ন ক্ষীরাদি ভোজনীয় দ্রব্য ও পরিধেয় বস্ত্রাদি দ্বারা আহার ব্যবহারাদি নির্ব্বাহ

বসামীশাকুণ্ডে গিরিকুলবরে চৈব সময়ে
মরিষ্যেতু প্রেষ্ঠে সরসি খলু জীবাদিপুরতঃ ॥ ৯ ॥
স্ফুরল্লক্ষ্মীলক্ষ্মীব্রজবিজয়িলক্ষ্মীভরলস
দ্বপুঃ শ্রীগান্ধর্ব্বা স্মরনিকর দিব্যদ্গিরিভৃতোঃ।
বিধাস্যে কুঞ্জাদৌ বিবিধ বরিবস্যাঃ সরভসং

শ্রীজীবগোস্বাম্যাদীনাং সম্মুখে খলু এব প্রেষ্ঠে সরসি ঈশাকুণ্ডেতু পুন র্ম্মরিষ্যে ইত্যন্বয়ঃ ॥ ৯ ॥

অন্যদপি শৃণ্বিত্যাহ স্ফুরল্লক্ষ্মীতি। স্ফুরল্লক্ষ্মী লক্ষ্মী ব্রজবিজয়ি লক্ষ্মীভর লস দ্বপুঃ শ্রীগান্ধর্ব্বা স্মরনিকর দিব্যদ্গিরিভৃতো র্বিবিধ বরিবস্যাঃ পরিচর্য্যাঃ সরভসং সশ্লাঘং যথাস্যাত্তথা কুঞ্জাদৌ রহ একান্তে বিধাস্যে ইত্যন্বয়ঃ। স্ফুরন্তী লক্ষ্মীঃ শোভা যেষাং এবম্ভূতা যে লক্ষ্মীব্রজা লক্ষ্মীসমূহাস্তেষাং বিজয়ী যো লক্ষ্মীভরঃ শোভাতিশয় স্তেন লসৎ শোভমানং বপুঃ শরীরং যস্যা এবম্ভূতা যা গান্ধর্ব্বা রাধা সাচ স্মরনিকরাৎ কন্দর্পসমূহাদপি দীব্যন্ শোভমানো যো গিরিভৃৎ শ্রীকৃষ্ণঃ সচ তয়োরিত্যর্থঃ। কিম্ভূতঃ সন্ শ্রীরূপ আখ্যা যস্য তস্য প্রিয়তম জনস্য চরমঃ পশ্চাদ্গামী সন্। যদ্বা শ্রীরূপ এব অর্থাত্তয়োঃ প্রিয়তমজন

করত, নিয়ম পূর্ব্বক পর্ব্বতরাজ গোবর্দ্ধনের সন্নিহিত রাধাকুণ্ডতীরেই বাস করি এবং মরণ সময়ে শ্রীজীবগোস্বামি প্রভৃতিরসম্মুখে প্রিয়তম রাধাকুণ্ডের তীরেই প্রাণত্যাগ করিব ॥৯

যাঁহার সুশোভিত অঙ্গলাবণ্য, দেদীপ্যমান শোভারও জয় শীল নিখিল শোভাকে অর্থাৎ অনেক পরম শোভাকেও জয় করিয়াছে সেই শ্রীরাধিকার এবং সৌন্দর্য্যগুণে নিখিল কন্দর্প বিজেতা গোবর্দ্ধনধারি শ্রীকৃষ্ণকেও, আমি নিকুঞ্জ প্রভৃতি নির্জনস্থানে, শ্রীরূপগোস্বামি রূপ প্রিয়তমের পশ্চাদ্-

রহঃ শ্রীরূপাখ্য প্রিয়তম জনস্যৈব চরমঃ ॥ ১০ ॥
কৃতং কেনাপ্যেতন্নিজনিয়ম শংসি স্তবমিমং
পঠেদ্যোবিস্রব্ধঃ প্রিয়যুগলরূপে হর্পিতমনাঃ।
দৃঢ়ং গোষ্ঠে হৃষ্টোবসতি বসতিং প্রাপ্য সময়ে
মুদা রাধাকৃষ্ণৌ ভজতি সহিতেনৈব সহিতঃ ॥ ১১ ॥
॥ * ॥ ইতি শ্রীস্বনিয়ম দশকং সম্পূর্ণং ॥ * ॥

স্তস্যৈব চরম ইতি ॥ ১০ ॥

এতৎ পঠন ফলমাহ কৃতমিতি। কেনাপি ক্ষুদ্রেণ কৃতং ইমং নিজনিয়ম শংসি স্তবং নিজ নিয়মসূচক স্তোত্রং বিস্রব্ধঃ কৃতবিশ্বাসঃ সন্ যঃ পঠেৎ স হি দৃঢ়ং যথাস্যাত্তথা প্রিয়যুগলরূপে প্রেমাস্পদযুগলরূপে রাধাকৃষ্ণ যুগ্ম স্বরূপেঽর্পিতমনাঃ সন্ হৃষ্টঃ সন্ গোষ্ঠে বসতৌ ভবনে যা বসতি র্নিবাসস্তাং প্রাপ্যেতি কাদাচিৎকো নিবাসঃ পরিহৃতঃ। সময়ে পরিচরণকালে তেনানুভূতেন শ্রীরূপেণ সহিতঃ সন্ মুদা হর্ষেণ রাধাকৃষ্ণৌ ভজতীত্যন্বয়ঃ ॥ ১১ ॥

॥ * ॥ ইতি শ্রীস্বনিয়মদশক বিবৃতিঃ ॥ * ॥

গামী হইয়া সহর্ষে পূজাদি বিবিধ কার্য্য করিব ॥ ১০ ॥

কোন ক্ষুদ্রতম ব্যক্তি কর্ত্তৃক বিরচিত এই স্বীয় নিয়ম সূচক স্তোত্রকে বিশ্বস্ত মনে যে ব্যক্তি পাঠ করে সেই ব্যক্তি অত্যন্ত হৃষ্ট হইয়া ব্রজ ভবনে বসতি সুখ লাভ করিয়া এবং শ্রীরাধাকৃষ্ণ যুগলরূপে চিত্তার্পণ করত সেই শ্রীরূপের সহিত সহর্ষে রাধাকৃষ্ণকে ভজনা করে ॥ ১১ ॥

॥ * ইতি স্বনিয়ম দশক সম্পূর্ণ ॥ * ॥

অথ শ্রীরাধিকাষ্টোত্তরশতনামস্তোত্রং ॥

শ্রীগান্ধর্ব্বায়ৈ নমঃ ॥
অবীক্ষ্যাত্মেশ্বরীং কাচিদ্বৃন্দাবনমহেশ্বরীং ।
তৎপদাম্ভোজমাত্রৈকগতির্দাস্যতি কাতরা ॥ ১ ॥
পতিতা তৎ সরস্তীরে রুদত্যার্ত্তরবাকুলং ।
তচ্ছ্রীবক্ত্রেক্ষণাবাপ্ত্যৈ নামান্যেতানি সংজগৌ ॥ ২ ॥
রাধা গান্ধর্ব্বিকা গোষ্ঠযুবরাজৈককামিতা ।
গান্ধর্ব্বা রাধিকা চন্দ্রকান্তি র্মাধবসঙ্গিনী ॥ ৩ ॥

শ্রীরাধিকা নামাষ্টোত্তর শতবর্ণন প্রয়োজনং স্বয়মেব কথয়তি। অবীক্ষ্যে-ত্যাদি দ্বাভ্যাং। কাচিদ্দাসী বৃন্দাবনেশ্বরীং অবীক্ষ্য ন দৃষ্ট্বাতিকাতরা সতী তৎসরস্তীরে রাধাকুণ্ডতীরে পতিতা আর্ত্তরবাকুলং যথাস্যাত্তথা রুদতী সতী এতানি নামানি সংজগৌ গীতবতীতি পর শ্লোকে ক্রিয়া সম্বন্ধঃ। দাসী কিম্ভূতা তস্যাঃ আত্মেশ্বর্য্যাঃ পাদাম্ভোজমাত্রং একা অদ্বিতীয়া গতির্যস্যাঃ সা ॥১
পতিতেতি। তস্যা আত্মেশ্বর্য্যাঃ শ্রীবক্ত্রস্য যদীক্ষণং দর্শনং তদাপ্ত্যৈ তৎপ্রাপ্ত্যৈ ॥ ২ ॥
গোষ্ঠ যুবরাজে শ্রীকৃষ্ণে একমদ্বিতীয়ং কামিতমভিলষিতং যস্যা ইত্যেকং নাম। গান্ধর্ব্বিকা গন্ধর্ব্বোদ্ভবা গান্ধর্ব্বা গাননিপুণা। গান্ধর্ব্বারাধিকেতি চ নাম দ্বয়মেতেন ষণ্নামানি ॥ ৩ ॥

কোন একটী দাসী, আত্মেশ্বরী শ্রীরাধিকাকে দেখিতে না পাইয়া, রাধাকুণ্ডতীরে পতিত হইয়া সেই শ্রীরাধার পাদ-পদ্মকেই একমাত্র আশ্রয়করত অতি কাতরে শ্রীরাধিকা মুখ-পদ্ম দর্শনার্থ, অত্যন্ত আকুল চিত্তে রোদন করিয়া এই বক্ষ্য-মাণ নাম গুলি কীর্ত্তন করিয়াছিলেন ॥ ১ ॥ ২ ॥
রাধা। ১। গান্ধর্ব্বিকা। ২। গোষ্ঠযুবরাজৈককামিতা।৩ গান্ধর্ব্বারাধিকা। ৪। চন্দ্রকান্তি। ৫। মাধবসঙ্গিনী।৬ ॥ ৩॥

দামোদরাদ্বৈতসখী কার্ত্তিকোৎকীর্ত্তিদেশ্বরী।
মুকুন্দদয়িতা বৃন্দধম্মিল্লমণিমঞ্জরী ॥ ৪ ॥
ভাস্করোপাসিকা বার্ষভানবী বৃষভানুজা।
অনঙ্গমঞ্জরী জ্যেষ্ঠা শ্রীদামাবরজোত্তমা ॥ ৫ ॥
কীর্ত্তিদাকন্যকা মাতৃস্নেহপীযূষপুত্রিকা।
বিশাখাসবয়াঃ প্রেষ্ঠবিশাখা জীবিতাধিকা ॥ ৬ ॥

দামোদরেতি। অধিষ্ঠাত্রীত্বেন কার্ত্তিকস্য তন্নাম মাসবিশেষস্য উৎকৃষ্ট কীর্ত্তিদা সা চাসৌ ঈশ্বরী চেতীতি নামৈকং। মুকুন্দদয়িতাবৃন্দস্য যে ধম্মিল্লাস্তত্র মণিমঞ্জরীতি নামৈকং তেনাত্র ত্রীণি নামানি ॥ ৪ ॥

ভাস্করেতি। ভাস্করং সূর্য্যং উপাস্তে ভাস্করোপাসিকা বৃষভানোঃ কন্যা-বার্ষভানবী বৃষভানোর্জাতা প্রাদুর্ভূতা বৃষভানুজা অনঙ্গমঞ্জর্য্যা জ্যেষ্ঠা শ্রীদাম্নোঽবরজা কনিষ্ঠা উত্তমা সর্ব্বশ্রেষ্ঠা অত্র ষণ্নামানি ॥৫ ॥

কীর্ত্তিদেতি কীর্ত্তিদায়া এতন্নাম্ন্যা গোপিকায়াঃ কন্যকা মাতুঃ স্নেহএব পীযূষমমৃতং তস্য পুত্রিকা তদ্ঘটিত পুত্তলিকেত্যর্থঃ। বিশাখায়াঃ সবয়াঃ সখীপ্রেষ্ঠং যদ্বিশাখাজীবিতং জীবনং তস্মাদধিকা ইতি চত্বারি ॥ ৬ ॥

দামোদরাদ্বৈতসখী ।৭। কার্ত্তিকোৎকীর্ত্তিদেশ্বরী।৮। মুকুন্দদয়িতাবৃন্দধম্মিল্ল মণিমঞ্জরী অর্থাৎ যিনি মুকুন্দদয়িতা বৃন্দের একত্র সংবদ্ধকেশে মণিমঞ্জরী স্বরূপা ৯ ॥ ৪ ॥

ভাস্করোপাসিকা ।১০। বার্ষভানবী। ১১। বৃষভানুজা ।১২ অনঙ্গমঞ্জরী জ্যেষ্ঠা ।১৩। শ্রীদামাবরজা ।১৪। উত্তমা ১৫ ॥৫ ॥

কীর্ত্তিদাকন্যকা । ১৬। মাতৃস্নেহপীযূষ পুত্রিকা। ১৭। বিশাখাসবয়া। ১৮। প্রেষ্ঠবিশাখা জীবিতাধিকা। ১৯ ॥ ৬॥

প্রাণাদ্বিতীয়ললিতা বৃন্দাবনবিহারিণী।
ললিতাপ্রাণলক্ষৈকরক্ষা বৃন্দাবনেশ্বরী ॥ ৭ ॥
ব্রজেন্দ্রগৃহিণী কৃষ্ণপ্রায় স্নেহনিকেতনং।
ব্রজগোগোপগোপালী জীবমাত্রৈকজীবনং ॥ ৮ ॥
স্নেহলাভীররাজেন্দ্রা বৎসলাচ্যুতপূর্ব্বজা।

প্রাণেতি। প্রাণানামদ্বিতীয়া ললিতা যস্যাঃ সা। ললিতায়াঃ প্রাণলক্ষেণ একং কেবলং রক্ষা যস্যাঃ সা অত্র চত্বারি ॥ ৭ ॥

ব্রজেন্দ্রেতি। ব্রজেন্দ্রগৃহিণ্যা যশোদায়াঃ কৃষ্ণপ্রায়ঃ শ্রীকৃষ্ণ ইব স্নেহ নিকেতনং গৃহং। ব্রজে যানি গাবশ্চ গোপাশ্চ গোপাল্যো গোপ্যশ্চ জীব মাত্রাণিচ তেষামেক জীবনং ইত্যেকং নাম এতেনাত্রনাম দ্বয়ং ॥ ৮ ॥

স্নেহলেতি। স্নেহং লাতি গৃহ্লাতীতি স্নেহলঃ স্নেহযুক্ত আভীর রাজেন্দ্রো-নন্দো যত্র সা। বৎসলো বাৎসল্যোদ্ভূত স্নেহযুক্তোঽচ্যুতস্য শ্রীকৃষ্ণস্য পূর্ব্বজো

প্রাণাদ্বিতীয় ললিতা অর্থাৎ ললিতা সখী যাঁহার অদ্বিতীয় প্রাণস্বরূপা। ২০। বৃন্দাবনবিহারিণী। ২১। ললিতাপ্রাণলক্ষৈকরক্ষা অর্থাৎ ললিতার লক্ষ প্রাণ দ্বারা কেবলমাত্র যাঁহার রক্ষা হইতেছে। ২২। বৃন্দাবনেশ্বরী। ২৩ ॥ ৭ ॥

ব্রজেন্দ্রগৃহিণী কৃষ্ণপ্রায় স্নেহনিকেতন অর্থাৎ ব্রজেন্দ্র গৃহিণী যশোদার কৃষ্ণতুল্য স্নেহাস্পদ। ২৪। ব্রজ গো গোপ গোপালী জীবমাত্রৈক জীবনং অর্থাৎ ব্রজধাম, গো, গোপ, গোপী এবং জীবমাত্রের এক জীবন স্বরূপা। ২৫ ॥ ৮ ॥

স্নেহলাভীররাজেন্দ্রা অর্থাৎ আভীর রাজেন্দ্র নন্দরাজ যাঁহাতে নিরতিশয় স্নেহ করিয়া থাকেন। ২৬। বৎসলাচ্যুতাপূর্ব্বজা অর্থাৎ শ্রীকৃষ্ণের পূর্ব্বজ বলদেব যাঁহাতে বাৎসল্যযুক্ত।২৭। গোবিন্দপ্রণয়াধারসুরভীসেবনোৎসুকা অর্থাৎ

গোবিন্দপ্রণয়াধারস্থরভীসেবনোৎস্থকা ॥ ৯ ॥
ধৃতনন্দীশ্বরক্ষেমগমনোৎকণ্ঠিমানসা।
স্বদেহাদ্বৈততাদৃষ্টধনিষ্ঠাধ্যেয়দর্শনা ॥ ১০ ॥
গোপেন্দ্রমহিষীপাকশালাবেদিপ্রকাশিকা।
আয়ুর্বর্দ্ধকরাদ্ধান্না রোহিণীঘ্রাতমস্তকা ॥ ১১ ॥

বলরামো যত্র সা। গোবিন্দস্য প্রণয়াধারঃ প্রেমপাত্রং যা স্থরভী তস্যাঃ সেবনে উৎস্থকা ইতি অত্র ত্রীণি ॥ ৯ ॥

ধৃতেতি। ধৃতং নন্দীশ্বরে ক্ষেমগমনায় উৎকণ্ঠি সোৎকণ্ঠং মানসং যয়া সা ইত্যেকং। স্বদেহস্যাদ্বৈততা অদ্বিতীয়ত্বং দৃষ্টা যয়া এবম্ভূতয়া ধনিষ্ঠয়া ধ্যেয়মভিকাঙ্ক্ষিতং দর্শনং যস্যাঃ সা ইত্যেকঞ্চ ইত্যত্র নাম দ্বয়ং ॥ ১০ ॥

গোপেন্দ্রেতি। গোপেন্দ্রস্য নন্দস্য মহিষী শ্রীযশোদা তস্যা যা পাকশালাবেদী তাং প্রকাশয়তি যা সেত্যেকং। আয়ুষোবর্দ্ধকং রাদ্ধান্নং সিদ্ধান্নং যস্যাঃ সা ইত্যেকং। রোহিণ্যা বলদেবজনন্যা আঘ্রাতো মস্তকো যস্যাঃ সেতি চৈকং এতেনাত্র ত্রীণি ॥ ১১ ॥

।কৃষ্ণের প্রণয়ভাজন স্থরভির সেবাকার্য্যে যিনি নিয়ত উৎসাহ করেন। ২৮ ॥ ৯ ॥

ধৃতনন্দীশ্বরক্ষেম গমনোৎকণ্ঠিমানসা। অর্থাৎ যাঁহার মনঃ নন্দীশ্বরে ক্ষেমগমনে সদা উৎকণ্ঠিতা।২৯। স্বদেহাদ্বৈততা দৃষ্টধনিষ্ঠাধ্যেয়দর্শনা অর্থাৎ স্বশরীরের অদ্বৈত অর্থাৎ এক শরীরা ধনিষ্ঠা যাঁহার দর্শনকে ধ্যান করেন। ৩০ ॥ ১০ ॥

গোপেন্দ্রমহিষীপাকশালাবেদিপ্রকাশিকা অর্থাৎ নন্দরাজ মহিষী শ্রীযশোদাদেবীর পাকশালার বেদিকে যিনি প্রকাশিত করেন। ৩১। আয়ুর্বর্দ্ধকরাদ্ধান্না অর্থাৎ যাঁহার সিদ্ধান্ন পরমায়ুর বৃদ্ধিকর।৩২। রোহিণীঘ্রাতমস্তকা অর্থাৎ রোহিণী দেবী যাঁহার মস্তকাঘ্রাণ করেন। ৩৩। ১১ ॥

স্থবলন্যস্তসারূপ্যা স্থবলপ্রীতিতোষিতা।
মুখরাদৃক্ স্থধানপ্তী জটিলাদৃষ্টিভীষিতা ॥ ১২ ॥
মধুমঙ্গলনর্ম্মোক্তি জনিতস্মিতচন্দ্রিকা।
পৌর্ণমাসীবহিঃ খেলৎ প্রাণপঞ্জরসারিকা ॥ ১৩ ॥
স্বগণাদ্বৈত জীবাতুঃ স্বীয়াহঙ্কারবর্দ্ধিনী।

স্থবলেতি। স্থবলে তন্নাম গোপবালকে ন্যস্তং সারূপ্যং যয়া সেত্যেকং স্থবল প্রীত্যা তোষিতা সন্তুষ্টেত্যেকং। মুখরায়া দৃশোঃ স্থধামৃতরূপা নপ্তী-ত্যেকং জটিলায়া দৃষ্ট্যা ভীষিতা প্রাপ্তভয়েতি চেত্যেকমেতেনাত্র চত্বারি ॥১২ ॥
মধ্বিবতি। মধুমঙ্গলস্য নর্ম্মোক্ত্যা কৌতুকবাচা জনিতা প্রাদুর্ভূতা স্মিত রূপা চন্দ্রিকা জ্যোৎস্না যস্যাঃ সেত্যেকং। পৌর্ণমাস্যা এতন্নাম্ন্যা দেব্যা বহিঃ খেলন্তী যা প্রাণরূপ পঞ্জরস্য সারিকা সেতি চৈকমেতেনাত্র দ্বে ॥ ১৩ ॥
স্বগণেতি। স্বগণস্যাদ্বৈতঃ অদ্বিতীয় রূপা জীবাতুঃ জীবনোপায়েত্যেকং।

স্থবলন্যস্ত সারূপ্যা অর্থাৎ স্থবলেতেই যাঁহার সারূপ্য প্রতীয়মান হয় ।৩৪। স্থবল প্রীতিতোষিতা অর্থাৎ স্থবলের সন্তোষ হইলেই যিনি সন্তুষ্টা হন। ৩৫। মুখরাদৃক্ স্থধা নপ্তী অর্থাৎ মুখরার চক্ষুতে যিনি স্থধাস্বরূপা নপ্তী। ৩৬। জটিলা দৃষ্টিভীষিতা অর্থাৎ যিনি জটিলার দর্শনে সাতিশয় ভীতা হন্। ৩৭ ॥ ১২ ॥

মধুমঙ্গলনর্ম্মোক্তিজনিতস্মিতচন্দ্রিকা অর্থাৎ মধুমঙ্গলের নর্ম্মবাক্যে যাঁহার ঈষৎহাস্যরূপ জ্যোৎস্না প্রকাশিত হয়। ৩৮। পৌর্ণমাসীবহিঃ খেলৎ প্রাণ পঞ্জর সারিকা অর্থাৎ যাঁহার প্রাণ পঞ্জরস্থ সারিকা পৌর্ণমাসীদেবীর বহির্দেশে খেলা করিতেছে। ৩৯ ॥ ১৩ ॥

স্বগণাদ্বৈত জীবাতু অর্থাৎ যিনি স্বীয় সখীবর্গের জীব-

স্বগণোপেন্দ্রপাদাব্জস্পর্শ লম্ভনহর্ষিণী ॥ ১৪ ॥
স্বীয় বৃন্দাবনোদ্যানপালিকী কৃতবৃন্দকা।
জ্ঞাত বৃন্দাটবী সর্ব্বলতাতরু মৃগদ্বিজা ॥ ১৫ ॥
ঈষচ্চন্দন সংঘৃষ্ট নবকাশ্মীরদেহভাঃ।

স্বীয়ানামহঙ্কারং বর্দ্ধয়তীতি যা সেত্যেকং স্বগণেন সহ. উপেন্দ্রপাদাব্জস্য স্পর্শ-লম্ভনেন লব্ধ্যা হর্ষিণী জাতহর্ষা। যদ্বা স্বগণস্য যদুপেন্দ্রপাদাব্জ স্পর্শলম্ভনং তেন হর্ষিণীত্যেকমেতেনাত্র ত্রীণি ॥ ১৪ ॥

স্বীয়েতি। স্বীয় বৃন্দাবনস্য পালিকীকৃতা বৃন্দা যয়া সেত্যেকং জ্ঞাতা বৃন্দাটব্যাং সর্ব্বে লতাতরু মৃগদ্বিজাঃ পক্ষিণো যয়া সেতি চৈকমেতেনাত্র দ্বে ॥ ১৫ ॥

ঈষদিতি। ঈষচ্চন্দন সংঘৃষ্টেন স্বল্পচন্দন পঙ্কেন সহ যন্নব কাশ্মীরং কুঙ্কুমং তদিব দেহভা দেহকান্তির্যস্যাঃ সা ঈষচ্চন্দনেন সহ সংঘৃষ্টং যন্নবকাশ্মীরং তদ্বদিতি বেত্যেকং। জবাপুষ্পস্য প্রভা কান্তি স্তদ্ধরণশীলং পট্টস্য চীনং সূক্ষমরুণ

নৌষধি স্বরূপা। ৪০। স্বীয়াহঙ্কার বর্দ্ধিনী অর্থাৎ যিনি আত্মীয়গণের অহঙ্কার বর্দ্ধিনী।৪১। স্বগণোপেন্দ্রপাদাব্জস্পর্শ লম্ভনহর্ষিণী অর্থাৎ নিজ সখীবর্গের সহিত শ্রীকৃষ্ণের পাদপদ্ম লাভ করিয়া যাঁহার নিরতিশয় হর্ষ হয়। ৪২ ॥ ১৪ ॥

স্বীয় বৃন্দাবনোদ্যানপালিকীকৃতবৃন্দকা অর্থাৎ যিনি নিজ বৃন্দাবন মধ্যে বৃন্দাদেবীকে পালিকারূপে স্থাপিতা করিয়াছেন। ৪৩। জ্ঞাতবৃন্দাটবী সর্ব্বলতাতরু মৃগদ্বিজা অর্থাৎ বৃন্দাটবী মধ্যে সমস্ত তরুলতা মৃগ পক্ষিগণ যাঁহার পরিজ্ঞাত। ৪৪ ॥ ১৫ ॥

ঈষচ্চন্দন সংঘৃষ্ট নবকাশ্মীরদে[illegible] অর্থাৎ যাঁহার দেহ কান্তি ঈষৎ চন্দন পঙ্ক মিশ্রিত [illegible]মের সদৃশ। ৪৫। জবা-পুষ্প প্রভাহারি পট্টচীনারুণাম্ব[illegible] অর্থাৎ যাঁহার সূক্ষ্ম পট্টবস্ত্র

জবাপুষ্প প্রভাহারি পট্টচীনারুণাম্বরা ॥ ১৬ ॥
চরণাব্জতলজ্যোতিররুণীকৃতভূতলা।
হরি চিত্তচমৎকারি চারু নূপুর নিঃস্বনা ॥ ১৭ ॥
কৃষ্ণশ্রান্তিহরশ্রোণিপীঠবল্গিতঘণ্টিকা।
কৃষ্ণ সর্ব্বস্বপীনোদ্যৎ কুচাঞ্চন্মণিমালিকা ॥ ১৮ ॥

মারক্তমম্বরং বস্ত্রং যস্যাঃ সেতিচৈকমেতেন দ্বে ॥ ১৬ ॥

চারণাব্জতলস্য জ্যোতিবা কান্ত্যা অরুণীকৃতং ভূতলং যয়েত্যেকং। হরেঃ শ্রীকৃষ্ণস্য চিত্ত চমৎকারশীলং চারু মনোহরং নূপুর নিঃস্বনং যস্যাঃ সেতি চৈক মেতেনাত্র দ্বে ॥ ১৭ ॥

কৃষ্ণেতি। কৃষ্ণস্য শ্রান্তিহরং যচ্ছ্রোণি পীঠং তত্র বল্গিতা শব্দায়মানা ঘণ্টিকা যস্যাঃ সেত্যেকং কৃষ্ণসর্ব্বস্বে যৌ পীনৌ আয়তৌ অথচ উদ্যন্তৌ উচ্চৌ কুচৌ তত্রাঞ্চতী আন্দোলায়মানা মণিমালিকা যস্যাঃ সেতি চৈক মিত্যনেনাত্র দ্বে ॥ ১৮ ॥

জবাপুষ্পের সৌন্দর্য্যকে অপহরণ করিতেছে। ৪৬॥ ১৬ ॥

চরণাব্জতলজ্যোতিররুণীকৃতভূতলা অর্থাৎ যাঁহার পাদপদ্মের জ্যোতি দ্বারা ভূতল অরুণ বর্ণ হইয়াছে। ৪৭। হরি চিত্তচমৎকারি চারু নূপুর নিঃস্বনা অর্থাৎ মনোহর নূপুরধ্বনিতে যিনি শ্রীকৃষ্ণের চিত্তকেও হরণ করিতেছেন। ৪৮ ॥ ১৭ ॥

কৃষ্ণশ্রান্তিহরশ্রোণিপীঠবল্গিতঘণ্টিকা অর্থাৎ যাঁহার নিতম্ব পীঠস্থ ঘণ্টিকা সশব্দ হইয়া শ্রীকৃষ্ণের শ্রান্তি দূর করিতেছে। ৪৯। কৃষ্ণসর্ব্বস্বপীনোদ্যৎ কুচাঞ্চন্মণিমালিকা অর্থাৎ শ্রীকৃষ্ণের পরম সম্পত্তিস্বরূপ পীন অথচ উন্নত কুচ যুগলে যাঁহার মণিমালা আন্দোলিত হইতেছে। ৫০ ॥ ১৮ ॥

নানারত্নোল্লসচ্ছঙ্খ চূড়াচারু ভুজদ্বয়া।
স্যমন্তকমণি ভ্রাজন্মণিবন্ধাতিবন্ধুরা ॥ ১৯ ॥
সুবর্ণ দর্পণজ্যোতিরুল্লঙ্ঘি মুখমণ্ডলা।
পক্ক দাড়িমবীজাভদন্তাকৃষ্টাঘভিচ্ছুকা ॥ ২০ ॥
অব্জরাগাদি সৃষ্টাব্জকলিকা কর্ণভূষণা।

নানেতি। নানারত্নৈনোল্লসন্ত্যৌ শোভমানে যে শঙ্খস্য চূড়ে চূড়ীতি প্রসিদ্ধে তাভ্যাং চারু সুন্দরং ভুজদ্বন্দ্বং যস্যাঃ সেত্যেকং। স্যমন্তক মণিনা ভ্রাজমানো শোভমানো যো মণিবন্ধঃ প্রকোষ্ঠান্তোহস্তগ্রন্থিস্তেনাতিবন্ধুরা শোভমানা ইত্যেকমিত্যনেনাত্র দ্বে ॥ ১৯ ॥

সুবর্ণেতি। সুবর্ণ দর্পণস্য জ্যোতিষঃ কান্তেরুল্লঙ্ঘি কৃতোল্লঙ্ঘনং মুখমণ্ডলং যস্যাঃ সেত্যেকং। পক্কদাড়িমবীজাভা যে দন্তাস্তৈরাকৃষ্টোঽঘভিৎ কৃষ্ণরূপঃ শুকো যয়া সেতিচৈক মিত্যনেনাত্র দ্বে ॥ ২০ ॥

অব্জেতি। অব্জরাগাদিনা পদ্মরাগাদিমণিনা সৃষ্টা রচিতা যা অব্জকলিকা

নানারত্নোল্লসচ্ছঙ্খ চূড়াচারু ভুজদ্বয়া অর্থাৎ বিবিধ রত্ন দ্বারা সুশোভিত শঙ্খচূড়ী অর্থাৎ শঙ্খের চূড়ী কর্ত্তৃক যাঁহার ভুজদ্বয় নিরতিশয় শোভমান।৫১। স্যমন্তকমণিভ্রাজন্মণিবন্ধাতিবন্ধুরা অর্থাৎ যদীয় প্রকোষ্ঠ দেশ স্যমন্তকমণি দ্বারা নিম্নোন্নত বোধ হয়। ৫২ ॥ ১৯ ॥

সুবর্ণ দর্পণজ্যোতিরুল্লঙ্ঘি মুখমণ্ডলা অর্থাৎ যাঁহার মুখ মণ্ডল, স্বীয় প্রভা দ্বারা স্বর্ণনির্ম্মিত দর্পণ জ্যোতিকেও পরাস্ত করিয়াছে।৫৩। পক্ক দাড়িমবীজাভদন্তাকৃষ্ণাঘভিচ্ছুকা অর্থাৎ সুপক্ক দাড়িম্ব বীজতুল্য নিজের দন্তরাজিদ্বারা যিনি শ্রীকৃষ্ণ রূপ শুকপক্ষীকে আকৃষ্ট করিয়াছেন। ৫৪ ॥ ২০ ॥

অব্জরাগাদি সৃষ্টাব্জকলিকা কর্ণভূষণা অর্থাৎ পদ্মরাগাদি মণিবিরচিত পদ্মকলিকা দ্বারা যাঁহার কর্ণভূষণ হইয়াছে।৫৫।

সৌভাগ্য কজ্জলাঙ্কাক্ত নেত্রনিন্দিতখঞ্জনা ॥ ২১ ॥
সুবৃত্তমৌক্তিকামুক্ত নাসিকা তিলপুষ্পিকা।
সুচারু নবকস্তূরীতিলকাঞ্চিতভালকা ॥ ২২ ॥
দিব্যবেণী বিনির্দ্ধূত কেকিপিঞ্ছবরস্তুতিঃ।

পদ্মকুট্মলং তদেব কর্ণভূষণং যস্যাঃ সেত্যেকং। অজকর্ণিকেতি পাঠে স্পষ্টং। সৌভাগ্য কজ্জলাঙ্কেন চিহ্নেন আক্তে যুক্তে যে নেত্রে তাভ্যাং নিন্দিতৌ খঞ্জনৌ যয়া সেতি চৈকমিত্যনেনাত্র দ্বে ॥ ২১ ॥

সুবৃত্তেতি। সুবৃত্তং সুবর্ত্তুলং যন্মৌক্তিকং মুক্তা তেনামুক্তং যুক্তং নাসিকা তিলপুষ্পং যস্যাঃ সেত্যেকং। সুচারুণা নবকস্তূরীতিলকেন অঞ্চিতঃ শোভিতোভালো ললাটং যস্যাঃ সেতি চৈকমেতেনাত্র দ্বে ॥ ২২ ॥

দিব্যেতি। দিব্যবেণ্যা বিনির্দ্ধূতানাকৃতা কেকিনাং ময়ূরাণাং পিঞ্ছানাং বরা শ্রেষ্ঠা স্তুতির্যয়া সেত্যেকং। নেত্রান্তশরেণ কটাক্ষেণ বিধ্বংসীকৃতা চানূর-

সৌভাগ্য কজ্জলাঙ্কাক্ত নেত্র নিন্দিত খঞ্জনা অর্থাৎ যাঁহার সৌভাগ্য সূচক কজ্জলচিহ্ন রঞ্জিত নেত্রদ্বয় খঞ্জনকেও নিন্দা করিতেছে। ৫৬ ॥ ২১ ॥

সুবৃত্তমৌক্তিকামুক্তনাসিকা তিলপুষ্পিকা অর্থাৎ যাঁহার নাসিকারূপ তিল পুষ্প সুবর্ত্তুল মুক্তাযুক্ত। ৫৭। সুচারু নবকস্তূরী তিলকাঞ্চিত ভালকা অর্থাৎ যাঁহার ললাট প্রদেশ সুচারু নূতন কস্তূরী তিলকে সুশোভিত। ৫৮ ॥ ২২ ॥

ক্বচিদিতি। অঘহরঃ শ্রীকৃষ্ণ আরাৎ সমীপে মৎপ্রেক্ষালববৈলক্ষ্য-ভরতো হেতোঃ ক্ব রাধা ইতি জল্পন্ সন্ ইমাঃ সর্ব্বাঃ পদ্মাশৈব্যাদীঃ কদা পরমতিশয়ং মলিনয়তীত্যন্বয়ঃ। মম যঃ প্রেক্ষালবঃ দর্শনলেশস্তেন যদ্বৈলক্ষ্যং বিস্ময়ান্বিতত্বং তদ্ভরতস্তদতিশয়াদিত্যর্থঃ। কিং কুর্ব্বন্ রাধেতি জল্পন্ মলি-নয়তি তদাহ ক্বচিৎ কালে পদ্মাশৈব্যাদিকেন বলিতাং বেষ্টিতাং চন্দ্রাবলিং প্রিয়ালাপোল্লাসৈঃ প্রেমসূচকালাপনানন্দৈরতুলমতিশয়ং ধিন্বন্ সুখয়ন্ ॥ ১৮ ॥

নেত্রভঙ্গি দ্বারা প্রিয়তমসখীদিগের সভায় কবে প্রেরণ করি-বেন ? ॥ ১৭ ॥

অঘহন্তা শ্রীকৃষ্ণ কোন এক সময়ে পদ্মা ও শৈব্যাদি-সখীগণ পরিবেষ্টিতা চন্দ্রাবলীকে প্রেমসূচক আলাপ জনিত আনন্দাতিশয় দ্বারা সুখিত করিতেছেন, এমন সময় আমাকে কিঞ্চিন্মাত্র অবলোকন করিয়াই অমনি লজ্জিত হইয়া "আমার শ্রীরাধা কোথায়" এইরূপ বাক্য দ্বারা ঐ সমস্ত পদ্মা শৈব্যাদিসখীদিগকে কবে মলিনচিত্ত করিবেন ? ॥ ১৮ ॥

সগর্ব্বাঃ সংরুদ্ধ্য প্রখর ললিতাদ্যাঃ সহচরী-
স্ততো দানং দর্পাৎ সখি মৃগয়তা স্বং গিরিভৃতা।
বিশাখা মন্নাথানয়ননটনপ্রেরণবলা-
দ্বিধৃত্যারান্নীতা রুষমিহ দধানা ক্ষিপতু নঃ ॥ ১৯ ॥

সগর্ব্বা ইতি। হে সখি ইহানুভূতস্থলে রুষং দধানা বিশাখা নোঽস্মান্ আক্ষিপতু। ভোঃ সখি কপটিনীভি র্যুষ্মাভিরেব প্রযোজিতেনানেনোদ্ধতেন কৃতৈতাদৃগবস্থাহং ভদ্রং ভদ্রং কিমধুনৈবৈষ কালোগতঃ পশ্চাজ্জ্ঞাতব্যমিত্যাদ্যাটোপেন কথয়ত্বিত্যন্বয়ঃ। বিশাখা কিম্ভূতা গিরিভৃতা শ্রীকৃষ্ণেন কর্ত্র্যা মন্নাথা নয়ননটন প্রেরণবলাদারাৎ দূরে বিধৃত্য নীতা। মম নাথা মন্নাথা শ্রীরাধা তস্যা নয়ন নটনেন যৎ প্রেরণং তদ্বলাদিত্যর্থঃ। কিম্ভূতেন গিরিভৃতা সগর্ব্বাঃ সাহঙ্কারাঃ প্রখরললিতাদ্যাঃ সহচরীর্দর্পাৎ সংরুধ্য ততো মন্নাথায়াঃ সকাশাৎ স্বং স্বীয়ং দানং মৃগয়তা অন্বেষয়তা ॥ ১৯ ॥

হে সখি! মদীশ্বরী শ্রীরাধিকার নেত্রভঙ্গিতে শ্রীকৃষ্ণ, সগর্ব্বা এবং অতি প্রখরা ললিতাদি সখীগণকে অতি দর্পে অবরুদ্ধ করত অনন্তর বিশাখাকে বিদূরিত করিয়া শ্রীরাধার নিকট স্বীয় দান অর্থাৎ নিজের পাশাখেলার ক্রম অথবা কার্য্যোদ্ধারের পুরস্কার প্রার্থনা করিতেছেন এমন সময়ে বিশাখা রোষ পরবশ হইয়া বৃন্দাবন কুঞ্জ মধ্যে আমাদিগকে তিরস্কার করুন। অর্থাৎ হে সখি! তোমরা কপটিনী তোমাদের কর্ত্তৃক এই উদ্ধত কৃষ্ণ আমার এই প্রকার অবস্থা করিলেন, ভাল ভাল, এখন কি কাল গিয়াছে? পশ্চাৎ জানিব, দর্পে সহিত এই বাক্য বলুন ॥ ১৯ ॥

স্তনৌ শৈলপ্রায়াবপি তব নিতম্বো রথসমঃ
স্ফুটং জীর্ণা নৌ র্ম্মে কলয় তটিনীং বাতবিষমাং ॥
কথং পারং গচ্ছেরিহ নিবস রাত্রাবিতি হরে-
র্ব্বচঃ শ্রুত্বা রাধা কপট কুপিতা স্মেরয়তু মাং ॥ ২০ ॥
ইদং স্বান্তে ভুঞ্জে কদলমপি যদ্রঙ্গণলতা-

স্তনাবিতি। রাধা মাং স্মেরয়তু ঈষদ্ধাসয়তু। কিম্ভূতা হরেঃ শ্রীকৃষ্ণস্য ইতি বচঃ শ্রুত্বা কপটকুপিতা। বচ এবাহ তব স্তনৌ শৈলপ্রায়ৌ পর্ব্বততুল্যৌ নিতম্বোঽপি রথসমঃ মে মম নৌ র্জীর্ণা ভগ্না বাতবিষমাং তটিনীং নদীং কলয় পশ্য কথং পারং গচ্ছেরিহ রাত্রাবত্র বস তিষ্ঠেতি। নমু শৈলরথয়োঃ প্রমাণাধিক্যে উপমানোপমেয়ভাবে উপমাদোষো ভবেৎ তথাচালঙ্কারকৌস্তভে। উপমায়াস্তু হীনতা। আধিক্যঞ্চ ভবেজ্জাতিপ্রমাণাভ্যাং তদাপি স ইত্যাদি। উচ্যতে। নাবো জীর্ণাত্বকথনেন বহনাযোগ্যত্ব সূচনায় নর্ম্মণৈব স্তন নিতম্বয়োঃ শৈলরথপ্রায়ত্বেনোক্তেরৌচিত্যমেবেতি ন দোষঃ। তথাচ কাব্যপ্রকাশকারাঃ। অনৌচিত্যাদৃতেনান্যদ্রসভঙ্গস্য কারণমিতি ॥ ২০ ॥

সঙ্কল্পোক্তব্যাপারপ্রচয়সিদ্ধ্যাকাঙ্ক্ষত্বং নির্বেদয়তি ইদমিতি। ইদং যৎ কদলং স্বান্তে ভুঞ্জে তদ্রঙ্গণলতাভিধৈক স্বর্ব্বল্লীপবনলভনেনৈব ফলিতং

"হে রাধে! তোমার স্তনদ্বয় গিরিশিখরের ন্যায় উন্নত, এবং নিতম্বও রথ তুল্য, আমার নৌকাও অতি জীর্ণা, অধিকন্তু যমুনাও বায়ুদ্বারা আন্দোলিত হইতেছে, এ সময়ে কি রূপে পারে গমন করিবে এই রাত্রিকালে এই স্থানেই অবস্থান কর" শ্রীরাধা ধৃষ্টতম শ্রীকৃষ্ণের এরূপ বাক্য শ্রবণে মিথ্যা ক্রোধে ক্রুদ্ধা হইয়া আমাকে ঈষৎ হাস্য যুক্ত করুন ॥ ২০ ॥

আমি, রঙ্গণলতা নামক মুখ্য কল্পলতার বায়ু লাভেই ফলিত

ভিধৈক স্বর্বল্লীপবন লভনেনৈব ফলিতং।
তদভ্যাসে স্ফূর্জ্জন্মদনসুভগং তদ্যুবযুগং
ভজিষ্যে সোল্লাসং প্রিয়জনগণৈ রিত্থমিহ কিং ॥ ২১ ॥

॥ * ॥ ইতি স্বসঙ্কল্পপ্রকাশাখ্যং স্তোত্রং সম্পূর্ণং ॥ * ॥

রঙ্গণলতা অভিধা নাম যস্যাঃ সা চাসৌ একা অদ্বিতীয়া স্বর্ব্বল্লী কল্পলতা চেতি তস্যা যঃ পবনস্তস্য লভনেন লাভেন ফলিতং প্রকাশিতমিত্যর্থঃ। যন্মনঃ কদলং ভুঞ্জে মনকলা ইতি নীচোক্তিরিতি পর্য্যবসিতার্থঃ। তদভ্যাসে তস্য কদলস্য অভ্যাসে ইত্থং প্রিয়জনগণৈঃ সহ সোল্লাসং যথাস্যাত্তথা কিং স্ফূর্জ্জন্মদন সুভগং তৎ প্রসিদ্ধং যুবযুগং ভজিষ্যে ইতি সঙ্কল্পসিদ্ধ্যাকাঙ্ক্ষা ॥ ২১ ॥

॥ * ॥ ইতি স্বসঙ্কল্পপ্রকাশাখ্যস্তোত্র বিবৃতিঃ ॥ * ॥

অর্থাৎ রঙ্গণ লতা নাম্নী প্রধানসখীর কৃপাতেই প্রকাশিত এই যে কদলী মনে মনে খাইতেছি (মন কলা খাইতেছি) সেই অভ্যাসে কি শোভমান মদন সদৃশ সুন্দর সেই যুবযুগল শ্রীরাধাগোবিন্দকে প্রিয়জনগণের সহিত সহর্ষে ভজনা করিব ? § ॥ ২১ ॥

॥ * ॥ ইতি স্বসঙ্কল্প প্রকাশ স্তোত্র সম্পূর্ণ ॥ * ॥

§ তাৎপর্য্য এই যে রঙ্গলতার অনুকম্পায় শ্রীরাধাগোবিন্দের যুগলোপাসনা মনে মনেই করিতে ছি তাহা কি প্রত্যক্ষরূপে করিব ? ॥

শ্রীরাধাকৃষ্ণোজ্জ্বল কুসুমকেলিঃ।

শ্রীশ্রীরাধাকৃষ্ণৌ জয়তাং ॥

সখীবৃন্দে বৃন্দার্চ্চিতমুদিতবৃন্দাবনপদং
বিনোদেনাসাদ্য প্রিয়কুসুমপত্রাঙ্কুরফলং।
হরন্ত্যাং রাধায়াং ধ্বনিভিরভিসংগম্য গিরিভৃ-
দ্ধৃতাটোপং তাভিঃ সহ বিবদমানোঽবদদিদং ॥ ১ ॥

লীলাবিশেষভাগ্ যুবযুগলং পরিচরিতুং তাদৃগ্লীলামাহ দ্বাচত্বারিংশতা পদ্যেন তত্র প্রথমলীলোপক্রমমাহ সখীতি। গিরিভৃৎ শ্রীকৃষ্ণস্তাভী রাধাদিভিঃ সহ ধৃতাটোপং যথাস্যাত্তথা বিবদমানঃ সন্নিদং বক্ষ্যমাণমবদৎ কথয়ামাস ইত্যন্বয়ঃ। কিং কৃত্বা সখীবৃন্দৈঃ সহ বিনোদেন হর্ষেণ বৃন্দার্চ্চিতবৃন্দাবন-পদমাসাদ্য আগত্য রাধায়াং প্রিয়কুসুমপত্রাঙ্কুরফলং হরন্ত্যাং সত্যাং ধ্বনিভিস্তদ্ধরণশব্দৈরভিসংগম্য বৃন্দয়া তন্নাম্ন্যা বনদেব্যা অর্চ্চিতমতএব মুদিতং পল্লবপুষ্পফলাদিভিঃ প্রফুল্লং যদ্বৃন্দাবনপদং স্থানমিত্যর্থঃ। প্রিয়াণি প্রেমাস্পদানি যানি কুসুম পত্রাঙ্কুর ফলানি তেষাং সমাহারস্তদিতি ॥ ১ ॥

শ্রীরাধিকা সখীগণ পরিবৃতা হইয়া বৃন্দার্চ্চিত ও ফল-পুষ্প শোভিত রমণীয় বৃন্দাবন প্রাপ্ত হইয়া তথায় আনন্দিত মনে উত্তম ২ পুষ্প পত্রাঙ্কুর ও ফল সকল আহরণ করিতে লাগিলেন, তৎশব্দ শ্রবণমাত্র শ্রীকৃষ্ণ আস্ফালন করিয়া সেই স্থানে গমন পূর্ব্বক তাঁহাদের সহিত কলহ করিবার মানসে এই কথা কহিয়াছিলেন ॥ ১ ॥

রহঃ পাটচ্চর্য্যঃ কুরুত কিমিদং যৌবনমদাৎ
স্ফুটং যুষ্মাভির্ম্মে বিপিনমপণং নাশিতমদঃ।
অতো বল্লর্য্যর্থে তনুততিমবশ্যং ফলকৃতে
কুচান্ বো লুণ্ঠামঃ কিসলয়পদে চাধরকুলং ॥ ২
ইতি নিশম্য সভ্রূভঙ্গমবলোকয়ন্ত্যাং

রহ ইতি। হে পাটচ্চর্য্যঃ হে চৌর্য্যঃ যৌবনমদাদিদং কিং কুরুত যূয়ং। যুষ্মাভির্মে'হদো বিপিনং বনং স্ফুটং নাশিতং। কিম্ভূতং অপণং ন বিদ্যতে পণো মূল্যং যস্য তদমূল্যমিত্যর্থঃ। গতবস্তু সজাতীয়াদানেনৈব স্বামিনঃ কিঞ্চিন্মনঃ স্থৈর্য্যং ভবেদিত্যাহ। অতো বিপিন নাশাদ্ধেতো র্বল্লর্য্যর্থে বল্লরী লতা তদর্থে তন্নিমিত্তে তনুততিং শরীরসমূহং লুণ্ঠামঃ। ফলকৃতে ফলনিমিত্তায় কুচান্ স্তনান্। কিসলয়পদে কিসলয়বস্তুনিমিত্তে অধরকুলমধরসমূহং সর্ব্বত্র লুণ্ঠাম ইতি ক্রিয়াসম্বন্ধঃ। ব ইত্যস্য ষষ্ঠ্যন্তস্য সর্ব্বদ্বিতীয়ান্তপদেন সম্বন্ধঃ। সাজাত্যন্তু স্পষ্টমেব ॥ ২ ॥

প্রতিপদ্যোত্থাপকন্তু স্বয়মেব কৃতং। বদন্ত্য ইতি হে কিতব হে ধূর্ত্ত তব হিত্তং অথচ সত্যং নত্বারোপিতং নূনং নিশ্চিতমিদং বদন্ত্যঃ স্মো ভবামঃ।

অহে চৌরীগণ! তোরা নির্জ্জন পাইয়া এ কি সর্ব্বনাশ করিতেছ, যৌবনমদে মত্ত হইয়া তোমরা যেমন আমার এই অমূল্য উদ্যান বিনষ্ট করিলে, আমিও তদ্রূপ লতাপাতনের পরিবর্ত্তে অবশ্য তোমাদের অঙ্গলতা লুণ্ঠন, আর যে সকল ফল নষ্ট করিয়াছ তৎপরিবর্ত্তে তোমাদের কুচকুম্ভ সকল বিদারণ এবং নবপল্লব সকলের পরিবর্ত্তে তোমাদের অধর সমূহ ছিন্ন ভিন্ন করিব ॥ ২ ॥

এই কথা শুনিয়া ললিতা ভ্রুকুটি বিস্তার পূর্ব্বক শ্রীকৃ-

ললিতায়াং অন্যাঃ সস্মিতমূচুঃ ॥

বদন্ত্যঃ স্মো নূনং তব কিতব সত্যং হিতমিদং
বৃথাটোপং হিত্বা ব্রজ ঝটিতি নন্দীশ্বরপুরং।
ন জানীষে কিং তাং প্রখরললিতাবিক্রমততিং
যয়া তে বন্যান্তঃ ক্ষপিতমসকৃৎ পৌরুষ যশঃ ॥ ৩ ॥

ইতি বিশাখাকথিতমাকর্ণ্য সদর্পাভিনয়ং কৃষ্ণঃ পুনঃ প্রাহ ॥

বৃথাটোপং মিথ্যা প্রাগল্‌ভ্যং হিত্বা ঝটিতি শীঘ্রং নন্দীশ্বরপুরং ব্রজ গচ্ছ নন্দীশ্বরপুরস্য রাজপুরত্বেন রাজপুরস্যচ বহুজনাবৃতত্বেন স্ত্রিয়া ললিতায়া বীরাত্বেপি তত্রাগমনানৌচিত্যাত্তত্র গতে ত্বত্রাণং ভবেদেবেতি ধ্বনিঃ। হে চৌর্য্যঃ কথং ব্রজামীত্যাহ তাং প্রখর ললিতাবিক্রমততিং ন জানীষে। আঃ কিমিদমসাধ্বসং ব্রূথ ললিতা বা কা তস্যা বিক্রমততি র্বা কা ইতি চেৎ পরিচয়ামি শৃণ্বিত্যাহ। যয়া ললিতাবিক্রমতত্যা কর্ত্র্যা বন্যান্তঃ বনসমূহমধ্যে তব পৌরুষযশঃ অসকৃদ্বারং বারং ক্ষপিতং ত্যাজিতং ॥ ৩ ॥

অহো ইতি অহো হে শিষ্যাঃ যূয়ং ময়ি পুনরেবং ধার্ষ্ট্যং নহি কুরুত যতো

ষ্ণের প্রতি কটাক্ষপাত করিতে লাগিলে অন্যান্য সখীগণ সস্মিত বদনে শ্রীকৃষ্ণকে কহিলেন ॥

হে ধূর্ত্ত! আমরা তোমার হিত অথচ সত্য বলিতেছি, ইহা আরোপ বাক্য নহে, তুমি এখন মিথ্যা প্রগল্‌ভতা পরিত্যাগ করিয়া শীঘ্র নন্দীশ্বরপুরে গমন কর, যদি বল আমি কেন যাইব? তদুত্তর এই যে, যাহার জন্য তোমাকে বনমধ্যে বারম্বার পৌরুষযশঃ পরিত্যাগ করিতে হইয়াছে, সেই অতি প্রখরা ললিতার বিক্রম সকল কি তুমি জান না? ॥৩ ॥

বিশাখার কথা শ্রবণ করিয়া শ্রীকৃষ্ণ সদর্পে পুনর্ব্বার কহিতে লাগিলেন ॥

অহো শিষ্যা এবং ন হি কুরুত ধার্ষ্ট্যং ময়ি পুন-
র্যতঃ শ্রুত্বা ক্রুধ্যন্ত্যখিল লতিকা মণ্ডপ বরাঃ।
ময়া কামং যত্র প্রগুণগুরুণা সৎকরুণয়া
বিতীর্ণা বো দীক্ষা ন কিল কতিধা জৈনরচিতাঃ ॥ ৪ ॥

যানি শ্রুত্বা অখিললতিকা মণ্ডপবরাঃ ক্রুধ্যন্তি অখিললতিকাশ্চ মণ্ডপবরা মণ্ডপ শ্রেষ্ঠাশ্চ। যদ্বা অখিল লতাভির্ঘটিতা যে মণ্ডপবরাস্তে কেঽখিল লতামণ্ডপবরা ইতি চেৎ শৃণুত। যত্র অখিল লতামণ্ডপবরে প্রগুণগুরুণা ময়া যৎ করুণয়া কৃত্বা জৈনরচিতা দীক্ষা বো যুষ্মভ্যং কতিধা কিল ন বিতীর্ণা ন দত্তা অপিতু বিতীর্ণৈবেতি কাকুঃ। জিন এব জৈনঃ স্বার্থিকপ্রত্যয়ঃ। জৈনো বুদ্ধস্তেন রচিতা সা তু আত্মসম্ভাবনরূপা। যদ্বা জৈনেষু জিত্বা এষু রচিতা জয়প্রতি-পাদিকেত্যর্থঃ। শ্লেষেণ কতিধা ইত্যস্মাৎ আবিশ্লেষেণ এবমর্থো যথা আঃ কোপো জৈনে যস্য ইতি আজৈনঃ কামঃ তেন রচিতা দীক্ষা তত্তৎ কামক্রীড়ে-ত্যর্থঃ। জৈনে কামকোপবিষয়ত্বং মারজিল্লোকজিজ্জিন ইত্যমরঃ ইত্যত্র মারজিত্বেনৈব ব্যঞ্জিতং। আজৈন ইতি আ ইত্যস্য বিসর্গলোপে কৃতে প্রয়োগঃ।আস্ত্র স্যাৎ কোপপীড়য়োরিত্যমর নানার্থঃ ॥ ৪ ॥

অহো! তোমরা শিষ্যা হইয়া আমার প্রতি পুনঃ পুনঃ ধৃষ্টতা করিও না, তোমাদের ঐ সকল কথা শুনিয়া অচেতন লতাগৃহসকলও ক্রুদ্ধ হইতেছে, যে হেতু প্রকৃষ্ট গুণশালী আমি গুরু রূপে ঐ সকল লতা মণ্ডপে করুণা করিয়া কত-প্রকারে কি তোমাদিগকে জৈন রচিত দীক্ষা প্রদান করি নাই? * ॥ ৪ ॥

* জৈন রচিত দীক্ষা অর্থাৎ বুদ্ধরচিত আত্মসম্ভাবনরূপদীক্ষা কিম্বা জয় প্রতিপাদিকা দীক্ষা অথবা আজৈন রচিত দীক্ষা কামক্রীড়া। বা “অহিংসা পরমোধর্ম্মঃ” এই বৌদ্ধদিগের মহাবাক্য। তাৎপর্য্য যে এই উদ্যানের হিংসা করিও না

এতন্নিশম্য লজ্জয়া কোপমিব বিব্রণ্বতীষু সর্ব্বাস্থ
প্রসঙ্গান্তরেণ তং বিজেতুং বিশাখা সন্যায়মাহ ॥
স্বয়ং যো নির্বন্ধাদ্ধনবিতরণৈ র্লোকততিভিঃ
করোত্যারামং যং সহি ভবতি তস্যৈব নিয়তং।
ইদন্তু শ্রীবৃন্দাবনমকৃতমন্যৈ রনুদিনং
সমানং সর্ব্বেষাং কথমিব তবৈবাদ্য ভবিতা ॥ ৫ ॥
ইতিবিশাখাসন্যায়কথিতমাকর্ণ্য
সদর্পমভিনয়ং শ্রীকৃষ্ণঃ পুনঃ প্রাহ ॥

স্বয়মিতি। যো জনো ধনবিতরণৈ র্লোকততিভি র্লোকসমূহৈ র্নির্বন্ধাদতিযত্নাদ্যং আরামমুপবনং করোতি স হি আরামস্তস্যৈব কর্ত্তু র্নিয়তং সর্ব্বথা ভবতি। ইদন্তু বৃন্দাবনং অন্যৈরকৃতমনিষ্পাদিতমত এবানুদিনং নিরন্তরং সর্ব্বেষাং সমানং কথমিব কথমদ্য তবৈব ভবিতা ভবিষ্যতি। ইবেতি বাক্যালঙ্কারে ॥ ৫ ॥

শ্রীকৃষ্ণের এই বাক্য শ্রবণ করিয়া লজ্জায় গোপীগণ প্রণয়কোপ বিস্তার করিলে প্রসঙ্গান্তরে তাঁহাকে পরাজয় করিবার নিমিত্ত বিশাখা যুক্তিযুক্ত বাক্য বলিতে লাগিলেন ॥

কৃষ্ণ! যে ব্যক্তি ধন বিতরণপূর্ব্বক লোকসমূহ দ্বারা অতি যত্ন সহকারে যে উদ্যান প্রস্তুত করে, সে উদ্যান তাহারই হয় কিন্তু এই বৃন্দাবন কাহারও কৃত নহে ইহাতে সর্ব্বদা সকলের সমান অধিকার আছে, আজ কি প্রকারে একা তোমারই হইবে? ॥ ৫ ॥

তখন বিশাখার এই যুক্তিযুক্ত বাক্য শুনিয়া অহঙ্কার প্রকাশ পূর্ব্বক শ্রীকৃষ্ণ কহিলেন।

অকুণ্ঠং বৈকুণ্ঠে দিবি ভুবি চ রসায়াং শ্রুতিগণৈঃ
প্রগীতং মন্নাম্না বনমিতি ন যদ্বঃ শ্রুতিমিতং।
ন যুষ্মদ্দোষোঽস্মিন্ প্রবল মদগর্ব্বোত্তরুণতা-
ত্রিদোষী বাধির্য্যং প্রচুরমকরোদযৎ স্ফুটমিদং ॥ ৬ ॥

অকুণ্ঠমিতি। শ্রুতিগণৈ বেদসমূহৈস্তমেকং গোবিন্দং পঞ্চপদং সচ্চিদানন্দ বিগ্রহং বৃন্দাবন স্বর-ভুরুহতলাসীনং সততং সমরুদ্গণোঽহং পরময়া স্তুত্যা তোষয়ামীত্যাদিনা মন্নাম্না সহ বনং বৈকুণ্ঠাদিষু অকুণ্ঠমনিবারিতং যথাস্যাত্তথা প্রগীতমিতি এতদ্গানং যদি বো যুষ্মাকং শ্রুতিমিতং কর্ণগতং ন। অস্মিন্ শ্রবণাভাবে যুষ্মাকং ন দোষঃ যদ্মতঃ প্রবল মদগর্ব্বোত্তরুণতা ত্রিদোষী কর্ত্রীদং বাধির্য্যং বধিরতাং স্ফুটমকরোৎ প্রবল মদশ্চ গর্ব্বোঽহঙ্কারশ্চ উত্তরুণতা উৎকৃষ্ট তারুণ্যঞ্চ তা এব ত্রিদোষী বাত পিত্ত কফ সংযোগ রোগবিশেষঃ। অন্যাপি ত্রিদোষী স্পর্শমাত্রেণ বধিরতাং করোতীতি প্রসিদ্ধিঃ ॥ ৬ ॥

বিশাখে! বৈকুণ্ঠে দেবলোকে পৃথিবীতে ও পাতালে, সর্ব্বত্রেই বেদ সকল মুক্তকণ্ঠে ইহাই কহিয়া থাকেন। অর্থাৎ গোপাল তাপনীয় পূর্ব্ব বিভাগে ব্রহ্মা সনকাদিকে কহিলেন হে মুনিগণ! “যিনি সজাতীয় বিজাতীয় ও স্বগত ভেদ রহিত হইয়া সচ্চিদানন্দময় মূর্ত্তি প্রকটন পূর্ব্বক বৃন্দাবনস্থ কল্পতরু মূলে অধ্যাসীন আছেন, সতত আমি মরুদ্গণের সহিত পঞ্চপদাত্মক সেই গোবিন্দের সন্তোষ উৎপাদন করি” এতদ্দ্বারা আমার নামের সহিত এইবন, এ কথা কি তোমাদের কর্ণগোচর হয় নাই? এ বিষয়ে তোমাদের কোন দোষ নাই যে হেতু প্রবল মদ, গর্ব্ব ও উৎকৃষ্ট তরুণতা এই ত্রিদোষই তোমাদিগকে সম্পূর্ণ রূপে বধির করিয়াছে, ইহাই স্পষ্ট বোধ হইতেছে ॥ ৬ ॥

এতদাকর্ণ্য তির্য্যগ্‌বিলোকয়ন্তী রাধা সস্মিতমুবাচ।
অয়ে চেদ্‌যন্নাম্নাঙ্কিতমিতি ভবেত্তস্য বিপিনং
তদাস্মদ্বৃন্দায়া ভবতি সুতরামেব কপটিন্।
যতো হ্যস্যা নাম্নৈব ত্রিজগতি জনৈর্গীয়ত ইহ
স্বয়ঞ্চ শ্রীস্বামিন্ তব তু নহি নাম্না কচিদপি ॥ ৭ ॥
ইতি রাধায়াঃ সযুক্তিকবাক্-
পীযূষমত্তঃ শ্রীকৃষ্ণঃ সস্মিতমাহ ॥

অয়ে ইতি। অয়ে স্বামিন্ চেদ্‌যদি বিপিনং যন্নাম্না অঙ্কিতং চিহ্নিতমিতি হেতোস্তস্য ভবেৎ। হে কপটিন্ তদাস্মদ্বৃন্দায়া এব সুতরাং ভবতি। যতস্ত্রিজগতি জনৈঃ স্বয়ং ভবতাচ ইহ ব্রজে অস্যা বৃন্দায়া নাম্নৈব সহ বৃন্দাবনমিতি রূপেণ গীয়তে। হে শ্রীস্বামিন্ কথামাত্রস্বামিন্ তব তু নাম্না সহ কচিদপি ন। শ্রীর্বেশ রচনা শোভা ভারতী সরল দ্রুম ইত্যাদি মেদিনী ॥ ৭ ॥

এই কথা শুনিয়া শ্রীরাধা বক্র দৃষ্টিতে ঈষৎ হাস্য করিয়া কহিতেছেন।

অয়ে স্বামিন্! যে বস্তু যাহার নামে অঙ্কিত থাকে সে বস্তু যদি তাহারই হয়, তবে হে কপটরাজ! সুতরাং বৃন্দা নামাঙ্কিত এই বৃন্দাবন আমাদিগের বৃন্দারই হইতেছে, তুমি কপট করিয়া কেবল কথায় মাত্র আমার আমার বলিতেছ, ত্রিভুবন বাসী লোক ও স্বয়ং তুমিও বৃন্দার নামে ইহাকে কীর্ত্তন করিতেছ, কৈ কোথাও ত তোমার নামে বৃন্দাবনকে কীর্ত্তন করে না? ॥ ৭ ॥

শ্রীরাধিকার এইরূপ যুক্তিযুক্ত বাক্যামৃত পানে উন্মত্ত হইয়া শ্রীকৃষ্ণ সহাস্যে বলিতে লাগিলেন।

ইয়ং লক্ষ্মীবৃন্দাদপি মধুরবৃন্দা মম বধূ
র্ভবেন্নোচেদারাৎ সশপথমিমাং পৃচ্ছত সতীং।
শ্রুতৌ যদ্দম্পত্যো র্নহি ভবতি ভেদস্ত্রুটিরতো
দ্বয়োর্নো নাম্নৈব ত্রিজগতি জনো গায়তি বনং ॥ ৮ ॥
ইতি শ্রীকৃষ্ণস্য বাগমৃতমাপীয়
রাধা বৃন্দাং প্রতি নীচৈরাহ ॥
ইদং বৃন্দে সত্যং ভবতি ন হি কিম্বা কথয় নঃ

ইয়মিতি। ইয়ং বৃন্দা ভার্য্যা ভবেৎ কিম্ভূতা লক্ষ্মীবৃন্দাৎ লক্ষ্মীসমূহাদপি মধুরবৃন্দা মধুরস্য শৃঙ্গার রসস্য বৃন্দং ভাব হাবাদি পরিকরো যত্র সা। চেদ্যদি ন তদা আরাৎ দূরে সশপথং যথাস্যাত্তথা ইমাং সতীং পৃচ্ছত। নমু ভবতু তব বধূর্বৃন্দা তেন কিমায়াতমিতি চেৎ শৃণ্বিত্যাহ। শ্রুতৌ বেদে এষা বৈ আত্মনোহর্দ্ধং যৎ পত্নীত্যাদি শ্রুতিনিরুক্তৌ দম্পত্যোঃ স্ত্রীপুংসয়োস্ত্রুটিরপি স্বল্পোহপি ভেদো ন ভবতি। অতো হেতো নৌ আবয়োর্দ্বয়োর্নাম্নৈব সহ বনং জনস্ত্রিজগতি গায়তি পত্ন্যা আত্মনোহর্দ্ধত্বেন তন্নাম্নৈব মন্নামেতি ভাবঃ ॥ ৮ ॥

অহে! শত শত লক্ষ্মী অপেক্ষাও মধুর হাব ভাব ময়ী এই বৃন্দা আমারই পত্নী, যদি ইহা তোমাদের বিশ্বাস না হয়, তবে তোমরা শপথপূর্ব্বক এই পতিব্রতাকে নিভৃতে জিজ্ঞাসা কর। যদি বল বৃন্দা তোমারই পত্নী তাহাতে কি হইল? তাহাও শ্রবণ কর। বেদে স্ত্রীপুরুষের কিঞ্চিন্মাত্র ভেদ নাই পরন্তু অর্দ্ধাঙ্গ বলিয়াই কীর্ত্তিত আছে অতএব আমাদের দুই জনের নামেই ত এই বনকে ত্রিভুবনে জনসকল কীর্ত্তন করিয়া থাকে ॥ ৮ ॥

শ্রীরাধিকা, শ্রীকৃষ্ণের এই রূপ বাক্যামৃত পান করিয়া নীচ স্বরে বৃন্দাকে মন্দ মন্দ কহিতেছেন।

পুরো লজ্জাং হা হা কথমিব তনোষি প্রিয়গণে
ঋতং চেত্তদ্রোষচ্ছলত ইব গচ্ছ ক্ষণমিতো
যথা নানাবাদৈ র্বয়মিহ জয়ামঃ শঠগুরুং ॥ ৯ ॥
ইদং কর্ণে তস্যা নিগদিতবতীম্বাস্থু সহসং
মৃষারোষাদেষা চল কুটিল চিল্লীক্ষণতটৈঃ।

ইদমিতি। চেদ্যদি ঋতং সত্যং তত্তদা রোষচ্ছলতঃ ক্রোধচ্ছলাৎ ইবেতি বাক্যালঙ্কারে অন্যৎ সুগমং ॥ ৯ ॥

ইদং কর্ণে ইতি। এতাদৃক্ বৃন্দা পরিষদি সভায়াং গোবিন্দে সগর্ব্বে সতি ইদমুত্তরং দদাবিত্যন্বয়ঃ। কিং কৃত্বা অলংশোণৈ রক্তবর্ণৈশ্চল-কুটিল চিল্লীক্ষণতটৈঃ কৃত্বা তা অতিকুটিলাঃ সখীঃ প্রেক্ষ্য দৃষ্ট্বা। চলে চঞ্চলে অথচ কুটিলে বক্রে চিল্ল্যৌ ভ্রুবৌ যত্র এবম্ভূতে যে ঈক্ষণে লোচনে তয়োস্তটৈঃ প্রান্তৈঃ। প্রথমক্ষণে একপ্রকারো দ্বিতীয়ক্ষণে ততোধিকা-হন্যপ্রকারস্তৃতীয়ক্ষণে ততোহপ্যধিকান্যপ্রকার ইতি নেত্রান্তস্য ব্যবহার-বাহুল্যাত্তটৈরিতি বহুবচনং। কস্মিন্ সত্যেবং তস্যা বৃন্দায়াঃ কর্ণে ইদমুক্ত-প্রকারং সহসং যথাস্যাত্তথা নিগদিতবতীম্বাস্থু রাধাস্থু সতীম্বিত্যর্থঃ। আস্বিতি ভট্টারকপাদাঃ সমাদিশন্তীতিবদ্গৌরবেণ বহুবচনং। অন্যথা ইতি

হে বৃন্দে! ইহা সত্য বটে কি না? আমার নিকট বল, কি আশ্চর্য্য! তুমি প্রিয়গণের সমীপেও বলিতে লজ্জা পাই-তেছ, যদি সত্য হয় তবে তুমি ক্রোধচ্ছলে এ স্থান হইতে গমন কর, আমরা নানা বাক্য দ্বারা শঠগুরু শ্রীকৃষ্ণকে জয় করিব ॥ ৯ ॥

হে সখি! রূপমঞ্জরি! শ্রীরাধিকা হাস্যোল্লাসে বৃন্দার কর্ণে এইরূপ বলিলে মৃগলোচনা বৃন্দাদেবী অলীক কোপ

অলংশোণৈরেণীদৃগতিকুটিলাঃ প্রেক্ষ্য সখি তাঃ
সগর্ব্বে গোবিন্দে পরিষদি দদাবুত্তরমিদং ॥ ১০ ॥

অয়ে পদ্মাষণ্ড ব্রজনগরভণ্ড ব্রজবনা
দিতস্ত্বঞ্চেদিচ্ছে রুচির বনরাজত্বমচিরাৎ ।
সখীস্থল্যাঃ ষষ্ঠীং ভজ নিজবধূং তাং কিল তদা

কৃষ্ণস্য বাগমৃতমাপীয় রাধা বৃন্দাং প্রতি নীচৈরাহ। ইদং বৃন্দে ইত্যস্যোত্থাপক চূর্ণিকায়াং রাধিকায়া এব বক্তৃত্বে বহুবচনানুপপত্তেঃ। স্বীয় জনস্য বাগ্‌ভঙ্গী শ্রবণায়াবির্ভবন্তীং শ্রীরূপমঞ্জরীং প্রত্যক্ষমনুভূয় সম্বোধয়তি সখীতি ॥ ১০॥ উত্তরমাহ অয়ে ইতি পদ্মাষণ্ড পদ্মানাম্নী চন্দ্রাবলী সখী তস্যাঃ ষণ্ঢঃ গোরক্ষকঃ। ষণ্ডং পদ্মাদি সঙ্ঘাতে ন স্ত্রী স্যাদ্গোপতৌ পুমান্ ইতি মেদিনী। ষণ্ঢ ইতি টবর্গ চতুর্থান্ত পাঠেপি স এবার্থঃ তথাচ মেদিনী। ষণ্ঢঃ স্যাৎ পুংসি গোপতাবিতি। হে ব্রজনগরভণ্ড ত্বং চেদ্যদি অচিরাৎ শীঘ্রং রুচিরবনরাজত্ব মিচ্ছেস্তদা ইতোঽস্মাদ্বনাদ্ব্রজ গচ্ছ। কুত্র গত্বা কিং করিষ্যামীতি চেৎ শৃণূপদিশামীত্যাহ। তাং প্রসিদ্ধাং সখীস্থল্যাঃ ষষ্ঠীং চন্দ্রাবলীং নিজবধূং কিল

প্রকাশ করত সমধিক রক্তবর্ণ, চঞ্চল ও কুটিল ভ্রুভঙ্গি পূর্ব্বক সেই অতিকুটিল স্বভাবা সখীদিগকে কটাক্ষে অবলোকন করিয়া সভামধ্যে শ্রীকৃষ্ণ গর্ব্ব করিতে থাকিলে তাঁহাকে এই উত্তর প্রদান করিলেন ॥ ১০ ॥

অয়ে ব্রজনগরভণ্ড! কৃষ্ণ! তুমি পদ্মানাম্নী চন্দ্রাবলী সখীর ষণ্ড অর্থাৎ গোরক্ষক, তুমি যদি এই মনোহর কাননের আধিপত্য হইতে অভিলাস কর, তবে শীঘ্র এই ব্রজ হইতে গমন করত সখীস্থলীর অর্থাৎ তন্নামক গ্রামের ষষ্ঠী রূপা চন্দ্রাবলীনাম্নী নিজ বধূকে ভজনা কর তাহাতে তিনি সন্তুষ্টা

যথা সা তুষ্ট্যা তে বদর বনরাজ্যং বিতরতি ॥ ১১ ॥
তত ইত্থং তৎসৌন্দর্য্যাদিস্তবনারভট্যা শ্রীগান্ধর্ব্বায়া
বৃন্দাটব্যাং স্বতামর্পয়ন্তী তমুপালভ্য সোল্লাসং পুনরাহ ॥
যদেতদ্বিম্বত্বাল্লসতি মুখমস্যাঃ কমলতো

নিশ্চিতং ভজ। যথা সা ষষ্ঠী তে তব বদরবনরাজত্বং কেলিবনাধিপত্বং বিতরতি বিস্তারয়িষ্যতি ॥ ১১॥

যদেতদিতি। অস্যোত্থাপকচূর্ণিকায়াং তৎসৌন্দর্য্যাদীতি। তস্যা রাধিকায়াঃ। তস্যাশ্চন্দ্রাবল্যা ইতি নবীনা যদাহুস্তন্মন্দং চন্দ্রাবল্যাঃ সৌন্দর্য্যাদি কথনাভাবাৎ। তমুপালভ্যেতি। তং শ্রীকৃষ্ণং উপালভ্য সোপপত্তিকং নির্ভৎর্স্য স্বতা মাত্মীয়তাং যদেতদ্বিম্বত্বাৎ য দ্যস্মাদেতস্যা রাধায়া মুখাদের্বিম্বং এতদ্বিম্বং তস্য ভাবস্তত্বং ততঃ কমলাদীনা মেতদ্বিম্বত্বাৎ রাধামুখাদি চ্ছায়াত্বাৎ কমলাদিভ্যোঽস্যা রাধায়া মুখাদিকং লসতি অতোঽস্যা এব চ্ছায়া অটবির্ভবেদিতি পদ্যাষ্টমেন সম্বন্ধঃ। তত্র প্রথমং চঞ্চৎ কুবলয় মৃগাণাং চয়াৎ দৃশোর্দ্বন্দ্বমিবৈতৎ বিম্বত্বাৎ কমলতঃ কমলং ন্যক্কৃত্য অস্যা রাধায়া মুখং লসতি শোভতে ইত্যন্বয়ঃ। দৃশোর্দ্বন্দ্বং যথা কুবলয় মৃগাণাং চয়ং ন্যক্কৃত্য উল্লসতি তথেত্যর্থঃ

হইয়া অবশ্য তোমাকে বদর বনরাজ্যের অর্থাৎ বিলাস বনের আধিপত্য বিতরণ করিবেন সন্দেহ নাই ॥ ১১ ॥

তৎপরে বৃন্দা এই রূপ রাধিকার সৌন্দর্য্যাদি, চাতুরী পূর্ব্বক বর্ণনা করত বৃন্দাবনে শ্রীগান্ধর্ব্বা রাধিকারই আত্মীয়তা খ্যাপন পূর্ব্বক শ্রীকৃষ্ণকে উপালম্ভন করিয়া পুনরায় কহিতেছেন।

শ্রীরাধার এই মুখ, কমল অপেক্ষা যে অধিক শোভা পাইতেছে ইহার কারণ এই, কমল মুখের প্রতিবিম্ব অর্থাৎ ছায়াস্বরূপ, এবং নেত্রদ্বয়ও চঞ্চল নীলোৎপল ও মৃগগণ হইতে সমধিক শোভিত হইতেছে এবং নাসিকাও স্বীয়

দৃশোর্দ্বন্দ্বং চঞ্চৎকুবলয় মৃগাণামিব চয়াৎ।
উদঞ্চন্নাসা শ্রীঃ শুক নবযুব ত্রোটিবলনা-
ল্লসদ্বন্ধূকেভ্যোঽপি চ রুচিঘটারজ্যদধরঃ॥ ১২॥
অয়ে দন্তাঃ কুন্দাবলি করকবীজাদিরচনা-
দপি স্ফীতা গীতাঃ কুমুদবনতোঽপি স্মিতলবঃ।
শ্রুতিদ্বন্দ্বং মুঞ্জাললিত গুণপুঞ্জাদপি পুন

উদঞ্চন্তী সর্ব্বোৎকৃষ্টত্বেন উদ্গচ্ছন্তী যা নাসায়াঃ শ্রীঃ শোভা কর্ত্রী শুক নব-যূনো যৎ ত্রোটি বলনং চঞ্চুশোভা তন্ন্যক্কৃত্য রুচিঘটয়া কান্তিসমূহেন রজ্যন্ শোভমানো যোঽধরঃ স লসদ্বন্ধূকেভ্যঃ লসদ্বন্ধূকানি ন্যক্কৃত্য এবং প্রতি-শ্লোকস্থ পঞ্চম্যন্তপদং ব্যাখ্যেয়ং॥ ১২॥

অয়ে ইতি। স্ফীতাঃ পুষ্টাঃ। কুন্দাবলিশ্চ করকং দাড়িম্বং তস্য বীজাদিচ রচনং চিত্রিতঞ্চ তেষাং সমাহারস্তস্মাৎ। স্মিতলবঃ হাস্যলেশঃ। মুঞ্জায়া-স্তৃণবিশেষস্য ললিত ঈপ্সিতো যো গুণপুঞ্জঃ কুণ্ডলাকারেণ সজ্জিতরজ্জুরাশি-স্তস্মাৎ সতু অভঙ্গরূপেণ বিরাজতে অতঃ স্বস্য তাদৃগবস্থত্বেন তৎপ্রতিবিম্বত্বং।

শোভা দ্বারা অভিনব শুক পক্ষির চঞ্চু পুটকে, তথা রক্তবর্ণ অধরও নিজ কান্তি ঘটা দ্বারা বিকসিতবন্ধূক অর্থাৎ বাঁধুলী ফুলকে ন্যক্কার করত অধিক শোভা পাইতেছে॥ ১২॥

আহা! দন্ত পঙ্‌ক্তিটী কুন্দাবলী ও করকবীজ অর্থাৎ দাড়িম্ব বীজের রচনা হইতেও কান্তি পরিপুষ্ট রূপে কীর্ত্তিত হইতেছে, হাস্য লেশও ধাবল্য গুণে কুমুদকানন হইতেও সুন্দর এবং মুঞ্জা অর্থাৎ মুঁজ নামক তৃণনির্ম্মিত রজ্জুকে কুণ্ডলাকার অর্থাৎ গোলাকৃতি করিলে যেমন হয় তাহা

র্ললাটোদ্যল্লক্ষ্মীঃ শুভগ বকপুষ্পাদতিতরাং ॥ ১৩ ॥
চলচ্চিল্লীবল্লী ভ্রমরবর পঙ্‌ক্তেরপি ততঃ
স্ফুরজ্জম্বূ পক্ক প্রচুরফলতোঽপ্যেতদলকঃ।
কচোল্লাসঃ স্ফূর্জ্জন্মদশিখিশিখণ্ডাদপি মধৌ
পিকোত্তানধ্বানাদপি পরমুদারং মৃদুবচঃ ॥ ১৪ ॥
নিতম্বঃ শৈলানামপি বিপুলভারাদতিগুরুঃ

বকপুষ্পাদৰ্দ্ধচন্দ্রাকার পুষ্পবিশেষাৎ। স্বস্য তাদৃগাকারসৌষ্ঠবেন তৎপ্রতিবিম্বত্বং ॥ ১৩ ॥

চলেতি। চলন্তী ইতস্ততঃ সর্পন্তী যা চিল্লীবল্লী ভ্রূলতা ভ্রমরবরাণাং ভ্রমরশ্রেষ্ঠানাং যা পঙ্‌ক্তিস্তস্যাঃ। স্ফুরন্তি প্রকাশমানানি যানি জম্বূনাং পক্কপ্রচুরফলানি তেভ্যঃ। এষঃ অলকঃ এতদলকশ্চূর্ণকুন্তলঃ। স্ফূর্জ্জৎ প্রকাশমানং যন্মদশিখিনাং মত্তময়ূরাণাং শিখণ্ডং পুচ্ছং তস্মাৎ কচোল্লাসঃ। মধৌ বসন্তে পিকানাং কোকিলানাং উত্তানধ্বানাৎ প্রচুর শব্দাৎ উদারং সুন্দরং মৃদু বচঃ কোমলবাক্যং ॥ ১৪ ॥

নিতম্ব ইতি। অতিগুরুর্নিতম্ব ইতি সম্বন্ধঃ শৈলানাং পৰ্ব্বতানাং বিপুল-

হইতেও কর্ণ যুগল অতিশয় বক্র রেখা বিশিষ্ট এবং ললাট দেশও স্বীয় শোভাগুণে মনোহর বকপুষ্প হইতে সুন্দর ॥ ১৩

চঞ্চল ভ্রূলতা, উৎকৃষ্ট ভ্রমরমালা হইতেও সুদৃশ্য, আর এই অলক অর্থাৎ চূর্ণকুন্তল প্রকাশমান সুপক্ক প্রচুর জম্বূফল হইতেও কৃষ্ণবর্ণ, উল্লসিত কেশকলাপ প্রকাশমান মদমত্ত ময়ূরগণের শিখণ্ড (পিচ্ছ) হইতেও শোভাশালী এবং সুন্দর কোমল বাক্যও বসন্তকালীন কোকিলকুলের প্রচুরতর শব্দ হইতেও সুমধুর ॥ ১৪ ॥

নিতম্বদেশ শৈলমালার বিপুল ভার হইতেও গুরুতর,

কুচৌ তুঙ্গৌ বিল্বাদিকফলকুলাদপ্যতিঘনৌ।
ভুজাযুগ্মং ভ্রাজন্নতিততিতোঽপীহ ললিতং
ললামশ্রীলোমাবলিরপি ভুজঙ্গীততিরুচেঃ॥ ১৫
বরোরূ রম্ভালী ক্রমরচন জৃম্ভাদপি গতি-
র্মরালীপালীনামপি চলন রঙ্গান্মৃদুতরা।
পদদ্বন্দ্বং ফুল্লস্থলকমলবৃন্দাদপি সদা

ভারাৎ অতিশয়গুরুত্বাৎ। তুঙ্গৌ উচ্চৌ অথচ ঘনৌ নিবিড়ৌ কুচাবিতি সম্বন্ধঃ। ললিতং সুকুমারং ভুজাযুগ্মং ভুজযুগলং। ভ্রাজন্নতিততেঃ প্রফুল্ল-লতাসমূহাৎ। ললামা সুন্দরী শ্রীঃ শোভা যস্যাঃ সা। ভুজঙ্গীততিরুচেঃ সর্পীসমূহকান্ত্যাঃ॥ ১৫॥

বরোরূ ইতি। বরৌ শ্রেষ্ঠৌচ তৌ উরূচেতি বরোরূ কর্ত্তারৌ রম্ভয়োঃ রালীক্রমেণ পঙ্‌ক্তিক্রমেণ যদ্রচনং তস্য জৃম্ভাৎ প্রকাশাৎ। জৃম্ভাদিতি বিশে-ষেণাপি সামান্যং বাধ্যতে ন কচিৎ কৃতীতি ন্যায়েন গুর্ব্বাদিত্বাৎ প্রাপ্ত সাৎ-প্রত্যয়ং বাধিত্বা পুংসীত্যাদিনা ভাবে ঘঞ্। মরালীপালীনাং হংসীবর্গাণাং মৃদুতরা মন্দতরা। চলনরঙ্গাচ্চলনভঙ্গ্যাঃ। বদান্যত্বং বহুদাতৃত্বং অন্যৎ

কুচদ্বয় উন্নত অথচ বিল্বাদি ফল হইতেও নিবিড়, বাহুযুগল প্রফুল্ল লতা সমূহ হইতেও সুকুমার এবং শোভাযুক্ত লোমা-বলীও ভুজঙ্গীগণের কান্তি অপেক্ষা সুন্দর॥ ১৫॥

উত্তম উরুযুগল উৎকৃষ্ট কদলীতরুর পঙ্‌ক্তি ক্রমে যে রচনা তাহার শোভা হইতেও মনোহর, গমনও রাজহংসী-গণের গমনভঙ্গি হইতেও মন্থর, চরণদ্বয় প্রফুল্ল স্থলকমল-সমূহ অপেক্ষাও মৃদুতর এবং ব্রজপুরে যে সকল কল্পবৃক্ষ আছে তৎসমুদায় হইতেও ঐ চরণদ্বয়ের সমধিক বদা-

বদান্যস্ত্বং কল্পদ্রুম নিকরতোঽপি ব্রজপুরে ॥ ১৬ ॥
দৃশোঃ প্রেম্না শশ্বৎ ক্ষরদমৃত নিঃস্যন্দবিততি-
স্তথা স্বেদস্তোমঃ কনকজয়িবর্ম্ম প্রপতিতঃ।
মনোগঙ্গা কৃষ্ণা বিবিধ সরসীবৃন্দবিচলৎ-
প্রবাহাদপ্যুচ্চৈঃ পুলক উত নীপ স্তবকতঃ ॥ ১৭ ॥
অলং গন্ধস্নিগ্ধা কনকগিরিবন্দ্যা দ্যুতিরপি

স্পষ্টং ॥ ১৬ ॥

দৃশোরিতি। দৃশোশ্চক্ষুষোঃ সম্বন্ধিনী যা প্রেম্না শশ্বন্নিরন্তরং ক্ষরদমৃতবৎ নিঃস্যন্দবিততি র্গলদশ্রুসমূহঃ সা। তথা কনকজয়িনো বর্ম্মণঃ শরীরাৎ প্রপতিতো যঃ স্বেদস্তোমঃ ঘর্ম্মসমূহঃ সচ মনোগঙ্গাদিপ্রবাহান্নসতীত্যর্থঃ। মনোগঙ্গা মানসগঙ্গা চ কৃষ্ণা যমুনাচ বিবিধ সরসীবৃন্দঞ্চ তেষাং বিচলন্ যঃ প্রবাহঃ স্রোত স্তস্মাৎ। উত অপি নীপস্তবকতঃ কদম্বপুষ্পকেশরাৎ ॥ ১৭ ॥

অলমিতি। দ্যুতিরপি কর্ত্রী স্ফুটৎ ফুল্লচম্পাবলি কনকযূথী নিবহস্তো নিবহাৎ দ্যুতিঃ কিম্ভূতা অলং ভূষণে গন্ধস্নিগ্ধৌ গুণৌ যস্যাঃ গন্ধস্নিগ্ধ গুণবিশিষ্টেত্যর্থঃ। পদ্মসম্বন্ধি লক্তায়াঃ পত্রে পদ্মপত্র ব্যপদেশবৎ পরম্পরা সম্বন্ধেন দ্যুতের্গন্ধবত্তা। পুনঃ কিম্ভূতা কনকগিরিণা সুমেরুপর্ব্বতেন বন্দ্যা বন্দনীয়া। স্ফুটন্তী স্বল্পপ্রকাশমানাচ ফুল্লোঽত্যন্তপ্রকাশমানশ্চ তৌ স্ফুটৎফুল্লৌ চম্পা

ন্যতা অর্থাৎ বহু দাতৃত্ব ॥ ১৬ ॥

প্রেমবশতঃ নিরন্তর বিগলিত অমৃততুল্য নেত্রদ্বয়ের যে অশ্রু সমূহ, তথা স্বর্ণবিজয়ি শরীর হইতে প্রপতিত যে স্বেদবিন্দু সকল, উহারা মানসগঙ্গা, যমুনা ও বিবিধ সরোবর সকলের বহমান প্রবাহ হইতে শোভা সম্পন্ন এবং এই অঙ্গের পুলক অর্থাৎ লোমাঞ্চও কদম্বপুষ্পের কেশর অপেক্ষাও শোভাশালী ॥ ১৭॥

অঙ্গকান্তিও কনকাচলেরও বন্দনীয় এবং সুশোভিত-

স্ফুটৎ ফুল্লচ্চম্পাবলিকনকযূথীনিবহতঃ
অপি ভ্রাজদ্বক্ষঃস্থলমতুল সিংহাসনকুলা-
দপি ভ্রাম্যন্নেত্রক্রমণ নটনং খঞ্জনগণাৎ ॥ ১৮ ॥
পরঞ্চাস্যাদীনাং বিকসনভরাদেষু কিল স
ক্বচিন্মানান্ম্লানৈর্বত ভবতি সৈবেষ্বিহ যতঃ।

বলিশ্চ কনকযূথীনিবহশ্চ তৌ চম্পাবলিকনকযূথীনিবহৌ স্ফুটৎ ফুল্লৌচ তৌ চম্পাবলি কনকযূথী নিবহৌ চেতি তাভ্যামিতি পঞ্চমী দ্বিবচনস্য তসি। অত্র ক্রমসম্বন্ধঃ। ভ্রাম্যন্তী সহজং চঞ্চলন্তী যে নেত্রে তয়ো র্যৎ ক্রমণং স্বভাব স্থচনায় ইতস্ততঃ প্রসর্পণং তদেব নটনং নৃত্যং তৎকর্ত্তৃ। পূর্ব্বন্তু দৃশোদ্বর্ন্দ্ব মিত্যত্র সহজ চাঞ্চল্যং ইদানীন্তু ভাবস্থচনরূপমিতি ভেদঃ ॥ ১৮ ॥

আস্যাদীনাং বিম্বত্বেহন্যদপি শৃণ্বিত্যাহ পরঞ্চেতি। ক্বচিৎ কুত্রচিৎ সময়ে মানাৎ আস্যাদীনাং ম্লানেহের্তো বিকসনভরাৎ প্রকাশাতিশয়াৎ এষু কমলাদিষু স বিলাসঃ কিল সম্ভাবিতো ভবতি নতু সর্ব্বথা। যতো যস্মাৎ সা ম্লানি রিহ বনে এম্বেব কমলাদিষ্বেব নত্বাস্যাদিষু আস্যাদীনাস্তু ম্লানিঃ কদাচিৎ

প্রফুল্ল চম্পকাবলী ও স্থবর্ণ যূথী সমুদায় হইতেও সৌগন্ধ্য অথচ স্নিগ্ধ গুণ বিশিষ্ট, এবং স্থদীপ্ত বক্ষস্থল নিরুপম সিংহা-সনসমূহ অপেক্ষাও শোভমান তথা চঞ্চল নেত্রদ্বয়ের মনোজ্ঞ বিক্ষেপ খঞ্জনপক্ষি হইতেও শোভা বিশিষ্ট হইয়াছে ॥ ১৮ ॥

অপর হে কৃষ্ণ! শ্রীরাধার মুখাদির বিম্বত্ব বিষয়ে আরও বলিতেছি শ্রবণ কর। কোন সময়ে মানবশতঃ মুখাদি অব-য়ব সমূহ ম্লান হইলে যে সৌন্দর্য্য হইয়া থাকে তাহাই কম-লাদি উপমান বস্তু সকলে সম্ভাবিত হয়, যে হেতু এই বনে

অতোঽস্যাশ্ছায়ৈব স্ফুটমটবিরিত্থং খলু ভবেৎ
কথঙ্কারং স্বামিন্ ভবতু ভবতঃ সাম্প্রতমিযং ॥ ১৯ ॥
অপিচ ॥
মুখাদীনাং পদ্মাদিক পুরুপদার্থাঃ সমরুচঃ
প্রপন্নাঃ সারূপ্যং যদতি বিলসন্তি স্ফুটমতঃ।
অজাণ্ডে বিখ্যাতা প্রকৃতিমধুরেয়ং সমগুণা
ততঃ শ্রীরাধায়াঃ প্রকটমটবীয়ং প্রিয়সখী ॥ ২০ ॥

কার্য্যবশাদেব আস্যাদিকং দৃষ্ট্বা এষাস্তু সততমেবেতি ভাবঃ। অতো হেতোরিত্থমেবম্প্রকারা অটবিরস্যা রাধায়াশ্ছায়ৈব ভবেৎ। হে স্বামিন্ ইয়ং অটবিঃ সাম্প্রতং কথঙ্কারং কেন প্রকারেণ ভবত স্তব ভবতু ন কথমপীতি ভাবঃ ॥১৯॥

মুখেতি। যদযস্মাৎ সমরুচঃ পদ্মাদিকপুরুপদার্থাঃ মুখাদীনাং সারূপ্যং প্রপন্নাঃ প্রাপ্তাঃ সন্তঃ স্ফুটমতি বিলসন্তি অত্যন্তং প্রকাশন্তে অতো হেতোরজাণ্ডে ব্রহ্মাণ্ডে প্রকৃতি মধুরেয়মটবী বিখ্যাতা কিম্ভূতা সমগুণা ততঃ সমগুণত্বেন ইয়ং প্রিয়সখী অটবী প্রকটং রাধায়াঃ রাধাসম্বন্ধিনী। অত্র পুরুশব্দঃ প্রচুরার্থকঃ। পুরুহং পুরু ভূয়িষ্ঠমিত্যাদ্যমরঃ ॥ ২০ ॥

উক্ত ম্লানি কেবল এই কমলাদিতেই রহিয়াছে সুতরাং এই কানন শ্রীরাধিকার ছায়া বলিয়াই স্পষ্ট রূপে কীর্ত্তিত হইতেছে, অতএব হে স্বামিন্! এখন এই কানন কি প্রকারে তোমার হইবে? ॥ ১৯ ॥

অপিচ। যখন পদ্ম প্রভৃতি পদার্থ সকল তুল্যকান্তি হইয়া মুখাদি অবয়বের সাদৃশ্য লাভ করিয়া স্পষ্ট রূপে অতিশয় বিলাস করিতেছে, তখন ব্রহ্মাণ্ড মধ্যে এই শ্রীরাধাই প্রকৃতি মধুরা অর্থাৎ নৈসর্গিক মাধুর্য্যশালিনী বলিয়া বিখ্যাত হইতেছেন, অতএব এই অটবী শ্রীরাধার তুল্য গুণশালিনী হইয়া প্রিয়সখী স্বরূপা হইল ॥ ২০ ॥

বিরাজচ্ছায়াত্বে প্রকটতর সারূপ্যবলনাৎ
সখীত্বেঽপি ক্রীড়াস্পদমটবিরেষা রসময়ী।
সদৈতস্যা এব ব্রজভুবি ভবত্যেব সুতরাং
যতশ্ছায়া সখ্যোঃ স্ফুরতি নহি ভেদঃ কচিদপি ॥ ২১ ॥
অদো বৃন্দা নান্দীস্তব রসভরৈঃ পোষিত বপুঃ
শ্রিয়া পূর্ণে ঘূর্ণৎ স্মর নটন তৃষ্ণাতরলিতে।

বিরাজেতি। রসময়ী এষা অটবি ব্রজভুবি এতস্যা রাধায়া এব সুতরাং ভব ত্যেব। অত্র হেতুমাহ। প্রকটতরসারূপ্যবলনাৎ স্ফুট সমানরূপতাসৌষ্ঠবাৎ। ছায়াত্বে সখীত্বেঽপীত্যত্র সপ্তম্যর্থো হেতুতা। অটবিঃ কিন্তূতা ক্রীড়াস্পদং ক্রীড়াস্থানং। নমু ছায়ায়াঃ কথং তাদ্রূপ্যং তত্রাহ। যতো হেতোশ্ছায়াসখ্যোঃ কচিদপি ভেদো ন হি স্ফুরতি ছায়াচ সখীচ তে তয়োঃ ॥ ২১ ॥

অদ ইতি। অহো আশ্চর্য্যং রাধা নটী তস্মিন্ নটাচার্য্যে কৃষ্ণে নটিতুমিব দৃষ্টিং সমতনোৎ বিস্তারিতবতী। ইবেতি উৎপ্রেক্ষায়াং কিন্তূতা রাধা অদো বৃন্দানান্দীস্তব রসভরৈঃ পোষিততনুঃ। অসৌ চাসৌ বৃন্দা চেতি। অদো বৃন্দা তস্যা নান্দীরূপা নাট্যারম্ভোত্থাপকা যে স্তবরসভরাস্তৈরিত্যর্থঃ। তথাচ

অপর এই রসময়ী বৃন্দাটবী, যখন শ্রীরাধার রাজমানছায়া স্বরূপ ও সুপ্রকট রূপে তুল্য রূপিণী এবং সখী ভাবে ক্রীড়া স্থান, তখন ব্রজভূমিতে এই বৃন্দাটবী নিয়ত কালের জন্য শ্রীরাধারই হইতেছে, কারণ ছায়া ও সখীর সহিত ভেদ কোন ক্রমেই সম্ভবে না ॥ ২১ ॥

আহা কি আশ্চর্য্য! এই বৃন্দাদেবীর নান্দীপাঠ রূপ স্তবরসভরে পোষিতাঙ্গী ও প্রকাশিত কামনাটকের মহানটী শ্রীরাধা, যাঁহার অঙ্গ শোভা সম্পূর্ণ এবং যিনি ঘূর্ণমান কাম-

অহো রাধোন্মীলন্মনসিজ মহানাটকনটী
নটাচার্য্যে তস্মিন্ নটিতুমিব দৃষ্টিং সমতনোৎ ॥ ২২ ॥
বিশাখা তু স্নেহ স্নপনকৃত রোমাঞ্চ বিলসৎ-
বপুস্তামালিঙ্গ্য স্তবরচিত হ্রী শ্রীস্মিতবৃতাং।
সহাসং দৃগ্‌ভঙ্গ্যা গিরিধরমুপালভ্য সহসং
বিনোদৈর্বৃন্দায়াঃ শিরসি সুমনোবৃষ্টিমকরোৎ ॥ ২৩ ॥

নাটকচন্দ্রিকায়াং। প্রস্তাবনায়াঃ সাম্মুখ্যে নান্দী কার্যা শুভাবহেত্যাদি। নটাচার্য্যে কিম্ভূতে শ্রিয়া শোভয়া পূর্ণে। রাধা কিম্ভূতা উন্মীলন্ প্রাদুর্ভবন্ যো মনসিজঃ কামঃ সএব মহানাটকো নৃত্যপ্রয়োজকস্তস্য নটী ॥ ২২ ॥

বিশাখেতি। বিশাখাতু তাং রাধামালিঙ্গ্য বিনোদৈ হর্ষৈ বৃন্দায়াঃ শিরসি সুমনোবৃষ্টিং পুষ্পবৃষ্টিমকরোৎ কৃতবতী। তাং কিম্ভূতাং স্তবেনরচিতা যা হ্রীর্লজ্জা তয়া শ্রীঃ শোভা যস্য এবম্ভূতেন স্মিতেনেষদ্ধাস্যেন বৃতাং যুক্তাং। বিশাখা কিম্ভূতা স্নেহেন তদ্বিষয়ক প্রীত্যা যৎ স্নপনং স্নাপনং তেন কৃতো যো রোমাঞ্চস্তেন বিলসৎ শোভমানং বপু র্যস্যাঃ সা। কিং কৃত্বা সহাসং যথাস্যাত্তথা দৃগ্‌ভঙ্গ্যা নেত্রকূণনেন সহসং গিরিধরং উপালভ্য নির্ভৎর্স্য ॥২৩॥

নৃত্যের দর্শন তৃষ্ণায় চঞ্চল, সেই নটাচার্য্য শ্রীকৃষ্ণের প্রতি যেন নৃত্য করিবার মানসেই দৃষ্টিপাত করিয়াছিলেন ॥ ২২ ॥

কিন্তু শ্রীবিশাখা প্রীতি স্নপনজনিত রোমাঞ্চদ্বারা বিকসিতাঙ্গী হইয়া স্তুতি বাক্য শ্রবণে লজ্জাবতী ও ঈষৎ হাস্যযুক্তা শ্রীরাধাকে আলিঙ্গন করত, উপহাস ও দৃগ্‌ভঙ্গিবিস্তার পুরঃসর গিরিধর শ্রীকৃষ্ণকে তিরস্কার করিয়া নিরতিশয় আনন্দভরে হাস্য করিতে করিতে বৃন্দাদেবীর মস্তকে পুষ্পবর্ষণ করিয়াছিলেন ॥ ২৩ ॥

এতন্মধুরবর্ণনাকর্ণনেন স্বান্তস্তোষং
বহির্বিহস্য সোৎপ্রাসং কৃষ্ণঃ পুনরাহ ॥
ত্বদালে রঙ্গালী মম কমলবৃন্দাবনতনোঃ
সদঙ্গানাং কুঞ্জাদিক রুচিরনাম্নাং রুচিধনং।
ধ্রুবং হৃত্বা ম্লানাং প্রকটমকরোত্তাং কথমিমা
মিদানীং সারূপ্য স্তবনমিষতো রক্ষসি শঠে ॥ ২৪ ॥
তবাল্যা এবং চেদতি গুণগণা মৎপ্রিয় বনা-

ত্বদালেরিতি। হে শঠে ত্বদালেস্তব সখ্যা রাধায়া অঙ্গালী অঙ্গশ্রেণী প্রকটং যথাস্যাত্তথা তামটবীং ধ্রুবং নিশ্চিতং ম্লানাং গতশোভমকরোৎ। কিং কৃত্বা মম কমলবৃন্দাবন তনো র্মনোহরবৃন্দাবনরূপ শরীরস্য কুঞ্জাদিক রুচির-নাম্নাং সদঙ্গানাং রুচিধনং হৃত্বা। কুঞ্জাদিকমেব রুচিরং চিত্তাকর্ষকং নাম যেষাং সদঙ্গানামিত্যস্য বিশেষণং। রুচিঃ কান্তিঃ সা এব ধনং ইদানীং সম্প্রতি সারূপ্যস্তবন মিষতশ্ছলাৎ ইমাং রাধাং কথং রক্ষসি রক্ষিতুং সমর্থা ভবসি ন ভবিষ্যসীতি ভাবঃ ॥ ২৪ ॥

তবেতি। তবাল্যাঃ সখ্যা যদি অমী গুণগণা গুণসমূহা এব মনেন পূর্ব্বোক্ত-

শ্রীকৃষ্ণ এই প্রকার মধুর বর্ণন শ্রবণে অন্তঃকরণে সন্তোষ ও বাহ্যে হাস্য বিস্তার পূর্ব্বক উপহাস করিয়া কহিতেছেন ॥

হে শঠতাশালিনি! ত্বদীয় সখী শ্রীরাধার অঙ্গ শ্রেণী, আমার এই মনোহর বৃন্দাবন রূপ শরীরের কুঞ্জ প্রভৃতি উত্তম অঙ্গ সকলের কান্তি সম্পত্তি হরণ করত ইহাকে স্পষ্ট-রূপে মলিন করিয়াছে, সম্প্রতি সারূপ্যস্তুতিচ্ছলে এই শ্রীরাধিকাকে তুমি কি রূপে রক্ষা করিবা? ॥ ২৪ ॥

ত্বদীয়বয়স্যা রাধিকার এই গুণ গ্রাম যদি আমার

দপি শ্রেষ্ঠা সুষ্ঠু ধ্রুবমিহ ভবন্তি স্ফুটমমী।
তদা তুচ্ছং পুষ্পং কথমপহরেৎ সেয়মথবা
স্বভাবশ্চৌরাণাং পরধন জিঘৃক্ষু র্ন হি চলেৎ॥ ২৫॥
প্রকারৈশ্ছায়াতো যদতি বরবিম্বস্য মহিমা-
নমুচ্চৈ র্বিস্ফার্য্য স্মরসি ময়ি রাধাং বিতরিতুং।
কথং তৎ স্যাদ্যস্মাৎ পতিপরবশেয়ং তত ইমাং

প্রকারেণ মৎপ্রিয় বনাদপি সুষ্ঠু যথাস্যাত্তথা ধ্রুবং নিশ্চিতং শ্রেষ্ঠা ভবন্তি চদা কথং সেয়ং তবালী তুচ্ছং পুষ্পমপহরেৎ। কশ্চিৎ পরধনেঽপি মমেদমিতি কৃত্বা স্বত্বং প্রকটয়তীত্যাহ। অথবেতি। অথবা ভবেদেবং পরধন জিঘৃক্ষুঃ পরধনে স্বত্বারোপণরূপশ্চৌরাণাং স্বভাবো ন চলেৎ ইতি তবাল্যা ইয়মটবী বক্তুমুচিতেতি ভাবঃ॥ ২৫॥

প্রকারৈরিতি। যচ্ছায়াতঃ প্রকারৈ র্মম চ্ছায়ায়া ভেদৈশ্ছায়া বিশেষৈ রিতি যাবৎ। অধরবিম্বস্য মহিমানং উচ্চৈর্বিস্ফার্য্য প্রকাশ্য রাধাং ময়ি বিতরিতুং দাতুং স্মরসি স্মৃতিশাস্ত্রমিব বিধৎসে তদ্বিধানং কথং স্যাৎ। তত্র হেতুঃ যস্মাদিয়ং রাধা পতিপরবশা স্বাম্যায়ত্তা ততস্তস্মাচ্চেদযদি স পতিঃ আরা-

প্রিয় বৃন্দাবন হইতেও সুন্দর অথচ শ্রেষ্ঠ রূপে পরিস্ফুট হইল, তবে শ্রীরাধা এই বনের তুচ্ছ পুষ্প কেন অপহরণ করেন। অথবা চৌরদিগের স্বভাব এই যে তাহারা পরধন গ্রহণেচ্ছু হইয়া কখনই তাহা হইতে বিরত হইতে পারে না॥ ২৫॥

অপর হে বিশাখে! আমার ছায়াবিশেষে অধর বিম্বের মহিমা সমধিক প্রকাশ করত আমায় শ্রীরাধাকে দিবার নিমিত্ত কি স্মরণ করিতেছ? যদি বল শ্রীরাধা পতিপরায়ণা, তাহা কি রূপে সম্ভব হইবে, তাহার হেতু শুন। সেই পতি

স চেদারাদ্দদ্যাদ্ভবতি মম তর্হ্যেব মমতা ॥ ২৬ ॥
এতদ্বিচিত্র রঙ্গোচ্ছলিত বাগ্‌ভঙ্গী বিলাস-
সুধা স্বর্ধুনীতরঙ্গেণোত্তরলীকৃত হৃদ্বৃত্তি-
দৃঢ় নৌকাং শ্রীরাধাং সস্মিতমালোকয়ন্তীষু
সর্ব্বাসু সস্মিতং ললিতাললাপ ॥
পিপাসার্ত্তঃ কশ্চিৎ ক্ষুদতি বিবশো বর্ত্মনি চল
ন্মরুক্ষেত্রে ক্ষারোদকমলভমানোঽপি বিরসং।

ন্নিকটে দদ্যাৎ তর্হ্যেব মম মমতা স্যাৎ মমেয়মিতি স্বত্বং স্যাৎ ॥ ২৬ ॥

পিপাসেতি। তস্যোত্থাপক চূর্ণিকা ব্যাখ্যা যথা সর্ব্বাসু সখীসু রাধামালোকয়ন্তীষু সতীষু সস্মিতং যথাস্যাত্তথা ললিতা আললাপ কথিতুমারব্ধবতী। রাধাং কিম্ভূতাং এষা পূর্ব্বোক্তপ্রকারা বিচিত্ররঙ্গেণ উচ্ছলিত বাগ্‌ভঙ্গী সৈব-বিলাসায় সুধা স্বর্ধুনী স্বর্গঙ্গা তস্যাস্তরঙ্গেণ উত্তরলীকৃতা চঞ্চলীকৃতা হৃদ্বৃত্তি-রূপা দৃঢ়া নৌকা যস্যাস্তাং।' পিপাসেতি। কশ্চিৎ ক্ষুদতিবিবশো জনঃ পিপাসার্ত্তঃ সন্ দ্রাক্ ঝটিতি সুধামমৃতং প্রপাতুং ইচ্ছন্ হাস্যাস্পদং হাস্যবিষয়

যদি স্বয়ং আমার নিকট শ্রীরাধাকে অর্পণ করেন তাহা হইলে ইহাঁর প্রতি আমার মমতা হইবে অর্থাৎ এই শ্রী-রাধার প্রতি আমার সত্ব জন্মিবে ॥ ২৬ ॥

এইরূপ বিচিত্র রঙ্গ দ্বারা উচ্ছলিত বাক্য ভঙ্গী অর্থাৎ বাক্ চাতুরীরূপ বিলাসামৃতের মন্দাকিনীতে যাঁহার মনো-বৃত্তি রূপ সুদৃঢ় নৌকা তরঙ্গমালায় চঞ্চল হইতেছে, সেই শ্রীরাধাকে সখীগণ তদবস্থায় দর্শন করিলে পর ললিতা হাস্যপূর্ব্বক কহিতে লাগিলেন।

কোন পথিক ব্যক্তি পিপাসা পীড়িত ও ক্ষুধাকাতর হইয়া মরুভূমিতে চলিতে ২ তথায় ক্ষারবারিও না পাইয়া যদি

স্বয়ম্ভূ সংস্তব্যাং হরিপুরবরস্থামপি সুধাং
প্রপাতুং দ্রাগিচ্ছন্ জগতি কিল হাস্যাস্পদমভূৎ ॥ ২৭
ততো রসিকশেখরং ব্রজরাজকুমারং সা দৃগঞ্চল-
বিভ্রমেণ পশ্যন্তী সখীঃ প্রতি শ্রীরাধা ব্যাজহার ॥
স্ফুটং কালী শৈব্যা চরম বনিতা মধ্যম বধূ-
র্মহাপদ্মা পদ্মা পরমরুচিকৃৎ কামদকুচা।

স্থানমভূদিত্যন্বয়ঃ। পিপাসয়া আর্ত্তঃ পীড়িতঃ ক্ষুধা ক্ষুধয়া অতি বিবশঃ ব্যাকুলঃ। কিম্ভূতঃ সন্ মরুক্ষেত্রে বর্ত্মনি চলন্ বিরসং ক্ষারোদকমপি অলভমানঃ অপ্রাপ্নুবন্। সুধাং কিম্ভূতাং হরিপুরবরস্থাং হরেরিন্দ্রস্য পুরবরে অমরাবত্যাং তিষ্ঠতীতি তাং। পুনঃ কিম্ভূতাং স্বয়ম্ভূ সংস্তব্যাং স্বয়ম্ভুবা ব্রহ্মণা সংস্তব্যাং সম্যক্ স্তবনীয়াং ॥ ২৭ ॥

স্ফুটমিতি। যস্য এবম্ভূতৈরংশভূতা মহিষী লসেৎ প্রকাশতে তস্য অন্যা নববধূঃ কা ভুবি পৃথিব্যাং যোগ্যা ভবতু। মহিষীমাহ শৈব্যা এতন্নাম্নী চন্দ্রা-

ঝটিতি হরিপুর অর্থাৎ অমরাবতী স্থিত এবং স্বয়ম্ভূ ব্রহ্মারও স্তবনীয় সুধাপান করিতে ইচ্ছা করে, তাহা হইলে এই জগতীতলে সে অবশ্যই হাস্যাস্পদ হয়, তাহাতে আর কোন সন্দেহ নাই ॥২৭॥

অনন্তর শ্রীরাধিকা রসিক শেখর ব্রজরাজকুমার শ্রীকৃষ্ণের প্রতি কটাক্ষপাতবিস্তার পূর্ব্বক দর্শন করিয়া সখীগণকে বলিতে লাগিলেন ॥

কালী, শৈব্যা, প্রভৃতি যাঁহার চরম অর্থাৎ কনিষ্ঠবনিতা, এবং যাঁহাদিগের কুচমণ্ডল সন্দর্শনেই কাম আসিয়া হৃদয় ক্ষেত্রকে অধিকার করে সেই মহানিধিস্বরূপা পরম-

বরা ষষ্ঠী চন্দ্রাবলিরপি লসেদ্‌যস্য মহিষী
কথং তস্যাপ্যন্যা ভবতু ভুবি যোগ্যা নববধূঃ ॥ ২৮ ॥

তচ্ছ্রবণতো রোষেণৈব সাটোপং তাসাং বসনহারাদিক-মাদাতুমুপসর্পতি শ্রীব্রজেন্দ্রনন্দনে স্ফুটমেব চম্পকলতা সোল্লুণ্ঠমবাদীৎ ॥

বনে ফুল্লচ্ছিল্লাতকপতিরয়ং বাঢ়মসকৃৎ
সতীরস্মান্ প্রীত্যা পরিচরতি ভোগাদিকুসুমৈঃ।

বলী সখা কালী এতন্নাম্নী শক্তি র্যস্য চরমবনিতা কনিষ্ঠা বধূঃ। এবং পদ্মা নাম্নী গোপী মহাপদ্মা শক্তিবিশেষো যস্য মধ্যম বধূর্মধ্যমা স্ত্রী কিম্ভূতা পরম রুচিকৃৎ কামদকুচাচ। চন্দ্রাবলিরপি ষষ্ঠীশক্তিবিশেষো যস্য বরা শ্রেষ্ঠা বধূঃ ॥২৮ বন ইতি। অয়ং ফুল্লচ্ছিল্লাতকপতিঃ প্রকট বর্ত্মপাতিপ্রধানং বনে অসকৃদ্বারং বারং অস্মান্ সতীঃ কর্ম্মভূতাঃ ভোগাদি কুসুমৈঃ প্রীত্যা বাঢ়ং পরিচরতি।

সুন্দরী সুস্তনী পদ্মা যাহার মধ্যম বধূ এবং উৎকৃষ্ট চন্দ্রাবলী যাঁহার রাজমহিষী রূপে শোভা পান, সে ব্যক্তির নিকট এই ভূমণ্ডলে আর অন্য নববধূ কি রূপে যোগ্য হইবে? ॥ ২৮ ॥

ব্রজরাজনন্দন এই কথা শ্রবণ করত রোষ পরবশ হইয়া সদর্পে সেই গোপসুন্দরীদিগের বসন ও হারাদি গ্রহণ করিবার নিমিত্ত সমীপে আগমন করিলে চম্পকলতা সোল্লুণ্ঠন অর্থাৎ স্তুতি পূর্ব্বক দুর্ব্বাক্যে কহিতে লাগিলেন॥

হে সখি! এই কৃষ্ণ ফুল্লচ্ছিল্লাতকপতি অর্থাৎ প্রকট-বর্ত্মপাতির [বাটপাড়ের] প্রধান, ইনি বন মধ্যে মাদৃশ সতী-দিগকে ভোগাদি কুসুম দ্বারা প্রীতি সহকারে অতিশয়

ইতি শ্রীবৃত্তান্তং নিশময়িতুমার্য্যাং দিশ নৃপে
যথা শৃণ্বন্নস্মৈ স্রজমিতসুখং প্রেষয়তি সঃ ॥ ২৯ ॥
তে চম্পকলতালপিতমবধার্য্য
স্মিত্বা শিরোধূননমুবাচ কৃষ্ণঃ ॥
নৃপেন্দ্রেণৈবারাদপণবিপিনস্যাবনকৃতে

ভোগাদিঃ সম্ভোগাদিঃ স এব কুসুমানি তৈঃ। ইতি শ্রীবৃত্তান্তং ইতি এতৎ বর্ত্ম পাতিনশ্চ সম্ভোগাদিনা সতীপরিচরণং যত্তদেব শ্রীযুক্তং বৃত্তান্তমিতি সোল্লুণ্ঠন কথনং এতন্নৃপে রাজ্ঞি নিশময়িতুং শ্রাবয়িতুং আর্য্যাং শ্রেষ্ঠাং বৃন্দাং রাধাং বা দিশ আদিশ প্রেরয় ইতি যাবৎ তেন কিং ভবেত্তত্রাহ। যথা স নৃপঃ শৃণ্বন্ সন্ অস্মৈ বর্ত্মপাতিনে ইহ বনে ইতসুখং প্রাপ্তসুখং যথাস্যাত্তথা স্রজং মালাং প্রেষয়তি প্রেরয়তি। শ্রুত্বা যথোপযুক্ত মেতস্য শাসনং করিষ্যতীতি ভাবঃ। সোল্লুণ্ঠন লক্ষণং যথা। দুর্ব্বাদঃ স্যাদুপালম্ভস্তত্র যঃ স্তুতি পূর্ব্বকঃ। সোল্লুণ্ঠনং সনিন্দস্তু যত্তত্র পরিভাষণং। ইতি জটাধরঃ ॥ ২৯ ॥

নৃপেন্দ্রেণেতি। নৃপেন্দ্রেণৈবারাদদূরং অপণবিপিনস্য অবনকৃতে রক্ষণনিমিত্তায় শশ্বন্নিরন্তরং তত্রাস্মান্নিযুজ্য উত ভো যদগাদিতং কথিতং তৎ শৃণুতঃ।

পরিচর্য্যা করিতেছেন, এই শোভন বিবরণ রাজাকে শুনাইবার জন্য সর্ব্বপ্রধানা শ্রীবৃন্দা অথবা শ্রীরাধাকে প্রেরণ কর, তাহা হইলে রাজা শ্রবণমাত্রেই এই বর্ত্মপাতিকে (বাটপাড়কে) সহর্ষে মালা প্রেরণ করিবেন, অর্থাৎ ইহাঁর গলে পাশ দিয়া বান্ধিয়া লইয়া যাইবেন ॥ ২৯॥

শ্রীকৃষ্ণ এই প্রকার চম্পকলতার বাক্য শ্রবণ করত ঈষৎ হাস্য পূর্ব্বক শিরোঘূর্ণন করিয়া কহিতে লাগিলেন। অহে গোপীগণ! রাজাই আমাকে এই সমীপস্থ বনের রক্ষার

নিযুজ্যাস্মান্ শশ্বৎ যদুত গদিতং তচ্ছৃণুত ভোঃ।
নিজো বা বাহ্যো বা হরতি য ইহাস্যাপি গলিতং
দলং বা পুষ্পং বা হরত কিল তদ্বস্ত্র পদকং ॥ ৩০ ॥
অতোঽহং যুষ্মাকং মণিবসনহারাদিকমিদং
বলেনৈবালুঞ্চ্য প্রমদ ভরতো যামি সদনং।
ন মন্যধ্বে পুষ্পাঙ্কুর দলহৃতিং চেন্নন্নু তদা
বিচারং নীবীনামপি কুচপটানাং বিতরত ॥ ৩১ ॥

তদুক্তমাহ নিজ আত্মীয়ঃ বাহ্যঃ পরঃ এবম্ভূতো যঃ কোঽপি অস্য বনস্য গলিতং স্বয়ং পতিতং ললিতমিতি পাঠে সুন্দরং দলং পুষ্পং বা হরতি তত্তস্য বস্ত্র পদকং হরত গৃহ্নীত ইতি। বস্ত্রঞ্চ পদকং উরোভূষণঞ্চ তয়োঃ সমাহারঃ ॥ ৩০ ॥

অতোঽহমিতি চেদ্যদি পুষ্পাঙ্কুরদলানাং হৃতিং হরণমস্মাভি র্ন কৃতমিতি কৃত্বা ন মন্যধ্বে তদা নীবীনাং কুচপটানামপি বিচারং প্রকাশং বিতরত কুরুত অন্যৎ স্পষ্টং ॥ ৩১ ॥

জন্য নিয়ত নিয়োজিত করিয়া যাহা বলিয়াছেন, তাহা শ্রবণ কর "আমার আত্মীয় বা অনাত্মীয় যে কেহই হৌকনা কেন যে বক্তি এই বনের গলিত পত্র বা পুষ্প অপহরণ করিবে তাহার বসন ও পদক (কণ্ঠাভরণ) কাড়িয়া লইবা ॥ ৩০ ॥

অতএব আমি বলপূর্ব্বক তোমাদিগের মণি, বসন ও হার প্রভৃতি লুণ্ঠন করিয়া আনন্দাতিশয়ে স্বীয় গৃহে গমন করিতেছি, যদি তোমরা "পুষ্প, অঙ্কুর ও দলাদি হরণ করিনাই" এই বলিয়া না মান তবে কটি বন্ধন রজ্জু এবং কুচ পটের বিচার কর অর্থাৎ কাঁচুলী সকল আমাকে বিতরণ কর ॥ ৩১ ॥

ইতি সোল্লুণ্ঠমাভাষ্য সোদগ্রীবমুদ্বীক্ষ্য অয়ে ধ্রুবমেতা-
গুণবত্যো নীব্যঃ পরদ্রব্যং ন রক্ষিষ্যন্তএব কিন্তু
কঠিনেষ্বেতেষ্বেব তল্লক্ষণং লক্ষ্যতে ॥

তথাহি ॥

উরোজানুচ্ছূনান্ যদভিকলয়াম্যদ্য দিবসাৎ
পরস্মাত্তস্মান্মে কুসুমকুলমত্রৈব ভবিতা।
অতো জিজ্ঞাসো মে স্বকরমিলনে দোষ ইহ বো

উরোজানিতি। যদস্মাদদ্য পরস্মাদন্যস্মাদ্দিবসাৎ অন্যদিনমপেক্ষ্য উরো-
জান্ স্তনান্ উচ্ছূনান্ স্ফীতান্ কলয়ামি পশ্যামি তস্মান্মে মম কুসুমকুলং
অত্রৈব উরোজেষু ভবিতা ভবিষ্যতি। অতো জিজ্ঞাসোরেতজ্জ্ঞাতুমিচ্ছো মে
মম ইহ স্তনে স্বকর মিলনে মৎ স্পর্শাৎ চেদযদি বো যুষ্মাকং দোষো ভবেৎ তদা

শ্রীকৃষ্ণ এইরূপ সোল্লুণ্ঠন অর্থাৎ স্তুতিপূর্ব্বক দুর্ব্বাক্য
প্রকাশ করত উদ্‌গ্রীব অর্থাৎ গলদেশ উত্তোলন পুরঃসর অব-
লোকন করিয়া কহিতে লাগিলেন।

অহো! এই যে সকল গুণবতী নীবী, ইহারা কখন পর-
দ্রব্যত গোপন করিবে না কিন্তু এই কঠিন স্থান সকলে
গোপন চিহ্ন লক্ষিত হইতেছে॥

যে হেতু অদ্য কুচমণ্ডলকে অন্য দিন অপেক্ষা অতিশয়
উচ্চ দেখিতেছি, অতএব আমার পুষ্প গুলি এই সকল কুচ
মধ্যেই থাকিবে অতএব এই বিষয়ের তত্ত্বপরিজ্ঞানেচ্ছু
আমি, স্তন মধ্যে হস্ত দিলে যদি মৎসংস্পর্শে তোমাদের
দোষ হয় তবে তোমরা স্বয়ংই অপটে অর্থাৎ বস্ত্রাবরণ রহিত

ভবেচ্চেন্মৎ স্পর্শাৎ স্বয়মকপটং প্রেক্ষয়ত তান্ ॥ ৩২ ॥

তদনন্তরং ভঙ্গ্যা শ্রীরাধানীব্যামেব সন্দেহমিবোদ্ভাব্য তস্যাং দৃষ্টিং নিক্ষিপ্য অহো ন্যায্যমিত্যুচ্চৈরাভাষ্য রাধাং প্রত্যুবাচ ॥

রাধে ত্বন্নব নীবিকা গুণময়ী সাধ্বীতি সাধ্বীগণৈঃ
সশ্লাঘং পরিগীয়তে যদিহ তৎ সোল্লুণ্ঠমেব স্ফুটং।
যদ্দৃষ্টেঃ কৃপয়া দ্রুতং নিবিড়তো বন্ধাদ্বিমুক্তাপ্যসৌ

অকপটং সর্ব্বাচ্ছাদনরাহিত্যেনৈব নিষ্কপটং যথাস্যাত্তথা তান্ স্তনান্ প্রেক্ষয়ত দর্শয়ত ॥ ৩২ ॥

রাধে ইতি। হে রাধে সাধ্বীগণৈস্ত্বৎ তব নব নীবিকা সাধ্বীতি কৃত্বা সশ্লাঘং যথাস্যাত্তথা যদ্গীয়তে তৎ স্ফুটং সোল্লুণ্ঠনমেব তদ্বিপরীতত্ব সূচনমেব গুণময়ী সদ্গুণযুক্তা পক্ষে পট্টসূত্র যন্ত্রিতা। সোল্লুণ্ঠে হেতুঃ যদযস্মাৎ দৃষ্টেঃ দৃষ্টিং প্রতি কৃপয়া দ্রুতং শীঘ্রং নিবিড়তো বন্ধান্মুক্তাপি সতী অদ্য সদা সর্ব্বক্ষণং তাং দৃষ্টিমেব আত্মসবিধে স্বনিকটে নীত্বা স্বয়ং ববন্ধ ইতি। ভবন্নীব্যাং মদ্দৃষ্টি-

করিয়া স্তন সকল আমাকে অবলোকন করাও ॥ ৩২ ॥

তদনন্তর শ্রীকৃষ্ণ শ্রীরাধার নীবীতেই যেন সন্দেহ উদ্ভাবন করিয়া এক দৃষ্টিতে অবলোকন করত "অহো উপযুক্ত" এইরূপ উচ্চ বাক্য প্রয়োগ করিয়া শ্রীরাধাকে বলিতে লাগিলেন।

হে রাধে! সাধ্বীগণ তোমার গুণময়ী নব নীবীকে সাধ্বী অর্থাৎ উত্তম বলিয়া যে প্রশংসা করেন, তাহা স্পষ্টই ব্যাজস্তুতি মাত্র, যেহেতু ঐ নীবী আমার দৃষ্টির প্রতি অনুকম্পা করিয়া শীঘ্র নিবিড় বন্ধন হইতে মুক্ত হইলেও সে দৃষ্টিকে স্ব সমীপে লইয়া বন্ধন করিয়া রাখিয়াছে, অর্থাৎ আমার

তামেবাদ্য দৃঢ়ং সদাত্মসবিধে নীত্বা ববন্ধ স্বয়ং ॥ ৩৩
ভোঃ পশ্যত পশ্যত কৃতঘ্ন্যোঽনয়া নীব্যা দস্তবৃত্তিমাচর্য্য মৎসুরভিপুষ্পাণি স্বাধস্তাদ্রক্ষিতানি সন্তি যতো রোমাবলী নাম ভ্রমরপঙ্‌ক্তিস্তৎ সৌরভ্যমনুভূয় তদনুসরন্তী বর্ত্ততে এতদাকর্ণনেন ভ্রূভঙ্গ্যা তমাক্ষিপ্য গৃহায় গচ্ছন্ত্যাং বলাৎ কৃষ্ণেন ব্যাঘোটিতায়াং রাধায়াং তুঙ্গবিদ্যাব্রবীৎ ॥
শঠেন্দ্র ত্বং শশ্বৎ পদকমপি হর্ত্তুং বদসি য-
ত্তদস্মাভিঃ সোঢ়ং নৃপসুততয়া সংপ্রতি শৃণু।
সমস্তাঃ সম্ভূয় হ্রিয়মিহ বিহায় প্রিয়তমাং

ন্ নৈব তিষ্ঠতীতি ভাবঃ ॥ ৩৩ ॥
শঠেন্দ্রেতি। অস্য চুর্ণিকায়াং ব্যাঘোটিতায়াং পরাবর্ত্তিতায়াং। ইহ বনে

দৃষ্টি সর্ব্বদা তোমার নীবীতেই সংলগ্ন রহিয়াছে ॥ ৩৩ ॥

অহে কৃতঘ্নীগণ! তোমরা সকলে দেখ ২ দস্তবৃত্তি আচরণ পূর্ব্বক আমার সুরভি পুষ্প গুলি অপহরণ করিয়া ইনি স্বীয় অধোদেশে আবৃত করিয়া রাখিয়াছেন, যে হেতু রোমাবলীরূপ ভ্রমরমালা সৌগন্ধ্য অনুভব পূর্ব্বক সেই পুষ্প গুলির অনুসরণ করত অবস্থিত রহিয়াছে, এই কথা শ্রবণ করিয়া শ্রীকৃষ্ণকে ভ্রূভঙ্গি দ্বারা আক্ষেপ পুরঃসর গৃহগমনোদ্যত শ্রীরাধা তৎ কর্ত্তৃক সবলে পরাবর্ত্তিতা হইলে তুঙ্গবিদ্যা শ্রীকৃষ্ণকে কহিতে লাগিলেন ॥

হে শঠেন্দ্র! তুমি যে সর্ব্বদা পদক হরণেরই কথা বলিতেছ, তাহা রাজনন্দন জ্ঞানে আমরা সহ্য করিলাম, সম্প্রতি

গ্রহীষ্যামোঽবশ্যং বয়মপি তবাচ্ছিদ্য মুরলীং ॥ ৩৪ ॥
ততঃ শ্রীকৃষ্ণঃ সদর্পমুপদিশন্নিবাহ ॥
অহং সখ্যে দক্ষশ্চতুর যুবরাজো ব্রজপুরে
স্বকং বৃন্দারণ্যং বিকসদভিরক্ষ্যাম্যবিবশঃ।
প্রদায়ারাদঙ্কস্রজমনুগতা মৎকরুণয়া
সমস্তা হিত্বৈতামপসরত চৌরীং চলসখীং ॥৩৫ ॥

হ্রিয়ং লজ্জাং বিহায় সংভূয় মিলিতীভূয় অন্যৎ সুগমং ॥ ৩৪ ॥
অহমিতি। সমস্তা অনুগতা যূয়ং মৎকরুণয়া অঙ্কস্রজং কণ্ঠমালাং আরান্নিকটে প্রদায় চৌরীমেতাং চলসখীং রাধাং হিত্বা অপসরত নিষ্কণ্টকং গচ্ছত। অন্যৎ স্পষ্টং ॥ ৩৫ ॥

শ্রবণ কর, আমরা সকলে মিলিত হইয়া এই বনে লজ্জা পরিত্যাগ পূর্ব্বক তোমার প্রিয়তম মুরলীকে নিশ্চয় কাড়িয়া লইব ॥ ৩৪ ॥

তদনন্তর শ্রীকৃষ্ণ সদর্পে উপদেশ দিয়াই যেন কহিতে লাগিলেন ॥

অহে সখীগণ! ব্রজপুর মধ্যে আমি সখ্য কার্য্যে সুদক্ষ, চতুর ও যুবরাজ, আমি যত্নশীল হইয়া এই স্বীয় প্রফুল্ল বৃন্দাবন রক্ষা করিতেছি সুতরাং তোমরা সকলে আমার অনুগত, আমার প্রতি করুণা করিয়া আমার নিকট কণ্ঠমালা দান পুরঃসর তোমাদের এই চঞ্চল বয়স্যা চৌরী শ্রীরাধাকে পরিত্যাগ করিয়া নিষ্কণ্টকে গমন কর ॥ ৩৫ ॥

এবমাকর্ণ্য ললিতান্তঃ সুষ্ঠু প্রমুদিতা সাকূত ভঙ্গ্যাহ॥
পুনর্গর্ব্বং কুর্য্যাস্মহি বিট শঠাস্মৎপুর ইহ
ব্রজস্যৈতস্যালং চতুর যুবরাজোঽহমিতি ভোঃ।
যদেষা ত্বৎসেব্য স্মর সুত রসেন্দ্র প্রিয়সখী
মহারাজ্ঞী চণ্ডা ত্বদুপরি চ রাগাৎ প্রতপতি॥ ৩৬॥
কুটিল দৃষ্ট্যা সহাসলজ্জয়া তামবলোকয়ন্তীং শ্রীরাধাং

পুনরিতি। হে বিট উদ্ধত হে শঠ ধূর্ত্ত যদযস্মাৎ এষা ত্বৎসেব্য স্মরসুত রসেন্দ্র প্রিয়সখী ত্বদুপরি রাগাৎ হেতোঃ প্রতপতি সন্তপতি। ত্বং ত্বয়া সেব্যো যঃ স্মরঃ কন্দর্পস্তেন সুতঃ স্তুতো যো রসেন্দ্রো রসরাজঃ শৃঙ্গারস্তস্য প্রিয়সখী পক্ষে স্মর সুত রসেন্দ্রঃ শৃঙ্গারঃ প্রিয়ো যস্যাঃ সা চাসৌ সখী চেতি সা ত্বয়া সেব্যা সম্ভোগাদিনা পরিচরণীয়া ত্বৎসেব্যা ততঃ কর্ম্মধারয়ঃ স্মর-সুতেত্যাদিনা। রাগাৎ ক্রোধাৎ পক্ষে অনুরাগাৎ অন্যৎ সুগমং॥ ৩৬॥

ললিতা এই কথা শ্রবণ করত অন্তঃকরণে অতিশয় আনন্দিত হইয়া অভিপ্রায় প্রকাশ সহকারে ভঙ্গি পূর্ব্বক কহিতে লাগিলেন॥

হে উদ্ধত! হে ধূর্ত্ত! "এই ব্রজ মধ্যে আমি চতুর ও যুবরাজ" এই বলিয়া আমাদের অগ্রে পুনর্ব্বার এরূপ গর্ব্ব করিও না, যে হেতু তোমার সেবনীয় কন্দর্প কর্ত্তৃকও আরাধিত রসেন্দ্র অর্থাৎ রসরাজ শৃঙ্গারের অতিপ্রিয় অতএব সেই মহারাজ্ঞী শ্রীরাধা প্রচণ্ডা হইয়া ক্রোধভরে তোমার প্রতি প্রতপ্ত হইবেন॥ ৩৬॥

শ্রীরাধা কুটিল দৃষ্টি এবং হাস্যযুক্ত লজ্জায় ললিতাকে

প্রতি শ্রীকৃষ্ণো ব্যাজহার ॥

মুধাবাদং রাধে ন সৃজ নিজ মত্তালিলপনা-

দ্ব্রজে শুদ্ধা সাধ্বী যদসি তদিদং বচ্মি বিনয়ৈঃ।

ত্বমেতা হিত্বোগ্রা বনকর কৃতে মহ্যমচিরাৎ

প্রসাদং দত্ত্বা তে রুচির শুচিমালাং ব্রজ গৃহং ॥ ৩৭ ॥

তচ্ছ্রুত্বা সভ্রূভঙ্গং শ্রীরাধা ভঙ্গ্যাহ ॥

মুধেতি। হে রাধে মত্তালিলপনাৎ মত্তসখী কথায়া হেতো মুধাবাদং বৃথাবাদং বিরোধোক্তিং ন সৃজ ন কুরু তত্র হেতুর্যদযস্মাৎ ব্রজে শুদ্ধা সাধ্বী অসি। তস্মাদিদং বিনয়ৈর্বচ্মি। তৎ কিং শৃণ্বিত্যাহ। বনকরকৃতে বনকর নিমিত্তায় উগ্রা এতা হিত্বা তে তব রুচির শুচিমালাং মহ্যমচিরাৎ প্রসাদং দত্ত্বাগৃহং ব্রজ গচ্ছেতি ॥ ৩৭ ॥

ত্বমাসামিতি। হে কুনট ত্বং বৈদগ্ধীঘটিতবপুষামাসাং সখীনাং সদসি

অবলোকন করিতে থাকিলে শ্রীকৃষ্ণ শ্রীরাধাকে কহিতে লাগিলেন ॥

হে রাধে! স্বীয় উন্মত্ত সখীর কথায় মিথ্যা বাক্য ব্যয় করিও না, তুমি যখন ব্রজ মধ্যে অতি পবিত্র পতিব্রতা, তখন আমি সবিনয়ে তোমাকে বলিতেছি, এই উগ্র স্বভাবা সখীদিগকে পরিত্যাগ করিয়া বনের কর অর্থাৎ রাজস্ব নিমিত্ত মনোহর পবিত্র মালা আমাকে প্রসাদ স্বরূপ শীঘ্র অর্পণ করিয়া গৃহে গমন কর ॥ ৩৭ ॥

এই কথা শ্রবণ করিয়া শ্রীরাধা ভ্রূভঙ্গি সহকারে কহিতে লাগিলেন।

ত্বমাসাং বৈদগ্ধীঘটিত বপুষাং সংসদি মদা-
ন্নচেমাং ভঙ্গ্যাখ্যাং কুনট কুনটীং নাটয় বৃথা।
বনাদস্মাদ্গত্বা স্বকমুচিত ভণ্ডত্বমচিরা-
ন্নিজাস্থানীমধ্যে রচয় নিবসন্ ভণ্ডসখিভিঃ॥ ৩৮॥
ততঃ কৃষ্ণঃ স্মিত্বা সশৌটীর্য্যমুবাচ॥
ব্রজেঽস্মজ্জুষ্টান্নাশন নিরত কীনাশবনিতাঃ
কুরুধ্বে মে নষ্টাং প্রকটমটবীং কস্য বলতঃ।

সভায়াং ভঙ্গ্যাখ্যাং কুনটীং ইমাং মদাদহঙ্কারাৎ বৃথা ন নাটয় ন নর্ত্তয়। তদা কিং কর্ত্তব্যং তত্রাহ অচিরাৎ শীঘ্রং অস্মাদ্বনাদ্গত্বা নিজাস্থানীমধ্যে নিজক্রীড়া যোগ্য মণ্ডপমধ্যে নিবসন্ ভণ্ডসখিভি র্মধুমঙ্গলাদিভিঃ সহ স্বকং স্বীয়মুচিতং ভণ্ডত্বং রচয় প্রকাশয়। সমাসান্তবিধে রনিত্যত্বাৎ টজভাবঃ। আস্থানী মণ্ডপঃ পাণ্ডু গণ্ডশৈলাসনোজ্জ্বল ইতি দীপিকা॥ ৩৮॥

ব্রজ ইতি। ব্রজে ব্রজভূমৌ হে অস্মজ্জুষ্টান্নাশননিরত কীনাশবনিতাঃ অস্মাভি-র্জ্জুষ্টং ভুক্তং যদন্নং তস্য অশনে ভোজনে নিরতা নিঃশেষেণাবিষ্টা যে কীনাশাঃ কৃষকাস্তেষাং বনিতাঃ স্ত্রিয়ঃ। কস্য বলতো বলাৎ মে অটবীং প্রকটং যথা-

অহে কুনট! তুমি এই বৈদগ্ধী ঘটিতবপু অর্থাৎ সুচতুর সখীগণের সভাতে অহঙ্কার বশতঃ চাতুরীরূপা নটীকে বৃথা নৃত্য করাইও না, শীঘ্র এ বন হইতে গমন করিয়া নিজা-য়ত্ত ক্রীড়া স্থান মধ্যে অবস্থিতি করত ভণ্ডসখা মধুমঙ্গলাদির সহিত স্বীয় ভণ্ডত্ব প্রকাশ কর গা॥ ৩৮॥

তদনন্তর শ্রীকৃষ্ণ ঈষৎ হাস্যপূর্ব্বক সগর্ব্বে কহিতে লাগিলেন।

এই ব্রজ মধ্যে যাহারা আমাদিগের ভুক্তাবশিষ্ট অন্ন ভোজন করিয়া জীবন ধারণ করিতেছে, সেই কৃষকদিগের বনিতা

ইদানীং তচ্ছান্তিং বত ঝটিতি লব্ধুং গিরিপতে
গুহাকারাগারং ঘনতর তমিস্রং প্রবিশত ॥ ৩৯ ॥
তদাকর্ণ্য সস্মিত গর্ব্বং বিশাখাব্রবীৎ ॥
ভবাদৃক্ সংপূজ্যোজ্জ্বলকুলবদেতৎ পিতৃপদৈঃ
স্বয়ং দত্তা যস্মৈ নব কমলিনীয়ং গুণবতী।

স্যাত্তথা নষ্টাং কুরুধ্বে। যদ্ভূতং তদ্ভূতং ইদানীং কর্ত্তব্যতাং শৃণ্বিত্যাহ। ইদানীং সম্প্রতি তচ্ছান্তিং নানাপ্রতিফলং ঝটিতি শীঘ্রং লব্ধুং গিরিপতে র্গোবর্দ্ধনস্য গুহাকারাগারং প্রবিশত। কিম্ভূতং ঘনতর মতিনিবিড়ং তমিস্রমন্ধকারো যত্র তৎ ॥ ৩৯ ॥

ভবাদৃগিতি। অহো আশ্চর্য্যং সচ সর্ব্বশ্রেষ্ঠঃ প্রথিত জটিলাসূনুরভিমন্যুর্বিটস্যাপি তব কৃষকস্তথা উচ্ছিষ্টপ্রাশী অভবদিতি। তস্য সর্ব্বশ্রেষ্ঠত্বে কারণং শৃণ্বিত্যাহ। ভবাদৃক্ সংপূজ্যোজ্জ্বলকুলবদেতৎ পিতৃপদৈ র্বৃষভানুপাদৈঃ কর্ত্তৃভিরিয়ং গুণবতী নব কমলিনী রাধা যস্মৈ স্বয়ং দত্তা নতু কস্যাপ্যুপরোধেনেতি ভাবঃ। ভবাদৃশাং সংপূজ্যং যদুজ্জ্বলং কুলং তদ্বন্তো যে এতৎ পিতৃপদা

হইয়া তোমরা কার বলে স্পষ্টরূপে আমার এই বন নষ্ট করিতেছ? ভাল যাহা হইবার তাহা হইয়াছে সম্প্রতি কর্ত্তব্যতা শ্রবণ কর, অধুনা তাহার শাস্তি অর্থাৎ প্রতি ফল লাভার্থ অত্যন্ত নিবিড় অন্ধকারে আচ্ছন্ন গোবর্দ্ধন পর্ব্বতের গুহারূপ কারাগারে প্রবেশ কর ॥ ৩৯ ॥

এই কথা শুনিয়া সহাস্যগর্ব্বে বিশাখা কহিলেন ॥

কি আশ্চর্য্য! ভবাদৃশ ব্যক্তির পূজনীয় উজ্জ্বল কুলশালী শ্রীরাধাজনক পূজ্যপাদ বৃষভানুরাজ স্বয়ং যাঁহার হস্তে এই গুণবতী কমলিনী শ্রীরাধাকে প্রদান করিয়াছেন, তুমি ত

অহো সর্ব্বশ্রেষ্ঠঃ সচ তব বিটস্যাপি কৃষক-
স্তথোচ্ছিষ্টপ্রাশী প্রথিত জটিলাসূনুরভবৎ ॥ ৪০ ॥
সদা পদ্মা পুষ্টাধরগলিত মাধ্বীক ধয়না-
ন্নিকামং শ্যামাত্মা ভবসি যদপি দ্রাগপি তথা।
বিচার্য্য ত্বং সাধ্বী নুত গুণবিধুং মাতুলবধূং
ভজেমামত্র স্যাৎ কিতব শিবলাভস্তব যথা ॥ ৪১ ॥

এতস্যা রাধায়াঃ পিতৃপাদাস্তৈরিত্যর্থঃ। যুষ্মৎকুলপূজ্যো যো বৃষভানুস্তস্য পূজ্যো যোঽভিমন্যুঃ সোঽপি যুষ্মৎকৃষকাদিরিত্যহো নির্লজ্জস্য প্রলপিতমিতি ভাবঃ ॥ ৪০ ॥

সদেতি। যদযদি সদা নিরন্তরং পদ্মায়া যঃ পুষ্টাধরস্তস্মাদ্গলিতং যন্মাধ্বীকং মধু তস্য ধয়নাৎ পানাৎ নিকামং শ্যামাত্মা কুটিলাত্মা দ্রাক্‌ঝটিতি ভবসি তথাপি ত্বং বিচার্য্য ইমাং মাতুলবধূং মাতুলপত্নীং ভজ কিম্ভূতাং সাধ্বীভি র্নুতঃ স্তুতো গুণবিধুঃ সর্ব্বাহ্লাদকগুণচন্দ্রো যস্যাস্তাং। মাতুলবধূং কথং ভজিষ্যামীতি তত্রাহ। হে কিতব অত্র মাতুলবধূভজনে তব যথাযোগ্যং শিবলাভঃ স্যাৎ মঙ্গললাভো ভবতু। পরম মঙ্গলার্থং ভজেতি ভাবঃ ॥ ৪১ ॥

একজন লম্পট, অথচ তোমার নিকট সেই সর্ব্বশ্রেষ্ঠ জটিলানন্দন অভিমন্যু (রায়াণ) একজন কৃষক এবং উচ্ছিষ্টভোজী হইল, অহো ! কি নির্লজ্জ ব্যক্তির প্রলাপ ! ॥ ৪০ ॥

সর্ব্বদা পদ্মার পরিপুষ্ট অধর গলিত মধু যথেষ্ট পান করিয়া শীঘ্রই তুমি অত্যন্ত কুটিল স্বভাব হইয়া উঠিয়াছ, সুতরাং তুমি বিচার পূর্ব্বক পতিব্রতাগণ বন্দিত এই মাতুলবধূকে সেই রূপে ভজনা কর, যাহাতে অচিরাৎ তোমার ধূর্ত্ততা ঘুঁচিয়া কল্যাণ লাভ হয় ॥ ৪১ ॥

তচ্ছ্রুত্বা সনর্ম্মভঙ্গ্যোক্ত্যা দবীয়ঃসম্বন্ধং
খ্যাপয়ন্ কৃষ্ণঃ সাদরমাললাপ ॥
অসাবস্মন্মাতু র্জনয়িতৃ প্রসূপৌত্র বনিতে-
ত্যলং জ্ঞাতং যস্মিন্ ক্ষণ ইহ সদৈনাং তদবধি

ক্ষুদ্র বোধ হয় তাদৃশ জানুদ্বয় দ্বারা যাঁহারজঙ্ঘা ও মনোজ্ঞ পাদপদ্ম যুগল সুললিত এবং যাঁহার বিবিধ প্রকার বসনভূষায় অঙ্গ বিভূষিত, সেই সুকণ্ঠ গোপালরাজ গিরিপট্টে প্রতাপী হইয়া মনোহররূপে বিরাজ করিতেছেন ॥ ১২ ॥

যিনি স্বীয় অবতার বিশেষ শ্রীবিট্‌ঠলের মূর্ত্তিমান প্রেমরাশি-স্বরূপ, যিনি পরিজনবর্গের পরিচর্য্যারূপ উৎকৃষ্ট অমৃত ভোগে পুষ্টাঙ্গ এবং যিনি স্বীয় কান্তিমালা দ্বারা সমুদ্যত কামসমাজকে পরাজিত করিয়াছেন, সেই গোপালরাজ

প্রতপতি গিরিপট্টে সুষ্ঠু গোপালরাজঃ ॥ ১৩ ॥
বিবিধভজন পুষ্পৈরিষ্ট নামানি গৃহ্নন্
পুলকি তনুরিহ শ্রীবিট্‌ঠলস্যোরুসখ্যৈঃ।
প্রণয়মণিসরং স্বং হন্ত তস্মৈ দদানঃ
প্রতপতি গিরিপট্টে সুষ্ঠু গোপালরাজঃ ॥ ১৪ ॥
গিরিকুলপতিপট্টোল্লাসি গোপালরাজ-
স্তুতিবিলসিতপদ্যান্যুদ্ভটপ্রেমদানি।

জিতোমাদ্যন্ যো মন্মথস্তস্য উদ্যন্ প্রকাশং প্রাপ্নুবন্ সমাজো যেন তথা ॥১৩

বিবিধেতি। পুনঃ কিম্ভূতঃ শ্রীবিঠ্‌ঠলস্য বিবিধ ভজনপুষ্পৈঃ কৃত্বা পুলকিনী তনু র্যস্য সঃ। বিবিধভজনপুষ্পৈঃ কিম্ভূতৈঃ উরুসখ্যৈঃ উরু মহৎসখ্যং যত্র তৈঃ সখ্যপ্রধানৈরিত্যর্থঃ। স্বং স্বীয়ং প্রণয়রূপমণিসরং হারং তস্মৈ শ্রীবিট্‌ঠলেশ্বরায় দদানঃ। ইহ গিরিপট্টে ॥ ১৪ ॥

এতৎ পাঠকমভিনন্দয়তি গিরিকুলেতি। যো জনঃ গিরিকুলপতিপট্টোল্লাসি গোপালরাজ স্তুতিবিলসিত পদ্যানি রসনাগ্রে জিহ্বাগ্রে শ্রদ্ধয়া নির্ভরমতিশয়ং

গিরিপট্টে অতিশয় প্রতাপী হইয়া মনোহররূপে বিরাজ করিতেছেন ॥ ১৩ ॥

যিনি শ্রীবিট্‌ঠলের সখ্যপ্রধান বিবিধ ভজনরূপ পুষ্প দ্বারা পুলকিতাঙ্গ হইয়া ইষ্টনাম গ্রহণ পূর্ব্বক উক্ত শ্রীবিট্‌ঠলেশ্বরকে প্রণয়রূপ মণিমালা অর্পণ করিতেছেন, সেই গোপালরাজ গিরিপট্টে প্রতাপযুক্ত হইয়া মনোহররূপে বিরাজ করিতেছেন ॥ ১৪ ॥

যে ব্যক্তি গিরিবর গোবর্দ্ধনের পট্টদেশে উল্লাসশীল গোপালরাজের স্তুতি সুশোভিত এই পদ্যগুলিকে নিরতিশয়

নটয়তি রসনাগ্রে শ্রদ্ধয়া নির্ভরং যঃ
স সপদি লভতে তৎ প্রেমরত্নং প্রসাদং ॥ ১৫ ॥
॥ * ॥ ইতি শ্রীগোপালরাজস্তোত্রং সমাপ্তং ॥ * ॥

যথাস্যাত্তথা নটয়তি নর্ত্তয়তি স সপদি তৎক্ষণাদেব তৎপ্রেমরত্নং প্রসাদং লভতে ইত্যন্বয়ঃ। গিরিকুলপতিপট্টে গোবর্দ্ধনপট্টে উল্লাসী উল্লসনশীলো যো গোপালরাজস্তস্য স্তত্যা বিলসিতানি শোভিতানি যানি তানিচ তানি পদ্যানি চেত্যর্থঃ। উত্তটো নিরতিশয়ো যঃ প্রেমা তং দদতীতি তানি ॥ ১৫ ॥
॥ * ॥ ইতি শ্রীগোপালরাজস্তোত্র বিবৃতিঃ ॥ * ॥

প্রেমপ্রদ রূপে রসনাগ্রে শ্রদ্ধার সহিত অতিশয় নৃত্য করান, অর্থাৎ নিরন্তর পাঠ করেন তিনি শীঘ্র শ্রীকৃষ্ণের প্রসন্নতা যুক্ত প্রেমরত্ন লাভে সমর্থ হয়েন ॥ ১৫ ॥
॥ * ॥ ইতি গোপালরাজস্তব সমাপ্ত ॥ * ॥

অথ শ্রীমদনগোপালস্তোত্রং ॥

শ্রীমদনগোপালো জয়তি ॥
বনভুবি রবিকন্যা স্বচ্ছকচ্ছালিপালি-
ধ্বনিযুত বরতীর্থ- দ্বাদশাদিত্যকুঞ্জে ।
সকনকমণিবেদী মধ্যমধ্যাধিরূঢ়ঃ
স্ফুরতি মদনপূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ১ ॥

অথ শ্রীবৃন্দাবনে অর্চ্চারূপেণ তিষ্ঠন্তং শ্রীমন্মদনগোপালং স্তৌতি বনভুবীতি। বনভুবি বনস্থানে রবিকন্যা স্বচ্ছকচ্ছালিপালি ধ্বনিযুত বরতীর্থ দ্বাদশাদিত্য-কুঞ্জে এষ মদনপূর্ব্বঃ কোঽপি অনিরুক্তো গোপালঃ স্ফুরতীত্যন্বয়ঃ। মদন-পূর্ব্বো গোপালো মদনগোপাল ইত্যর্থঃ। রবিকন্যায়া যমুনায়া যঃ স্বচ্ছো নির্ম্মলঃ কচ্ছ ইব কচ্ছঃ সন্নিহিত তটপ্রদেশস্তত্র অলিপালীনাং ভ্রমরশ্রেণীনাং ধ্বনিভির্যুতো বরতীর্থরূপো দ্বাদশাদিত্য নাম কুঞ্জস্তত্রেত্যর্থঃ ॥ ১ ॥

অনন্তর গ্রন্থকর্ত্তা শ্রীবৃন্দাবনে প্রতিমারূপে অবস্থিত শ্রীমদনগোপালকে স্তব করিতেছেন ॥

বন স্থানে রবিতনয়া যমুনার সন্নিহিত তট প্রদেশবর্ত্তি-ভ্রমরপুঞ্জ গুঞ্জিত উৎকৃষ্ট তীর্থ রূপ দ্বাদশাদিত্য নামক কুঞ্জে স্বর্ণমণ্ডিত মণিবেদীর উপরে যিনি অধ্যাসীন রহিয়াছেন, সেই এই কোন অনির্ব্বচনীয় মদনগোপাল বিরাজ করিতে-ছেন ॥ ১॥

সুভগ নবশিখণ্ড ভ্রাজদুষ্ণীষ হারা-
ঙ্গদবলয় সমুদ্রাধ্বানমঞ্জীররম্যঃ।
বসন ঘুসৃণচর্চ্চা মালিকোল্লাসিতাঙ্গঃ
স্ফুরতি মদনপূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ॥ ২॥
কটিকৃত বরভঙ্গন্যস্ত জঙ্ঘান্যজঙ্ঘঃ
করযুগ ধৃতবংশীং ন্যস্য বিম্বাধরাগ্রে।

সুভগেতি। সুভগনব শিখণ্ডেন সুন্দর নূতন ময়ূরপুচ্ছেন ভ্রাজৎ দেদীপ্যমানং যদুষ্ণীষং শিরোবেষ্টন বস্ত্রবিশেষ স্তচ্চ হারশ্চ অঙ্গদে কফোণ্যূর্দ্ধদেশস্থিতাভরণ বিশেষৌ চ বলয়ে মণিবন্ধোর্দ্ধদেশ শোভকাভরণেচ সমুদ্রা সাঙ্করাঙ্গুরীয়কঞ্চ ধ্বানযুক্তো যো মঞ্জীরো নূপুরঃ স চ এতৈ রম্যঃ মনোহরঃ। মুদ্রাপদেন সত্যা সত্যভামা ভীমো ভীমসেন ইতিবদঙ্গুলীমুদ্রোচ্যতে। তথাচ সাঙ্করাঙ্গুলিমুদ্রা স্যাদিত্যমরঃ। বসনঞ্চ ঘুসৃণং কুঙ্কুমঞ্চ চর্চ্চা লেপনঞ্চ মালিকাচ তাভিরুল্লসিতং শোভিতমঙ্গং যস্য সঃ॥ ২॥

কটীতি। কট্যাং কৃতঃ করণারব্ধো যো বরভঙ্গঃ শ্রেষ্ঠভঙ্গী তস্মৈ ন্যস্তা জঙ্ঘায়াং বামজঙ্ঘায়াং অন্যজঙ্ঘা দক্ষিণজঙ্ঘা যেন সঃ। করযুগধৃতবংশীং

সুন্দর ও নূতন ময়ূরপুচ্ছের সহিত দেদীপ্যমান উষ্ণীষ অর্থাৎ শিরোবেষ্টন বস্ত্রবিশেষ তথা হার, অঙ্গদ, বলয়, সাঙ্করাঙ্গুরীয়ক এবং শব্দায়মান নূপুর প্রভৃতি আভরণে যিনি রমণীয় হইয়াছেন এবং বসন, কুঙ্কুম, লেপন ও পুষ্পমালায় যাঁহার অঙ্গ সুশোভিত হইয়াছে, সেই এই কোন অনির্ব্বচনীয় মদনগোপাল বিরাজ করিতেছেন॥ ২॥

উত্তম কটিদেশে শ্রেষ্ঠ ভঙ্গী করিবার নিমিত্ত যিনি বামজঙ্ঘায় দক্ষিণ জঙ্ঘা ন্যস্ত করিয়াছেন এবং যিনি করযুগলাবলম্বিত মুরলীকে অধর বিম্বের অগ্রভাগে স্থাপন

সুমধুরমতি তির্য্যগ্‌গ্রীবয়া বাদয়ং স্তাং
স্ফুরতি মদনপূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ৩ ॥
বিধিকৃত বিধুসৃষ্টিব্যর্থতা কারি বক্ত্র-
দ্যুতিলব হৃত রাধা স্থূল মানান্ধকারঃ।
স্মিতলপিতমধূল্যোন্মাদিতৈতদ্ধৃষীকঃ
স্ফুরতি মদনপূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ৪ ॥
শরদুদিত সরোজব্রাত বিত্রাসি নেত্রা-

বিম্বাধরে ন্যস্য অতি তির্য্যগ্‌গ্রীবয়া বক্রস্কন্ধেন গ্রীবাং বক্রীকৃত্যেত্যর্থঃ। তাং বংশীং সুমধুরং যথা ভবতি তথা বাদয়ন্নিত্যর্থঃ ॥ ৩ ॥

বিধীতি। বিধিনা কৃতা যা বিধুসৃষ্টি স্তস্যা ব্যর্থতাকারি ব্যর্থতাকরণশীলং যদ্বক্ত্রং তস্য যো দ্যুতিলবঃ কান্তিলেশস্তেন হৃতং রাধায়াঃ স্থূলং মানরূপমন্ধকারং যেন সঃ। স্মিতেনেষদ্ধসিতেন সহ যল্লপিতমালাপস্তদেব মধূলী মধু তয়া উন্মাদিতং এতস্যা রাধায়া হৃষীকমিন্দ্রিয়ং যেন সঃ। হৃষীকং বিষয়ীন্দ্রিয় মিত্যমরঃ ॥ ৪ ॥

শরদিতি। শরদি শরৎকালে উদিতস্য সরোজব্রাতস্য বিকসিত পদ্মসমূহস্য

পূর্ব্বক বক্রগ্রীবায় সুমধুর স্বরে বাদ্য করিতেছেন, সেই এই কোন অনির্ব্বচনীয় মদনগোপাল বিরাজ করিতেছেন ॥ ৩ ॥

বিধি নির্ম্মিত চন্দ্রসৃষ্টির ব্যর্থতাকারি মুখমণ্ডলের কান্তিলেশ দ্বারা যিনি শ্রীরাধার স্থূলতর মানরূপ অন্ধকার হরণ করিতেছেন এবং সুমধুর হাস্যযুক্ত আলাপ রূপ মধু-দ্বারা যিনি শ্রীরাধার ইন্দ্রিয়গণকে উন্মাদিত করিয়াছেন, সেই এই কোন অনির্ব্বচনীয় মদনগোপাল বিরাজ করিতেছেন ॥ ৪॥

শরৎকালীন বিকসিত পদ্মসমূহেরও ভয়োৎপাদক

ঞ্চল কুটিল কটাক্ষৈ র্মন্দরোদ্দণ্ডচালৈঃ।
ঝটিতি মথিত রাধা স্বান্ত দুগ্ধার্ণবান্তঃ
স্ফুরতি মদনপূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ৫ ॥
কুটিল চটুল চিল্লীবল্লি লাস্যেন লব্ধ-
প্রথিত সকল সাধ্বী ধর্ম্মরত্নপ্রসাদঃ।
তিলকবদলিকেন ধ্বস্ত কামেষু চাপঃ
স্ফুরতি মদনপূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ৬ ॥

বিত্রাসনশীলং তত্তুল্যামিত্যর্থঃ যন্নেত্রাঞ্চলং তেন যে কুটিলকটাক্ষাস্তৈঃ করণৈঃ ঝটিতি শীঘ্রং মথিতং বিলোড়িতং রাধায়াঃ স্বান্তরূপ দুগ্ধার্ণবস্যান্তর্মধ্যং যেন সঃ। কটাক্ষৈঃ কিম্ভূতৈঃ মন্দরোদ্দণ্ডস্যেব চালশ্চালনং যেষাং তৈঃ ॥ ৫ ॥

কুটিলেতি। কুটিলা বক্রা চটুলা চঞ্চলা যা চিল্লীবল্লি ভ্রূলতা তস্যা লাস্যেন নৃত্যেন কৃত্বা লব্ধঃ প্রাপ্তঃ প্রথিতাঃ খ্যাতা যাঃ সকল সাধ্ব্যস্তাসাং ধর্ম্মরত্নরূপ-প্রসাদো যেন সঃ। তিলকবদলিকেন সতিলক ললাটেন ধ্বস্তে বিনষ্টে কামস্য কন্দর্পস্য ইষুচাপে বাণধনুষী যেন সচ ॥ ৬ ॥

অর্থাৎ তৎসদৃশ লোচনাঞ্চলের, মন্দরগিরির উদ্দণ্ডসঞ্চালন তুল্য কটাক্ষ দ্বারা যিনি শীঘ্র শ্রীরাধার অন্তঃকরণরূপ দুগ্ধ-সাগরকে আলোড়িত করিতেছেন, সেই এই কোন অনির্ব্বচনীয় মদনগোপাল বিরাজ করিতেছেন ॥ ৫ ॥

যিনি কুটিল ও চঞ্চল ভ্রূলতার বিক্ষেপ দ্বারা বিখ্যাত-সাধ্বীগণের ধর্ম্ম রত্নরূপ প্রসাদ লাভ করিয়াছেন এবং যাঁহার তিলকবিশিষ্ট ললাট দ্বারা কন্দর্পের ধনুর্ব্বাণও বিনাশ প্রাপ্ত হইয়াছে, সেই এই কোন অনির্ব্বচনীয় মদনগোপাল বিরাজ করিতেছেন ॥ ৬ ॥

শুকযুব বরচঞ্চু প্রাংশুনাসাংশুসিন্ধৌ
জনিত কুলবধূটী দৃষ্টিমৎস্যীবিহারঃ।
স্মিত লব যুত রাধাজল্প মন্ত্রোন্মদান্তঃ
স্ফুরতি মদনপূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ॥ ৭॥
বিকসদধরবন্ধূকান্তরুড্ডীয়গন্ধৈঃ
পতিতমুপ বিধর্ত্তুং রাধিকাচিত্তভৃঙ্গং।

শুকযুবেতি। শুকযুনো যা বরা শ্রেষ্ঠা চঞ্চুঃ সেব যা প্রাংশুনাসা প্রকৃষ্ট কিরণযুত নাসিকা উচ্চনাসিকা বা তস্যা অংশুসিন্ধৌ কিরণসমুদ্রে জনিতঃ কুলবধূটীনাং কুলনববধূনাং স্বল্পবয়সামিতি যাবৎ যা দৃষ্টিরূপাঃ ক্ষুদ্রমৎস্যাঃ তাসাং বিহারো যেন সঃ। কুলবধূটীতি অল্পার্থে টী প্রত্যয়ঃ। মৎস্যীতি প্রায়োঽল্পবিবক্ষায়াং লিঙ্গ সামা[illegible]াদীপ্ ইত্যল্পার্থে ঈপ্ প্রত্যয়ঃ। স্মিতলবেন স্মিতলেশেন যুতো যো রাধ[illegible] জল্পরূপো মন্ত্রস্তেন উন্মদং অন্তরন্তঃকরণং যস্য সঃ॥৭

বিকসদিতি। বি[illegible]ন্ প্রকাশমানো যোঽধরঃ স এব বন্ধূকং তস্যান্তর্মধ্যে গন্ধৈঃ কৃত্বা উড্ডী[illegible]পতিতং রাধিকা চিত্তভৃঙ্গং ভ্রমরং উপ সমীপে বিধর্ত্তুং বিশেষেণ ধর্ত্তুং দশন র[illegible]গুণাগ্রে দশন এব রুচিগুণঃ মনোহর রজ্জুস্তস্যাগ্রে

শুক যুবকের উৎকৃষ্ট চঞ্চুপুটতুল্য যাঁহার উন্নত নাসিকার-কিরণরূপ সমুদ্র মধ্যে অল্পবয়স্কা গোপবধূদিগের দৃষ্টিরূপ ক্ষুদ্র মৎস্য সকল বিহার করিতেছে এবং শ্রীরাধার ঈষৎ হাস্যযুক্ত জল্পনা মন্ত্র দ্বারা যাঁহার অন্তঃকরণ উন্মত্ত হইয়াছে, সেই এই কোন অনির্ব্বচনীয় মদনগোপাল বিরাজ করিতেছেন॥ ৭॥

স্বীয় বিকসিত অধররূপ বন্ধুজীব পুষ্পের মধ্যে গন্ধলোভে উড্ডীন হইয়া আপতিত শ্রীরাধার চিত্তভৃঙ্গকে সমীপে ধারণ করিবার নিমিত্ত যিনি দন্ত কান্তিরূপ মনোহর-

দশন রুচিগুণাগ্রে দত্ত তৎসীধুচারঃ
স্ফুরতি মদনপূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ৮ ॥
শ্রবণ মদনকন্দ প্রেক্ষণোড্ডীন রাধা-
ধৃতি বিভব বিহঙ্গে ন্যস্ত নেত্রান্তবাণঃ।
অলক মধুপ দত্ত দ্যোত মাধ্বীক সত্রঃ
স্ফুরতি মদনপূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ৯ ॥
পরিমলরুচিপালীশালি গান্ধর্ব্বিকোদ্য-

দত্ত স্তস্মৈ চিত্তভ্রমরায় সীধুচারো মধুরূপ ভক্ষণ সামগ্রী যেন সঃ ॥ ৮॥

শ্রবণেতি। শ্রবণরূপ মদন কন্দস্য প্রেক্ষণাৎ উড্ডীনো রাধায়া ধৃতিবিভব-রূপ বিহঙ্গঃ পক্ষী তস্মিন্ন্যস্তঃ প্রেরিতো নেত্রান্তরূপো নেত্রাঞ্চলরূপো বাণো যেন সঃ। অলকাশ্চূর্ণকুন্তলাস্ত এব মধুপা ভ্রমরাস্তেভ্যে দত্তং দ্যোতমাধ্বীক-সত্রং কান্তিরূপমধুসত্রং মধূনাং বনং যেন সঃ। শ্যাম কান্তিযুতা অলকা যস্য বিরাজন্ত ইত্যর্থঃ। সত্রমাচ্ছাদনে যজ্ঞে সদা দানেবনেঽপি চেত্যমরঃ ॥৯॥

পরিমলেতি পরিমলো জনমনোহরগন্ধশ্চ রুচিঃ কান্তিশ্চ তয়োর্যা পালী

রজ্জুর অগ্রে ভ্রমরকে মধুরূপ ভক্ষণ সামগ্রী অর্পণ করিয়া-ছেন, সেই এই কোন অনির্ব্বচনীয় মদনগোপাল বিরাজ করিতেছেন ॥ ৮ ॥

শ্রবণরূপ মদন কন্দের (মূলের) দর্শন হেতু শ্রীরাধার ধৈর্য্য সম্পত্তি রূপ বিহঙ্গ উড্ডীন হইয়া সমাগত হইলে যিনি তাহার উপর নেত্রাঞ্চলরূপ বাণ নিক্ষেপ করিয়াছেন এবং যিনি চূর্ণ কুন্তলরূপ ভ্রমর সমূহকে কান্তিরূপ মধুবন অর্পণ করিয়াছেন, সেই এই কোন অনির্ব্বচনীয় মদনগোপাল বিরাজ করিতেছেন ॥ ৯ ॥

জনমনোহর গন্ধ ও কান্তিপটলশালি শ্রীরাধার সমু-

স্মুখকমল মধূলী পানমত্ত দ্বিরেফঃ।
মুকুরজয়ি কপোলে মৃগ্যতচ্চুম্ববিম্বঃ
স্ফুরতি মদনপূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ॥ ১০॥
মকরমুখ সদৃক্ষ স্বর্ণবর্ণাবতংস-
প্রচলন হৃত রাধসর্ব্বশারীরধর্ম্মঃ।
তদতিচল দৃগন্ত স্বস্থবংশে ধৃতাক্ষঃ

শ্রেণী তচ্ছালি তদ্বিশিষ্টং যৎ গান্ধর্ব্বিকায়া উদ্যন্মুখকমলং তস্য যা মধূলী মধু তস্য পানেন মত্তদ্বিরেফঃ মত্তভ্রমরঃ। মুকুরেতি মুকুরজয়নশীলে কপোলে মৃগ্যং অন্বেষণীয়ং তস্যা রাধিকায়াশ্চুম্বনসাধন মুখস্য বিম্বং প্রতিবিম্বং যস্য সঃ। দ্বিরেফঃ পুষ্পলি[illegible] ভৃঙ্গ ইতি। দর্পণে মুকুরাদর্শাবিতি চামরঃ॥ ১০॥
মকরেতি। মকরমু[illegible]দৃক্ষং মকরমুখসদৃশং যৎ স্বর্ণবর্ণমবতংসং কর্ণভূষণং তস্য প্রচলনেন হৃতো গৃহী[illegible]তা রাধায়াঃ সর্ব্বঃ সমস্তঃ শারীরধর্ম্মো যেন সঃ তস্যা রাধায়া অতি চলদৃগ[illegible] দৃগন্তং অতিচঞ্চলং কর্ত্তুং স্বস্থবংশে হস্তগৃহীতবংশ্যাং ধৃতে অক্ষিণী যেন [illegible] কৃষ্ণেন হস্তগৃহীতবংশস্য দর্শনায় চঞ্চল চক্ষুষো

দিত মুখকমলের মধুপানে যিনি উন্মত্ত ভ্রমর স্বরূপ হইয়াছেন এবং যিনি [illegible]র্পণবিজয়ি স্বীয় কপোলে চুম্বনসাধন শ্রীরাধার মুখবিম্বের অন্বেষণ করিতেছেন, সেই এই কোন অনির্ব্বচনীয় মদনগোপাল বিরাজ করিতেছেন॥ ১০॥

মকরমুখের সদৃশ স্বর্ণরচিত কর্ণভূষণের সঞ্চালন দ্বারা যিনি শ্রীরাধার স[illegible]স্ত শারীরিকধর্ম্ম অপহরণ করিয়াছেন এবং শ্রীরাধার চঞ্চল দৃগঞ্চলকে অতিশয় চঞ্চল করিবার নিমিত্ত যিনি স্বীয় হস্তে বংশী ধারণ করিয়া তাহার উপরে দৃষ্টিদ্বয়

স্ফুরতি মদনপূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ১১ ॥
হরিমণিকৃতশঙ্খ শ্লাঘিতোল্লঙ্ঘিলেখা-
ত্রয় রুচিবৃতকণ্ঠস্যোপকণ্ঠে মণীন্দ্রং ।
দধদিহ পরিরব্ধুং রাধিকাং বিম্বিতাঞ্চ
স্ফুরতি মদনপূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ১২ ॥
কুবলয় কৃত বক্ষস্তল্প মুচ্চং দধানঃ

রাধায়া বংশারোপিতদৃষ্ট্যা দর্শনার্থং তদারোপিত দৃষ্টিরিতি ভাবঃ ॥ ১১ ॥
শ্রমেতি। ইহ মণীন্দ্রে বিম্বিতাং প্রতিবিম্বিতাং রাধিকাং পরিরব্ধুমালিঙ্গিতুং হরিমণিকৃত শঙ্খশ্লাঘিতোল্লঙ্ঘি লেখাত্রয় রুচিবৃত কণ্ঠস্য উপকণ্ঠে সমীপে মণীন্দ্রং দধদিত্যন্বয়ঃ। হরিমণিনা ইন্দ্রনীলমণিনা কৃতং যৎ শঙ্খং তস্য শ্লাঘিতায়াঃ শ্লাঘায়াঃ উল্লঙ্ঘনশীলং ততোঽপ্যধিকং দৃংসদৃশমিতি ভাবঃ যদ্রেখাত্রয়ং তস্য রুচ্যা কান্ত্যা বৃতমাবৃতং যৎ কণ্ঠং তস্য ইত্যর্থঃ ॥ ১২ ॥
কুবলয়েতি। শ্রমবিলুলিত রাধা স্বাপনায় শয়নার্থে কুবলয়েন পদ্মেন

নিপেক্ষ করিতেছেন, অর্থাৎ শ্রীকৃষ্ণ বংশী ধারণ করিলে পর চঞ্চলাক্ষী শ্রীরাধা তদ্দর্শনার্থ সেই বংশীতে দৃষ্টি নিক্ষিপ্ত করায় তদীয় দৃষ্টির দর্শন জন্য যাঁহা কর্ত্তৃক বংশীতে দৃষ্টি আরোপিত হইয়াছে সেই এই কোন অনির্ব্বচনীয় মদন-গোপাল বিরাজ করিতেছেন ॥ ১১ ॥

ইন্দ্রনীলমণি নির্ম্মিত শঙ্খের শ্লাঘাকেও যে উল্লঙ্ঘন করে তাদৃশ রেখাত্রয়ের কান্তি সমাবৃত কণ্ঠসমীপে যিনি মণীন্দ্রে প্রতিবিম্বিতা শ্রীরাধাকে আলিঙ্গন করিবার নিমিত্ত ঐ কৌস্তুভমণি ধারণ করিয়াছেন, সেই এই কোন অনির্ব্বচনীয় মদনগোপাল বিরাজ করিতেছেন ॥ ১২ ॥

যিনি পরিশ্রান্তা শ্রীরাধার শয়নের নিমিত্ত নীলোৎপল

শ্রম বিলুলিত রাধা স্থাপনায়ৈব নব্যং ।
ভুজযুগমপি দিব্যং তৎপ্রকাণ্ডোপধানং
স্ফুরতি মদনপূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ১৩ ॥
রুচির জঠরপত্রে চিত্রনাভীতটোদ্য-
ত্তনু রুহতিনাম্নীং বল্লবীবৃন্দভুক্ত্যৈ ।
স্মরনৃপতি সমুদ্র স্বাক্ষরালীং দধানঃ

কৃতং যদ্বক্ষোরূপতল্পং শয্যা তদ্দধানঃ । কিম্ভূতং তল্পং নব্যং । তস্যা রাধায়াঃ প্রকাণ্ডোপধানং দিব্যং ভুজযুগমপি দধদিত্যর্থঃ ॥ ১৩ ॥

বল্লবীবৃন্দ ভুক্ত্যৈ গোপস্ত্রীবৃন্দস্যোপভোগায় রুচির জঠরপত্রে চিত্রনাভীতটোদ্য ত্তনুরুহ তত্তিনাম্নীং স্মরনৃপতিসমুদ্র স্বাক্ষরালীং দধান ইত্যন্বয়ঃ। রুচিরং সুন্দরং যজ্জঠ[illegible]রং তদেব পত্রং তত্র চিত্রং যন্নাভীতটং তত্র উদ্যন্তী যা তনুরুহততি লো[illegible]ণী সা নাম সংজ্ঞা যস্যাস্তাং। স্মরঃ কন্দর্পঃ স এব নৃপতী রাজা তস্য সমুদ্রয়া সহ বর্ত্তমানা যা স্বাক্ষরালী স্বাক্ষরশ্রেণী তাং। অন্যোঽপি রাজা ব্রা[illegible]নাং ক্ষেত্রাদি চিরভোগায় সমুদ্রাং লিপিং তেভ্যো

সদৃশ বক্ষঃস্থলরূপ[illegible]মত নূতনশয্যা এবং দিব্য ভুজযুগরূপ প্রকাণ্ড উপধান [illegible]ণ করিয়াছেন, সেই এই কোন অনির্ব্বচনীয় মদনগোপাল [illegible]রাজ করিতেছেন ॥ ১৩ ॥

রাজা যেমন ব্রাহ্মণাদিকে ক্ষেত্রাদি চিরভোগের নিমিত্ত সমুদ্রা অর্থাৎ মোহরযুক্ত দানপত্র প্রদান করেন এবং ব্রাহ্মণগণও তাহা গ্রহণ করিয়া নিরাপদে উপভোগ করিয়া থাকেন। তদ্রূপ গোপীবৃন্দের ভোগের নিমিত্ত যিনি মনোহর উদরপত্রে নাভীতটোত্থিত লোমাবলী নামক কন্দর্পরাজের মুদ্রাযুক্ত অর্থাৎ মোহর সমন্বিত স্বাক্ষর-

স্ফুরতি মদনপূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ১৪ ॥
যুবতিহৃদলসেভ প্রৌঢ়বন্ধায় কাম-
স্থপতি চিত রসোরুস্তম্ভজ্ঞাভিরামঃ।
মরকত কটজৈত্রফুল্লজানুপ্রসন্নঃ
স্ফুরতি মদনপূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ১৫ ॥
প্রণয় নবমধূনাং পানমাত্রৈকগত্যা

দদাতি ব্রাহ্মণাদয়স্তু তাং গৃহীত্বা অনিবারিতমুপভুঞ্জন্তীতি ॥ ১৪॥

যুবতীনাং হৃৎ হৃদয়মেবালসেভঃ সালস হস্তী তস্য প্রৌঢ়বন্ধায় কামস্থপতিনা কামরূপশিল্পিনা চিতৌ আনীয় স্থাপিতৌ, রসবিশিষ্টৌরু রূপস্তম্ভৌ তয়োঃ প্রভয়া কান্ত্যা অভিরামো মনোহরঃ। [মর]কতেন মণিবিশেষেণ ঘটিতো যঃ কটো গজগণ্ডস্তস্য জৈত্রং জয়নশীলং য[ৎ তু] তদেব ফুল্লোঽহল্লো যস্মাৎ এবম্ভূতং যজ্জানু তেন প্রসন্নঃ শোভমানঃ [॥ ১৫ ॥]

রাধিকা মত্তভৃঙ্গ্যাঃ সকলকরণ জীব্যং অরুণ [পা]দদ্বন্দ্বং আরক্তপাদপদ্ম-

শ্রেণী ধারণ করিয়াছেন, সেই এই কোন অনির্ব্বচনীয় মদনগোপাল বিরাজ করিতেছেন ॥ ১৪ ॥

যুবতীগণের হৃদয়রূপ অলস হস্তির সুদৃঢ় বন্ধনের নিমিত্ত কন্দর্প শিল্পি কর্তৃক সংস্থাপিত সরস উরু যুগলরূপ স্তম্ভদ্বয়ের কান্তি দ্বারা যিনি মনোহর এবং মরকতমণি নির্ম্মিত যে কট অর্থাৎ গজগণ্ড তাহার জয়শীল বস্তু, যাহা অপেক্ষা হীন বোধ হইতেছে, তাদৃশ জানুদ্বারা যিনি শোভমান সেই এই কোন অনির্ব্বচনীয় মদনগোপাল বিরাজ করিতেছেন ॥ ১৫

প্রণয়রূপ নব মধু সকল যাঁহার একমাত্র গতি অর্থাৎ

সকল করণজীব্যং রাধিকা মত্তভৃঙ্গ্যাঃ।
অরুণ চরণ কঞ্জদ্বন্দ্বমুল্লাস্য পশ্যন
স্ফুরতি মদনপূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ॥ ১৬॥
অতুল বিলসদঙ্গশ্রেণি বিন্যাসভঙ্গ্যা
গ্লপিত মদনকোটিস্ফার সৌন্দর্য্যকীর্ত্তিঃ।
বল লবহৃতমত্তাপার পারীন্দ্রদর্পঃ

যুগলং উল্লাস্য পশ্যন্। ধাতূনাং সকর্ম্মকাকর্ম্মকব্যবস্থয়া দৃশ ধাতোরপ্যকর্ম্মকত্বাৎ প্রকাশমান ইত্যর্থঃ। সকল করণস্য সর্ব্বেন্দ্রিয়স্য জীব্যমাজীব্যং জীবিকামিত্যর্থঃ। রাধিকা মত্তভৃঙ্গ্যাঃ কিম্ভূতায়াঃ প্রণয়া এব নবমধূনি তেষাং পানমাত্রায় একা অদ্বিতীয়া গতি র্যস্যাস্তস্যাঃ প্রণয় মধুপানার্থমেব ভ্রমন্ত্যা ইত্যর্থঃ॥ ১৬॥

অতুলা তুলা শূন্যা যা বিলসদঙ্গশ্রেণিঃ তস্যা বিন্যাসভঙ্গ্যা গ্লপিতা গ্লানিং প্রাপিতা মদনকোটেঃ স্ফার সৌন্দর্য্যস্য কীর্ত্তি র্যেন সঃ বললবেন শক্তিলেশেন

প্রণয় নবমধু সকল পান করিবার জন্য যিনি ভ্রমণ করিয়া থাকেন এতাদৃশী শ্রীরাধা রূপ উন্মত্ত ভ্রমরীর সর্ব্বেন্দ্রিয়ের জীবনোপায় স্বরূপ স্বীয় আরক্ত পাদপদ্ম যুগলের উল্লাস করত যিনি শোভমান সেই এই কোন অনির্ব্বচনীয় মদনগোপাল বিরাজ করিতেছেন॥ ১৬॥

যাঁহার অতুল বিলাসান্বিত অঙ্গশ্রেণির বিন্যাস ভঙ্গীতে কোটি কন্দর্পেরও সৌন্দর্য্যকীর্ত্তি গ্লানি যুক্ত হইয়াছে এবং যিনি শক্তিলেশ দ্বারা মত্ত অথচ অপরিসীম বল সম্পন্ন সিংহের গর্ব্ব খর্ব্ব করিতেছেন, সেই এই কোন অনির্ব্বচনীয় মদন-

স্ফুরতি মদনপূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ॥ ১৭॥
তরণি দুহিতৃকচ্ছে স্বচ্ছ পাথোদধামা
সমুদিত নবকামাভীররামাবলীনাং।
তড়িদতি রুচিবাহু স্ফূর্জ্জদংসোঽতিজৃম্ভন্
স্ফুরতি মদনপূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ॥ ১৮॥
নবতরুণিমভট্টাচার্য্যবর্য্যেণ শাস্ত্রং

হতো মত্তোঽথচ অপারঃ অতার্য্যো যঃ পারীন্দ্রঃ সিংহস্তস্য দর্পোঽহঙ্কারো যেন সঃ॥ ১৭॥

কিম্ভূতঃ তরণিঃ সূর্য্যস্তস্য দুহিতা কন্যা যমুনা তস্যাঃ কচ্ছে তীরে পাথোদধামা মেঘকান্তিঃ পুনঃ কিম্ভূতঃ সমুদিতঃ সম্যগুদিতো নবোঽভিনবঃ কামো যাসাং এবম্ভূতা যা আভীররামাবলয়ঃ গোপস্ত্রীসমূহস্তাসাং তড়িত ইব অতি রুচিরা যে বাহবস্তত্র স্ফূর্জন্ শোভমানো ঽংসঃ স্কন্ধো যস্য সঃ। অতিজৃম্ভন্ প্রকাশমানঃ। উরু জৃম্ভন্নিতি পাঠে স এবার্থঃ॥ ১৮॥

নব নব যুবতীভিঃ সহাস্মিন্ শাস্ত্রে উদ্গ্রাহং প্রতিভ্যং বিভ্রৎ কুর্ব্বন্।

গোপাল বিরাজ করিতেছেন॥ ১৭॥

রবিতনয়া যমুনার তীরভূমিতে যাঁহার কান্তি মেঘসদৃশ এবং যাঁহাদিগের কাম অভিনব সমুদিত এতাদৃশী গোপরমণীদিগের বিদ্যুদ্বিজয়ি ভুজোপরি যাঁহার স্কন্ধদেশ অতিশয় শোভমান হইতেছে, সেই এই কোন অনির্ব্বচনীয় মদনগোপাল বিরাজ করিতেছেন॥ ১৮॥

অভিনব যৌবনরূপ ভট্টাচার্য্য মহাশয়, যাঁহাদিগকে কামমুনি রচিত ন্যায়শাস্ত্র অধ্যয়ন করাইয়াছেন, তাদৃশ

মনসিজমুনিক্লৃপ্তং ন্যায়মধ্যাপিতাভিঃ।
নবনব যুবতীভি র্বিভ্রদুদ্গ্রাহমস্মিন্
স্ফুরতি মদনপূর্ব্বঃ কোহপি গোপাল এষঃ॥ ১৯॥
রতিমতিরচয়ন্ত্যা রাধিকা নর্ম্মকান্ত্যা
স্থগিতবচন দর্পঃ স্ফারিতান্যপ্রসঙ্গঃ।
খরমতি ললিতাস্যে কিঞ্চিদঞ্চৎ স্মিতাক্ষঃ
স্ফুরতি মদনপূর্ব্বঃ কোহপি গোপাল এষঃ॥ ২০॥

যুবতীভিঃ কিম্ভূতাভিঃ মনসিজমুনিনা কামরূপঋষিণা কৢপ্তং রচিতং ন্যায়ং শাস্ত্রং নবতরুণিমভট্টাচার্য্য বর্য্যেণ নব নবযৌবন ভট্টাচার্য্য শ্রেষ্ঠেন কর্ত্রা অধ্যাপিতাভিঃ পাঠি[illegible]ভিঃ॥ ১৯॥

রতিং তদ্বি মতিরচয়ন্ত্যা অত্যুৎকৃষ্টাং কুর্ব্বত্যা রাধিকা নর্ম্ম-কান্ত্যা কর্ত্র্যা স্থগিতঃ খর্ব্বীকৃতো বচনদর্পো যস্য সঃ। খরমতি ললিতাস্যে তীক্ষ্ণবুদ্ধে ললিতায়া কিঞ্চিদঞ্চন্তী স্বল্প প্রকাশমানে স্মিতে মধুর-হাস্যশোভিতে অক্ষিণী নেত্র যস্য সঃ। শ্রীরাধিকায়াঃ সম্ভোগার্থং তদনুমতি-গ্রহণায় তন্মুখমালোকি[illegible]নিতি ভাবঃ॥ ২০॥

নব নব যুবতীগণে[illegible]সহিত যিনি এই ন্যায়শাস্ত্রের প্রাগ্‌লভ্য অর্থাৎ বিচার করি[illegible]ছেন, সেই এই কোন অনির্ব্বচনীয় মদনগোপাল বিরাজ [illegible]রিতেছেন॥ ১৯॥

শ্রীরাধিকার অত্যুৎকৃষ্ট রতিকারিণী নর্ম্মকান্তি কর্ত্তৃক বচন দর্প খর্ব্বীকৃত হওয়ায় যিনি অন্য প্রসঙ্গ উত্থাপন করি-তেছেন এবং যিনি তীক্ষ্ণবুদ্ধি ললিতার বদনে স্বল্প প্রকাশ-মান স্মিত অর্থাৎ মধুরহাস্য শোভিত নেত্র নিক্ষেপ করিতে-ছেন, সেই এই কোন অনির্ব্বচনীয় মদনগোপাল বিরাজ করিতেছেন॥ ২০॥

সবিধ রমিতরাধঃ সাগ্রজ স্নিগ্ধরূপ-
প্রণয় রুচির চন্দ্রঃ কুঞ্জখেলাবিতন্দ্রঃ।
রচিত জন চকোর প্রেমপীযূষ বর্ষঃ
স্ফুরতি মদনপূর্ব্বঃ কোঽপি গোপাল এষঃ ॥ ২১ ॥
মদনবলিত গোপালস্য যঃ স্তোত্রমেতৎ
পঠতি সুমতিরুদ্যৎ দৈন্যবন্যাভিষিক্তঃ।

সবিধে নিকটে রমিতা ক্রীড়াং কারিতা রাধা যেন সঃ। রাধিকা তু তন্নিকট এব ক্রীড়াবতী ভবতি নান্যত্র কুত্রাপীতি ভাবঃ। অগ্রজেন শ্রীসনাতনেন সহ বর্ত্তমানো যঃ স্নিগ্ধো রূপ এতন্নামা গোস্বামী তস্য প্রণয়ায় প্রণয়প্রকাশনায় রুচির চন্দ্রঃ। কুঞ্জখেলায়াং বিগতা তন্দ্রা আলস্যং য[illegible] সঃ। রচিতঃ কৃতো জনরূপ চকোরে প্রেমপীযূষাণাং বর্ষো যেন সঃ। য[illegible]নে জনমাত্রস্য প্রেমা জায়ত ইত্যর্থঃ। অন্যোঽপি চন্দ্রঃ সবিধে নিকটে রমিতা রাধা অনুরাধা নক্ষত্রবিশেষো যেনেত্যেবম্ভূতো ভবতি। অন্যৎ স্পষ্ট। ২১ ॥

মদনেতি। মদনবলিত গোপালস্য মদনগোপালস্য [illegible] তৎ স্তোত্রং যঃ সুমতিঃ পঠেৎ স সৌরিভাগং বিষয়রাগং বিহায় প্রতিজনি[illegible] তিজন্ম তৎপাদ কঞ্জাম্বু-

যিনি নিকটে শ্রীরাধাকে ক্রীড়া করান[illegible]বং অগ্রজ সনাতন গোস্বামির সহিত বর্ত্তমান রূপনামক [illegible]গোস্বামির প্রণয় কুমুদের প্রকাশার্থ যিনি চন্দ্রস্বরূপ, তথা [illegible]নি কুঞ্জ খেলায় অলস শূন্য এবং যিনি জন রূপ চকোরের প্রতি প্রেমামৃত বর্ষণ করেন, অর্থাৎ যদ্দর্শনে জনমাত্রের প্রেমোৎপন্ন হয়, সেই এই কোন অনির্ব্বচনীয় মদনগোপাল বিরাজ করিতেছেন ॥ ২১॥

যে সুবুদ্ধি ব্যক্তি সমুদিত দৈন্যরূপ জল সমূহে অভিষিক্ত হইয়া অর্থাৎ অত্যন্ত দৈন্যসহকারে মদনগোপালের এই স্তোত্র

স খলু বিষয়রাগং সৌরিভাগং বিহায়
প্রতিজনি লভতেতৎপাদকঞ্জানুরাগং ॥ ২২ ॥
॥ * ॥　ইতি শ্রীমদনগোপালস্তোত্রং সমাপ্তং ॥ * ॥

রাগং লভতে ইত্যন্বয়ঃ। কিম্ভূতঃ উদ্যদ্দৈন্যমেব বন্যা জলসমূহস্তেনাভিষিক্তঃ সন্। সূরঃ সূর্য্যস্তস্যাপত্যং পুমান্ সৌরি র্যমস্তস্য ভাগং তদর্হমিত্যর্থঃ ॥ ২২ ॥

॥ * ॥ ইতি শ্রীমদনগোপালস্তোত্রবিবৃতিঃ ॥ * ॥

পাঠ করেন, তিনি সূর্য্যপুত্র যমের অধিকার যোগ্য বিষয়াভিলাষ পরিত্যাগ করত প্রতিজন্মে শ্রীমদনগোপালের পাদপদ্মে অনুরক্ত হয়েন ॥ ২২ ॥

॥ * ॥　ইতি শ্রীমদনগোপালস্তোত্র সমাপ্ত ॥ * ॥

অথ শ্রীবিশাখানন্দদাভিধস্তোত্রং।

শ্রীগান্ধর্ব্বিকায়ৈ নমঃ ॥

ভাবনাম গুণাদীনামৈক্যাৎ শ্রীরাধিকৈব যা।
কৃষ্ণেন্দোঃ প্রেয়সী সা মে শ্রীবিশাখা প্রসীদতু ॥ ১॥
জয়তি শ্রীমতী কাচিদ্বৃন্দারণ্যবিহারিণী।
বিধাতুস্তরুণীসৃষ্টিকৌশলশ্রীরিহোজ্জ্বলা ॥ ২ ॥

অথ শ্রীরাধিকাস্তবাদৌ স্বাভীষ্টসম্পাদনায় শ্রীরাধিকাদ্বিতীয়াং শ্রীবিশাখাং স্তৌতি ভাবেতি। ভাবশ্চ নামচ গুণাদয়শ্চ তেষামৈক্যাদিত্যর্থঃ। বিশাখায়া অনুরাধেতি নামান্তর মতো নামৈক্যং। আদিনা রূপাদেগ্র্হণং। অন্যৎ স্পষ্টং ॥ ১ ॥

ইহ জগতি বিধাতুর্ব্রহ্মণঃ তরুণ্যা যুবত্যা যৎ সৃষ্টৌ কৌশলং তদ্রূপা-সম্পত্তিঃ ॥ ২ ॥

অনন্তর শ্রীরঘুনাথদাস গোস্বামী শ্রীরাধিকার স্তবের প্রথমতঃ স্বীয় অভীষ্ট সম্পাদনের নিমিত্ত শ্রীরাধার অদ্বিতীয় বিশাখাকে স্তব করত কহিতেছেন॥

ভাব, নাম ও গুণাদির একতা প্রযুক্ত যিনি সাক্ষাৎ শ্রীরাধিকাস্বরূপ এবং যিনি কৃষ্ণচন্দ্রের প্রেয়সী, সেই শ্রীবিশাখা আমার প্রতি প্রসন্না হউন। ১ ॥

যিনি এই জগন্মণ্ডলে বিধাতার সমুজ্জ্বল তরুণীসৃষ্টির কৌশল সম্পত্তি স্বরূপা, সেই কোন অনির্ব্বচনীয়া বৃন্দারণ্য-বিহারিণী শ্রীমতী রাধিকা জয় যুক্তা হউন ॥ ২ ॥

ছিন্নস্বর্ণ সদৃক্ষাঙ্গী রক্তবস্ত্রাবগুণ্ঠিনী।
নির্বন্ধবদ্ধবেণীকা চারুকাশ্মীরচর্চ্চিতা ॥ ৩ ॥
দ্বিকলেন্দু ললাটোদ্যৎ কস্তূরীতিলকোজ্জ্বলা
স্ফুট কোকনদদ্বন্দ্ব বন্ধুরীকৃতকর্ণিকা ॥ ৪ ॥
বিচিত্রবর্ণবিন্যাস চিত্রিতীকৃতবিগ্রহা।
কৃষ্ণচোরভয়াচ্চোলী গুপ্তীকৃতমণিস্তনী ॥ ৫ ॥

ছিন্নেতি ছিন্নং অস্ত্রেণ দ্বিধাকৃতং যৎ স্বর্ণং তস্য সদৃক্ষং সদৃশমঙ্গং যস্যাঃ সা। দ্বিধাকরণপ্রদেশস্যাতিমনোহরত্বাৎ তৎ সাম্যং। রক্তবস্ত্রেণাবগুণ্ঠনং সর্ব্বাচ্ছাদনং অস্যা অস্তীতি সা। নির্ব্বন্ধেনাতিযত্নেন বদ্ধা বেণী যয়া সা বহুব্রীহৌ ক প্রত্যয়ঃ ॥ ৩।

দ্বে কলে যস্য স দ্বিকলঃ সচাসাবিন্দুশ্চন্দ্রশ্চেতি সঃ। স ইব যল্ললাটং তত্র উদ্যদুদয়ং প্রাপ্নুবৎ যৎ কস্তূরীতিলকং তেনোজ্জ্বলা শোভমানা স্ফুটং প্রস্ফুটং যৎ কোকনদদ্বন্দ্বং রক্তোৎপলযুগলং তেন বন্ধুরীকৃতা সুন্দরীকৃতা কর্ণিকা কর্ণভূষণং যয়া সা ॥

বিচিত্রবর্ণ বিন্যাসেন চিত্রিতীকৃতো বিগ্রহঃ শরীরং যয়া সা চোল্যা কঞ্চুলিকয়া গুপ্তীকৃতৌ মণিরূপ স্তনৌ যয়া সা ॥ ৫

যাঁহার অঙ্গদ্বিধাকৃত সুবর্ণ তুল্য, রক্ত বস্ত্র যাঁহার অবগুণ্ঠন অর্থাৎ অঙ্গপ্রাবরণ, যাঁহার বেণী অতি যত্ন সহকারে সুবদ্ধ এবং মনোহর কাশ্মীর অর্থাৎ কুঙ্কুমদ্বারা যাঁহার অঙ্গ লিপ্ত॥৩

যাঁহার ললাটপট্টে দ্বিকলচন্দ্রের মধ্যে কস্তূরী তিলক সমুজ্জ্বল, প্রস্ফুটিত রক্তপদ্মদ্বয় দ্বারা যাঁহার মনোহর কর্ণ ভূষণ ॥ ৪ ॥

অগুরু কুঙ্কুমাদি বিচিত্রবর্ণ বিন্যাসে যাঁহার বিগ্রহ চিত্রিত, কৃষ্ণরূপ চৌরভয়ে যিনি কাঁচুলীদ্বারা স্তন মণিকে গোপন করিয়াছেন ॥ ৫ ॥

হারমঞ্জীরকেয়ূর চূড়ানাসাগ্রমৌক্তিকৈঃ।
মুদ্রিকাদিভিরন্যৈশ্চ ভূষিতা ভূষণোত্তমৈঃ ॥ ৬ ॥
সুদীপ্তকজ্জলোদ্দীপ্তনয়নেন্দীবরদ্বয়া।
সৌরভোজ্জ্বলতাম্বূল মঞ্জুল শ্রীমুখাম্বুজা ॥ ৭ ॥
স্মিতলেশ লসৎ পক্কচারু বিম্বীফলাধরা।
মধুরালাপপীযূষ সঞ্জীবিত সখীকুলা ॥ ৮ ॥
বৃষভানুকুলোৎকীর্ত্তিবর্দ্ধিকা ভানুসেবিকা।

নাসায়া অগ্রে যন্মৌক্তিকং। মুদ্রিকা সাক্ষরাঙ্গুরী ॥ ৬

সুদীপ্তকজ্জলেনোদ্দীপ্তং উদ্দীপ্তি বিশিষ্টং নয়নেন্দীবরদ্বয়ং যস্যাঃ সা সৌরভেণ উজ্জ্বলং স্বজাতীয়েভ্য উৎকৃষ্টং যৎ তাম্বূলং তেন মঞ্জুলা প্রশংসনার্হা যা শ্রীঃ শোভা তদ্বিশিষ্টং মুখাম্বুজং যস্যাঃ সা ॥ ৭ ॥

স্মিতলেশেন লসন্ শোভমানঃ পক্কচারু বিম্বীফলবদধরো যস্যাঃ সা। মধুরালাপ এব পীযূষমমৃতং তেন সঞ্জীবিতং সখীকুলং যয়া ॥ ৮ ॥

কীর্ত্তিদা নাম্নী তস্যা মাতা সৈব খনী রত্নাদ্যুৎপত্তিস্থানং তস্যা রত্নরূপ শ্রীঃ

হার, নূপুর, কেয়ূর, নাসাগ্রস্থিত মুক্তা, সাক্ষরাঙ্গুরীয় এবং অন্যান্য উত্তম ভূষণ দ্বারা যিনি ভূষিতা ॥ ৬ ॥

সুদীপ্ত কজ্জল দ্বারা যাঁহার নেত্ররূপ নীলোৎপল যুগল উদ্দীপ্ত, সৌরভ বিশিষ্ট উজ্জ্বল তাম্বূল দ্বারা যাঁহার শ্রীমুখ-পদ্ম মনোহর ॥ ৭ ॥

যাঁহার সুপক্ক বিম্বীফল তুল্য অধর ঈষৎ হাস্যলেশ দ্বারা শোভিত এবং যিনি সুমধুর আলাপ রূপ অমৃত দ্বারা সখী-কুলকে সঞ্জীবিত করিতেছেন ॥ ৮ ॥

যিনি বৃষভানুরাজের কুলকীর্ত্তিকে বর্দ্ধন করিতেছেন,

কীর্ত্তিদাখনিরত্নশ্রীঃ শ্রীজিতশ্রীঃ শ্রিয়োজ্জ্বলা ॥ ৯ ॥
অনঙ্গমঞ্জরীজ্যেষ্ঠা শ্রীদামানন্দদানুজা।
মুখরাদৃষ্টিপীযূষবর্ত্তি নপ্ত্রী তদাশ্রিতা ॥ ১০ ॥
পৌর্ণমাসীবহিঃ খেলৎ প্রাণপঞ্জরশারিকা।
সুবল প্রণয়োল্লাসা তত্র বিন্যস্তভারকা ॥ ১১ ॥

সম্পত্তিঃ শ্রিয়া শোভয়া জিতা শ্রীর্লক্ষ্মী র্যয়া সা। শ্রিয়া বেশরচনয়া উজ্জ্বলা দেদীপ্যমানা। শ্রীর্বেশরচনা শোভা ভারতী সরলক্রমে। লক্ষ্ম্যাং ত্রিবর্গসম্পত্তি-বিধোপকরণেষুচ। বিভূতৌচ মতৌচ স্ত্রীতি মেদিনী ॥ ৯ ॥

মুখরায়া দৃষ্টিরূপং পীযূষমমৃতং তত্র বর্ত্তিতুং শীলং যস্যা এবম্ভূতা নপ্ত্রী দৌহিত্রী। তয়া মুখরয়া আশ্রিতা তস্যা আশ্রিতা বেতি তদাশ্রিতা ॥ ১০ ॥

পৌর্ণমাস্যাঃ বহিঃ খেলৎ বহিঃ প্রচরদ্বৎ প্রাণরূপ পঞ্জরং তত্র শারিকা পক্ষিণীবিশেষঃ। তত্র সুবলে ন্যস্তো বিন্যস্তো ভারো যয়া সা ॥ ১১ ॥

যিনি সূর্য্যদেবের সেবা করেন ও যিনি স্বীয় জননী কীর্ত্তিদা-রূপ খনিসমুৎপন্ন রত্নসম্পত্তিস্বরূপ, যাঁহার শোভা দ্বারা লক্ষ্মী পরাজিতা এবং যিনি বেশরচনা দ্বারা অতিশয় দেদীপ্যমানা হইয়াছেন ॥ ৯ ॥

যিনি অনঙ্গমঞ্জরীর জ্যেষ্ঠা, শ্রীদামের আনন্দদায়িনী অথচ কনিষ্ঠা, যিনি মুখরার অমৃত দৃষ্টিতে দৌহিত্রী স্বরূপ যিনি মুখরার আশ্রিত ॥ ১০ ॥

যিনি পৌর্ণমাসীর বহিঃস্থিত প্রাণ পঞ্জরের শারিকা স্বরূপ, সুবলের প্রণয়ে যাহার উল্লাস হয় এবং ঐ সুবলের প্রতি যিনি সমস্ত ভার অর্পণ করিয়া থাকেন ॥ ১১ ॥

ব্রজেশ্যাঃ কৃষ্ণবৎপ্রেমপাত্রী তত্রাতিভক্তিকা।
অম্বাবাৎসল্য সংসিক্তা রোহিণীঘ্রাতমস্তকা ॥ ১২ ॥
ব্রজেন্দ্রচরণাম্ভোজেঽর্পিতভক্তি পরম্পরা।
তস্যাপি প্রেমপাত্রীয়ং পিতুর্ভানোরিব স্ফুটং ॥ ১৩ ॥
গুরুবুদ্ধ্যা প্রলম্বারৌ নতিং দূরে বিতন্বতী।
বধূবুদ্ধ্যেব তস্যাপি প্রেমভূমীহ হ্রীযুতা ॥ ১৪ ॥

ব্রজেশ্যা যশোদায়াঃ। তত্র ব্রজেশ্যাং। অম্বায়াঃ কীর্ত্তিদায়া যদ্বাৎসল্যং তেন সংসিক্তা রোহিণ্যা বলদেবমাত্রা আঘ্রাতো মস্তকো যস্যাঃ সা ॥ ১২ ॥

ব্রজেন্দ্রো নন্দঃ। তস্য নন্দস্য। ভানো বৃষভানোঃ ॥ ১৩ ॥

গুরুবুদ্ধ্যেতি প্রলম্বারৌ বলদেবে। তস্যাপি বলদেবস্যাপি ইহ রাধায়াং হ্রীযুতা লজ্জাযুক্তা প্রেমভূমী প্রেমস্থানং দীর্ঘৈকারান্তোঽয়ং ভূমীশব্দঃ লিঙ্গঃ ॥ ১৪ ॥

যিনি ব্রজেশ্বরী যশোদার কৃষ্ণতুল্য স্নেহাস্পদ এবং ঐ যশোদাতে যাঁহার অত্যন্ত ভক্তি তথা যিনি কীর্ত্তিদা নাম্নী স্বীয় জননীর বাৎসল্য রসে সংসিক্ত, রোহিণীদেবী মঙ্গল কামনায় যাঁহার মস্তকাঘ্রাণ করেন ॥ ১২ ॥

যাঁহার ভক্তি পরম্পরা ব্রজরাজ নন্দের পাদপদ্মে অর্পিত, এবং ব্রজরাজ নন্দ মহাশয়েরও যিনি বৃষভানুরাজের ন্যায় প্রেমপাত্রী ॥ ১৩ ॥

যিনি গুরু বুদ্ধিতে দূর হইতে প্রলম্বারি বলদেবকে প্রণাম করেন এবং বধূ বুদ্ধিতে বলদেবেরও যিনি লজ্জা-যুক্ত প্রেমভূমি ॥ ১৪ ॥

লালিতা লালিতা স্বীয়প্রাণোরু লালিতাবৃতা :
ললিতা প্রাণরক্ষৈক রক্ষিতা তদ্বশাত্মিকা ॥ ১৫
বৃন্দা প্রসাধিতোত্তুঙ্গকুড়ুঙ্গানঙ্গবেশ্মনি।
কৃষ্ণখণ্ডিতমানত্বাল্লুলিতাভীতিকম্পিনী ॥ ১৬ ॥
বিশাখানর্ম্মসখ্যেন সুখিতা তদ্গতাত্মিকা।

ললিতয়া লালিতা প্রাণবৎ পোষিতা। স্বীয় প্রাণেভ্যোঽপি উরুর্মহতী যা ললিতা তয়া বৃতা আবৃতা। ললিতা প্রাণরক্ষায়ৈ একা অদ্বিতীয়া রক্ষিতা রক্ষিকা। তস্যা ললিতায়া বশ আয়ত্ত আত্মা বর্ষ্ম যস্যাঃ সা ॥ ১৫ ॥

বৃন্দয়া প্রসাধিতঃ সুসজ্জীকৃতো য উত্তুঙ্গকুড়ুঙ্গঃ কুঞ্জং তদেবানঙ্গবেশ্ম-কামমন্দিরং তস্মিন্। কৃষ্ণেন খণ্ডিতোঽনায়াসেনৈব প্রশমিতো মানো বিপ্রলম্ভ-ভেদো যস্যাস্তথা ললিতায়াঃ সকাশাৎ যা ভীতিস্তয়া কম্পিনী কম্পযুক্তা ললিতায়া মানোপদেষ্ট্রীত্বেন তামনাপৃষ্টৈব স্বস্য মান শমনাদ্ভীতিরিতি ভাবঃ ॥ ১৬ ॥

নর্ম্মচ সখ্যঞ্চ তয়োঃ সমাহারস্তত্তেন তস্যাং ললিতায়াং গত আত্মা মনো

যিনি ললিতা কর্ত্তৃক প্রাণ তুল্য সংললিত এবং স্বীয় প্রাণা-ধিক ললিতা কর্ত্তৃক যিনি আবৃতা ও ললিতার প্রাণরক্ষার্থ যিনি অদ্বিতীয় রক্ষিকা তথা যাঁহার শরীর ললিতারই বশী-ভূত ॥১৫ ॥

বৃন্দা কর্ত্তৃক সুসজ্জিত কুঞ্জ রূপ কামমন্দিরে শ্রীকৃষ্ণ কর্ত্তৃক খণ্ডিত মানা হইয়া যিনি ললিতার ভয়ে কম্প-যুক্তা ॥ ১৬ ॥

বিশাখা সখীর নর্ম্মবাক্য ও সখ্যভাবে যিনি সুখিত হইয়া বিশাখার প্রতি তদ্গত চিত্তা হন, বিশাখার প্রাণরূপ-

বিশাখাপ্রাণদীপালী নির্ম্মঞ্ছ্য নখচন্দ্রিকা ॥ ১৭॥
সখীবর্গৈক জীবাতু স্মিতকৈরবকোরকা।
স্নেহফুল্লীকৃত স্বীয়গণা গোবিন্দবল্লভা ॥ ১৮ ॥
বৃন্দারণ্য মহারাজ্য মহাসেক মহোজ্জ্বলা।
গোষ্ঠ সর্ব্বজনাজীব্যবদনা রদনোত্তমা ॥ ১৯ ॥
জ্ঞাতবৃন্দাটবী সর্ব্বলতা তরু মৃগ দ্বিজা।

যস্যাঃ সা তদ্গতাত্মিকা। বিশাখায়াঃ প্রাণা এব দীপালী দীপশ্রেণী তয়া নির্ম্মঞ্ছ্যা নখচন্দ্রিকা যস্যাঃ সা ॥ ১৭ ॥

সখীবর্গস্য সখীসমূহস্য জীবাতু জীবনোপায়ং স্মিতরূপ কৈরবকোরকং যস্যাঃ সা। স্নেহেন ফুল্লীকৃতঃ প্রফুল্লীকৃতঃ স্বীয়গণো [illegible] সা ॥ ১৮ ॥

বৃন্দারণ্যমেব মহারাজ্যং তত্র যো মহাসেকস্তস[illegible]হ উৎসবস্তেনোজ্জ্বলা শোভমানা। গোষ্ঠস্য সর্ব্বজনস্য আজীব্যং জীবনো[illegible]য়ং বদনং যস্যাঃ সা রদনা দন্তা উত্তমা যস্যাঃ সা ॥ ১৯ ॥

জ্ঞাতা বোধগোচরীকৃতা বৃন্দাটব্যাঃ সর্ব্ব ল[illegible] তরু মৃগ দ্বিজা যয়া সা

দীপ শ্রেণী দ্বারা যাঁহার নখচন্দ্রিকার [illegible]রাত্রিক (আরতি) সম্পন্ন হয় ॥ ১৭ ॥

যাঁহার স্মিতরূপ কুমুদ কলিকা স[illegible]বর্গের জীবনৌষধি স্বরূপ এবং যিনি স্নেহামৃতে স্বজনগণকে প্রফুল্লিত করেন তথা যিনি গোবিন্দবল্লভা ॥ ১৮ ॥

অপর বৃন্দারণ্য রূপ মহারাজে মহাভিষেক দ্বারা যাঁহার মহতী উজ্জ্বলতা হইয়াছে এবং যাহার বদন গোষ্ঠবাসি, জনসকলের জীবনোপায় স্বরূপ তথা যাঁহার দন্ত সকল সুশোভিত হইয়াছে ॥ ১৯ ॥

বৃন্দাবনের সমস্ত তরু, লতা, মৃগ ও পক্ষী যাঁহার পরি-

তদীয় সখ্যসৌরভ্য স্থরভীকৃত মানসা ॥ ২০ ॥
সর্ব্বত্র কুর্ব্বতী স্নেহং স্নিগ্ধপ্রকৃতিরাভবং।
নামমাত্রে জগচ্চিত্ত দ্রাবিকা দীনপালিকা ॥ ২১ ॥
গোকুলে কৃষ্ণচন্দ্রস্য সর্ব্বাপচ্ছান্তিপূর্ব্বকং।
ধীরলালিত্যবৃদ্ধ্যর্থং ক্রিয়মাণ ব্রতাদিকা ॥ ২২ ॥
গুরু গো বিপ্র সৎকাররতা বিনয় সন্নতা।

দ্বিজঃ পক্ষী। তদীয়ং তৎ সর্ব্ব লতাদি সম্বন্ধে যৎ সখ্যং অর্থাৎ স্বস্য তদেব সৌরভ্যং তেন স্থরভীকৃতং মানসং যয়া সা। তৎ সখ্য এব সর্ব্বথা মনো লগ্নমিতি ভাবঃ ॥ ২০ ॥

আভবমাজন্ম স্নি[illegible]প্রকৃতিঃ স্নিগ্ধস্বভাবা। নামমাত্রেণ রাধা ইতি নামমাত্রেণ জগতাং চিত্তস[illegible]দ্রাবিকা দ্রবকর্ত্রী ॥ ২১ ॥

গোকুলেতি। বিদ[illegible] নবতারুণ্যঃ পরিহাসবিশারদঃ নিশ্চিন্তো ধীরললিতঃ স্যাৎ প্রায়ঃ প্রেয়সী [illegible]ঃ। ইত্যুক্তলক্ষণো ধীরললিতস্তদ্ভাবস্তৎ। অন্যৎ সুগমং ॥ ২২ ॥

সৎকারঃ পূজা। [illegible]বাং বিপ্রাদীনামাশীঃশতেন বর্দ্ধিষ্ণু বর্দ্ধনশীলো যঃ

চিত এবং বৃন্দাব[illegible] তরুলতা সম্বন্ধীয় সখ্যরূপ সৌরভে যাঁহার মানস স্থরভি[illegible]যুক্ত ॥ ২০ ॥

জন্মাবধি যিনি [illegible]গ্ধ স্বভাবা হইয়া সর্ব্বত্র স্নেহ প্রকাশ করেন এবং যিনি "রা[illegible]" এই নাম উচ্চারণ মাত্রেই সকলের চিত্ত দ্রবীভূত করেন তথা যিনি দীনপালিকা ॥ ২১ ॥

গোকুলে কৃষ্ণচন্দ্রের সর্ব্বাপৎ শান্তি পূর্ব্বক ধীরলালিত্য বৃদ্ধির জন্য যিনি ব্রতাদির অনুষ্ঠান করেন ॥ ২২ ॥

যিনি বিনীতভাবে গুরু, গো এবং ব্রাহ্মণদিগের পূজাদি কার্য্যে নিরত এবং ঐ গুর্ব্বাদির শত ২ আশীর্ব্বাদ হেতুক নিয়ত

তদাশীঃশত বৰ্দ্ধিষ্ণু সৌভাগ্যাদি গুণাঞ্চিতা ॥ ২৩ ॥
আয়ু র্গো শ্রীযশোদায়িপাকা দুর্ব্বাসসোবরাৎ।
অতঃ কুন্দলতা নীয়মানা রাজ্ঞ্যাঃ সমাজ্ঞয়া ॥ ২৪ ॥
গোষ্ঠজীবাতু গোবিন্দজীবাতু লপিতামৃতা।
নিজ প্রাণার্ব্বুদশ্রেণী রক্ষ্যতৎ পাদরেণুকা ॥ ২৫ ॥
কৃষ্ণপাদারবিন্দোদ্যন্মকরন্দময়ে মুদা।

সৌভাগ্যাদিগুণস্তেনাঞ্চিতা পূজিতা ॥ ২৩ ॥

আয়ুশ্চ গৌশ্চ শ্রীঃ সম্পত্তিশ্চ যশশ্চ তানি দাতুং শীলং যস্য এবম্ভূতঃ পাকো রন্ধনং যস্যাঃ সা। অতো হেতা রাজ্ঞ্যাঃ যশোদায়াঃ সমাজ্ঞয়া আদেশেন কুন্দলতয়া নীয়মানা ॥ ২৪ ॥

গোষ্ঠস্য ব্রজস্য জীবাতুর্জীবনোপায়ো যো গোবিন্দ স্তস্য জীবাতুর্লপিতরূপামৃতং যস্যাঃ সা। নিজ প্রাণার্ব্বুদ শ্রেণ্যা রক্ষ্যো রাগীয় স্তস্য কৃষ্ণস্য পাদাম্বুজরেণুর্যস্যাঃ সা ॥ ২৫ ॥

অরিষ্টমর্দ্দি কাসারে তন্নাম সরোবরে নির্ব্বন্ধতোহ তাস্বাদম্বহং প্রত্যহং মুদা-

বর্দ্ধমান সৌভাগ্যাদি গুণ যাঁহাতে সংযুক্ত রহিয়াছে ॥ ২৩ ॥

দুর্ব্বাসা ঋষির বরে যাঁহার পাকান্ন আয়ুঃ, গো, যশঃ, সম্পত্তি, এ সমস্তই প্রদান করিতে সমর্থ, সুতরাং যশোদার আজ্ঞায় যিনি নন্দালয়ে কুন্দলতা কর্তৃক শ্রীকৃষ্ণের অন্নাদি-পাকার্থ প্রত্যহ আনীতা হইয়া থাকেন ॥ ২৪ ॥

যাঁহার বাক্যামৃত ব্রজজীবন শ্রীকৃষ্ণের জীবনৌষধি স্বরূপ এবং যিনি শ্রীকৃষ্ণের পাদরেণুকে স্বীয় প্রাণ সমূহ দ্বারা রক্ষা করেন ॥ ২৫ ॥

শ্রীকৃষ্ণের পাদপদ্ম সমুত্থিত মকরন্দ সমন্বিত অরিষ্টমর্দ্দি-

অরিষ্টমর্দ্দি কাসারে স্নাত্রী নির্ব্বন্ধতোঽন্বহং ॥ ২৬ ॥
নিজকুণ্ডপুরস্তীরে রত্নস্থল্যামহর্নিশং।
প্রেষ্ঠনর্ম্মালিভির্ভঙ্গ্যা সমং নর্ম্ম বিতন্বতী ॥ ২৭ ॥
গোবর্দ্ধনগুহালক্ষ্মী র্গোবর্দ্ধনবিহারিণী।
ধৃতগোবর্দ্ধনপ্রেমা ধৃতগোবর্দ্ধনপ্রিয়া ॥ ২৮ ॥
গান্ধর্ব্বাদ্ভুতগান্ধর্ব্বা রাধা বাধাপহারিণী।

হর্ষেণ স্নাত্রী স্নানকর্ত্রী'ত্যন্বয়ঃ। কিম্ভূতে কাসারে কৃষ্ণস্য পাদারবিন্দাদুদ্যন্ যো মকরন্দঃ তন্ময়ে তৎপ্রচুরে। প্রাচুর্য্যার্থে ময়ট্ ॥ ২৬ ॥

নিজেতি। নিজকুণ্ডস্য রাধাকুণ্ডস্য পুরোঽগ্রতো যত্তীরং তত্র যা রত্নস্থলী রত্নমণ্ডপ স্তত্রাহর্নিশং দিবানিশং প্রেষ্ঠনর্ম্মালিভিঃ সখীভিঃ সমং সহ ভঙ্গ্যা নর্ম্ম সুখং বিতন্বতী বিস্তারয়তীত্যন্বয়ঃ ॥ ২৭ ॥

ধৃতো গোবর্দ্ধনো যেন সঃ ধৃতগোবর্দ্ধনঃ কৃষ্ণস্তত্র প্রেম যস্যাঃ সা। ধৃতগোবর্দ্ধনস্য তস্যৈব প্রিয়া ॥ ২৮ ॥

ইতি পঞ্চভির্নামভিঃ কৃষ্ণা গোকুলে জনৈরাহূতা ইত্যুত্তরেণান্বয়ঃ। সোপপত্তিকানি পঞ্চ নামানীন সার্দ্ধেন। অদ্ভুতং গান্ধর্ব্বং গানং যস্যা ইতি গান্ধ-

নামক সরোবরে প্রতিদিন অতিযত্ন সহকারে যিনি স্নান করেন ॥ ২৬ ॥

রাধাকুণ্ডের পুরোবর্ত্তি তীরে সন্নিহিত রত্ন মণ্ডপে যিনি দিবা নিশি নর্ম্মভাষিণী প্রিয়তমা সখীদিগের সহিত ভঙ্গীপূর্ব্বক পরিহাস সুখ বিস্তার করিতেছেন ॥ ২৭ ॥

যিনি গোবর্দ্ধন গুহার লক্ষ্মী, গোবর্দ্ধন বিহারিণী এবং গোবর্দ্ধনধারি শ্রীকৃষ্ণে যাঁহার নিয়ত প্রেম ॥ ২৮ ॥

গান্ধর্ব্ব অর্থাৎ আশ্চর্য্য গান নিমিত্ত যিনি গান্ধর্ব্বা ১। বাধা অর্থাৎ দুঃখের অপহারিণী এবং ক্লেশনাশার্থ যাঁহাকে আরা-

চন্দ্রকান্তিশ্চলাপাঙ্গী রাধিকা বন্ধু রাধিকা ॥২৯॥
গান্ধর্ব্বিকা স্বগন্ধাতি সুগন্ধীকৃত গোকুলা।
ইতি পঞ্চভিরাহূতা নামভি র্গোকুলে জনৈঃ॥ ৩০॥
হরিণী হরিণীনেত্রা রঙ্গিণী রঙ্গিণীপ্রিয়া।

র্ব্বেত্যেকং নাম। বাধাং দুঃখমপহর্ত্তুং শীলং যস্যাঃ সা তথেতি। রাধ্যতে ক্লেশনাশায় আরাধ্যতেঽসাবিতি রাধেতি দ্বিতীয়ং। চলশ্চঞ্চলশ্চকোর ইব চঞ্চলোঽর্থাৎকৃষ্ণস্যাপাঙ্গো যস্যা হেতোরিতি চন্দ্রকান্তিরিত্যেকং এতেন নামত্রয়ং বন্ধোঃ শ্রীকৃষ্ণস্য রাধিকা আরাধিকেতি রাধিকেত্যেকমনেন চত্বারি ॥২৯

স্বস্য গন্ধেনাতিসুগন্ধিকৃতং গোকুলং যয়া সা গন্ধর্ব্বকুলোৎপন্নত্বেনাতিগন্ধবতীত্বমিতি গান্ধর্ব্বিকেত্যেকমেতেন পঞ্চ ইতি ॥ ৩০

হরিণী, স্বর্ণপ্রতিমা। তথাচ মেদিনী। হরিণী হরিণ্যাঞ্চ নারীভিদ্বৃত্তভেদয়োঃ। সুবর্ণ প্রতিমায়াঞ্চেতি। হরিণ্যা মৃগ্যা নেত্রে ইব নেত্রে যস্যাঃ সা তথা। রঙ্গিণী ভাবহাবাদিমতী। রঙ্গিণ্যা রঙ্গবত্যাঃ প্রিয়া। রঙ্গিণ্যা আত্মীয়

ধনা করা যায় এই অর্থে যিনি রাধা। ২। যাঁহার নিমিত্ত চঞ্চল চকোরের ন্যায় শ্রীকৃষ্ণের অপাঙ্গ চঞ্চল এই অর্থে যিনি চন্দ্রকান্তি। ৩। বন্ধু অর্থাৎ শ্রীকৃষ্ণের আরাধিকা এই অর্থে যিনি রাধিকা। ৪। এবং গন্ধর্ব্বকুলোৎপন্নত্ব হেতুক গন্ধশালিনী হইয়া স্বীয় গন্ধদ্বারা যিনি সমস্ত গোকুলকে অতিশয় গন্ধযুক্ত করিয়াছেন এই অর্থে যাঁহার নাম গান্ধর্ব্বিকা। ৫। এই পাঁচটী নামদ্বারা গোকুলবাসি জন কর্তৃক যিনি আহূতা হইয়া থাকেন ॥ ২৯ ॥ ৩০ ॥

হরিণী অর্থাৎ যিনি সুবর্ণ প্রতিমা সদৃশ, এবং হরিণী লোচনা এবং রঙ্গিণী নামক সখীর প্রিয়তমা, তথা স্বয়ংও রঙ্গিণী, এবং যিনি সুরঙ্গ নামক শ্রীকৃষ্ণের হরিণের শব্দকে

রঙ্গিণীধ্বনিনাগচ্ছৎ স্থরঙ্গধ্বনি হাসিনী ॥ ৩১ ॥
বদ্ধ নন্দীশ্বরোৎকণ্ঠা কান্তকৃষ্ণৈককাঙ্ক্ষয়া।
নবানুরাগ সম্বন্ধ মদিরোন্মত্ত মানসা ॥ ৩২ ॥
মদনোন্মাদি গোবিন্দমকস্মাৎ প্রেক্ষ্য হাসিনী।
লপন্তী রুদতী কম্প্রা রুষ্টা দষ্টাধরাতুরা ॥ ৩৩ ॥
বিলোকয়তি গোবিন্দে স্মিত্বা চারুমুখাম্বুজং।

হরিণ্যা যো ধ্বনিস্তেন আগচ্ছন্ যঃ সুরঙ্গঃ কৃষ্ণহরিণস্তস্য ধ্বনিনা হসিতুং শীলং যস্যাঃ সা তথা। তথাচ দীপিকা। স্থরঙ্গ্যাখ্যঃ কুরঙ্গোঽস্যেতি। কুরঙ্গী রঙ্গিণী খ্যাতেতি চ ॥ ৩১ ॥

কান্তশ্চাসৌ কৃষ্ণ ইতি এবম্ভূতে কৃষ্ণে একা অদ্বিতীয়া কাঙ্ক্ষা আকাঙ্ক্ষা তয়া নন্দীশ্বরায় এতন্নাম গ্রামং গন্তুং উৎকণ্ঠা যস্যাঃ সা। নবানুরাগস্য সম্বন্ধ এব মদিরা সুরা তয়া উন্মত্তং মানসং যস্যাঃ সা ॥ ৩২ ॥

মদনেতি। সুগমং ॥ ৩৩ ॥

পুষ্পাকৃষ্টিমিষাৎ পুষ্পাকর্ষণচ্ছলাৎ ঊর্দ্ধে ধৃতং দোর্মূলচালনং বাহুমূল সঞ্চালনং যয়া ॥ ৩৪ ॥

উপহাস পূর্ব্বক যিনি রঙ্গিণী হরিণীর শব্দ শ্রবণে গমন করিয়াছিলেন ॥ ৩১ ॥

স্বীয় কান্ত শ্রীকৃষ্ণের আকাঙ্ক্ষায় যিনি নন্দীশ্বর গ্রাম গমনার্থ উৎকণ্ঠা বদ্ধ হইয়াছেন এবং নবানুরাগের সম্বন্ধরূপ মদিরায় যাঁহার মানস উন্মত্ত ॥ ৩২ ॥

মদনোন্মত্ত গোবিন্দকে অকস্মাৎ দর্শন করিয়া যিনি সহাস্য বাক্য কথন পূর্ব্বক রোদন করিয়া কম্পিতা হয়েন এবং যিনি ক্রোধান্বিতা হইয়া ওষ্ঠ দংশন করেন ॥ ৩৩ ॥

গোবিন্দ ঈষৎ হাস্য পূর্ব্বক সুচারু মুখপদ্ম অবলোকন

পুষ্পাকৃষ্টিমিষাদূর্দ্ধে ধৃতদোর্মূলচালনা ॥ ৩৪ ॥
সমক্ষমপি গোবিন্দমবিলোক্যেব ভাবতঃ।
দলে বিলিখ্য তন্মূর্ত্তিং পশ্যন্তী তদ্বিলোকিতাং। ৩৫ ॥
লীলয়া যাচকং কৃষ্ণমবধীর্য্যেব ভামিনী।
গিরীন্দ্রগহ্বরং ভঙ্গ্যা পশ্যন্তী বিকসদ্দৃশা ॥ ৩৬ ॥
সুবল স্কন্ধ বিন্যস্ত বাহৌ পশ্যতি মাধবে।
স্মেরা স্মেরারবিন্দেন তমালং তাড়য়ন্ত্যথ ॥ ৩৭ ॥

সমক্ষমিতি। অবিলোক্যেব অদৃষ্টেব। তদ্বিলোকিতাং কৃষ্ণেন বিলোকিতাং ॥ ৩৫ ॥

অবধীর্য্য অবজ্ঞায়। ভামিনী কোপিনী ॥ ৩৬ ॥

মাধবে পশ্যতি সতি স্মেরা ঈষদ্ধাস্যবতী স্মেরারবিন্দেন বিকসিতারবিন্দেন ॥ ৩৭

করিলে যিনি পুষ্পাকর্ষণচ্ছলে ঊর্দ্ধদেশে বাহুমূলের সঞ্চালন করেন ॥ ৩৪ ॥

শ্রীকৃষ্ণের সমক্ষেই কোন বিশেষ ভাব বশতঃ কৃষ্ণ দর্শন না করিয়াই যেন পুষ্পদলে কৃষ্ণমূর্ত্তি লিখিয়া কৃষ্ণবিলোকিতা সেই প্রতিকৃতিকে যিনি দর্শন করিতে থাকেন ॥৩৫ ॥

কোপবতী শ্রীরাধিকা লীলা বশতঃ যাচক কৃষ্ণকে অবজ্ঞা করিয়াই যেন ভঙ্গী পূর্ব্বক গোবর্দ্ধন গহ্বরকে প্রফুল্ল নেত্রে দর্শন করেন ॥ ৩৬ ॥

মাধব সুবলের স্কন্ধে বাহু বিন্যস্ত করিয়া দর্শন করিলে যিনি ঈষৎ হাস্য পূর্ব্বক তমাল বৃক্ষকে তাড়ন করেন ॥৩৭ ॥

লীলয়া কেলিপাথোজং স্মিত্বা চুম্বতি মাধবে।
স্মিত্বা ভালাত্ত কস্তূরীরসং ঘ্রাতবতী সকৃৎ ॥ ৩৮ ॥
মহাভাবোজ্জ্বলচ্চিন্তা রত্নোদ্ভাবিতবিগ্রহা।
সখীপ্রণয় সদ্গান্ধবরোদ্বর্ত্তন সুপ্রভা ॥ ৩৯ ॥
কারুণ্যামৃতবীচীভিস্তারুণ্যামৃতধারয়া।
লাবণ্যামৃতবন্যাভিঃ স্নপিতা গ্লপিতেন্দিরা ॥ ৪০ ॥

কেলিপাথোজং লীলাপদ্মং। ভালাৎ কপালাৎ আত্তো গৃহীতো যঃ কস্তূরী-রসস্তং। ভাবস্তু ব্যক্তএব ॥ ৩৮ ॥

মহাভাবেত্যাদি দশ পদ্যানি ব্যাখ্যাতানি। পুনরুক্ততাতু হৃষ্টবক্তৃরুক্তৌ ন দোষ ইত্যপি ব্যাখ্যাতং ॥ ৩৯ । ৪০ । ৪১ । ৪২ । ৪৩ । ৪৪ । ৪৫ । ৪৬ । ৪৭ । ৪৮ ॥

শ্রীকৃষ্ণ বিলাস বশতঃ হাস্য সহকারে লীলা পদ্ম চুম্বন করিলে যিনি হাস্য করিয়া ললাট হইতে কস্তূরীরস গ্রহণ পূর্ব্বক একবার মাত্র আঘ্রাণ করেন ॥ ৩৮ ॥

অনন্তর গ্রন্থকর্ত্তা শ্রীরঘুনাথ দাসগোস্বামী পুনরায় মহাভাবেত্যাদি দশটী পদ্যে স্তব করিতেছেন, ইহা হৃষ্ট বক্তার উক্তিতে পুনরুক্তি দোষ দূষিত নহে ॥

মহাভাবস্বরূপ উজ্জ্বল চিন্তারত্ন দ্বারা যাঁহার শরীর অতি পবিত্র এবং সখীগণের প্রণয় রূপ উদ্বর্ত্তন অর্থাৎ কুঙ্কুমাদি দ্বারা যাঁহার কান্তি সুন্দর হইয়াছে ॥ ৩৯ ॥

পূর্ব্বাহ্নে কারুণ্য অর্থাৎ দয়ালুতা রূপ অমৃত তরঙ্গ, মধ্যাহ্নে তারুণ্য অর্থাৎ যৌবন রূপ অমৃতধারা এবং সায়াহ্নে লাবণ্য অর্থাৎ কান্তিরূপ অমৃতের বন্যা দ্বারা যিনি স্নান পূর্ব্বক ইন্দিরা অর্থাৎ লক্ষ্মীদেবীকেও গ্লানি যুক্ত করিতেছেন ॥ ৪০ ॥

হ্রীপট্টবস্ত্র গুপ্তাঙ্গী সৌন্দর্য্য ঘুসৃণার্চ্চিতা ।
শ্যামলোজ্জ্বল কস্তূরী বিচিত্রিত কলেবরা ॥ ৪১ ॥
কম্পাশ্রু পুলক স্তম্ভ স্বেদ গদ্গদ রক্ততা ।
উন্মাদো জাড্যমিত্যেতৈ রত্নৈর্নবভিরুত্তমৈঃ ॥৪২ ॥
কৢপ্তালঙ্কৃতি সংশ্লিষ্টাগুণালী পুষ্পমালিনী ।
ধীরাধীরাত্বসদ্বাসঃ পটবাসৈঃ পরিষ্কৃতা ॥ ৪৩ ॥
প্রচ্ছন্নমানধম্মিল্লা সৌভাগ্য তিলকোজ্জ্বলা ।
কৃষ্ণনাম যশঃ শ্রাব বতংসোল্লাসি কর্ণিকা ॥ ৪৪ ॥
রাগতাম্বুলরক্তোষ্ঠী প্রেমকৌটিল্যকজ্জলা ।

লজ্জারূপ পট্টবস্ত্র দ্বারাই যাঁহার অঙ্গ আচ্ছাদিত এবং যিনি সৌন্দর্য্য রূপ ঘুসৃণ অর্থাৎ কুঙ্কুম দ্বারা সুশোভিত, তথা শ্যামবর্ণ উজ্জ্বল অর্থাৎ শৃঙ্গাররসরূপ যে কস্তূরী তদ্দ্বারা যাঁহার কলেবর বিচিত্রিত হইয়াছে ॥ ৪১ ॥

অপর । কম্প, অশ্রু, পুলক, স্তম্ভ, স্বেদ, গদ্গদ অর্থাৎ অস্ফুট ধ্বনি, রক্ততা, উন্মাদ ও জড়তা, এই নয়টী উত্তম রত্ন-দ্বারা যিনি অলঙ্কার রচনা করিয়া পরিধান করিয়াছেন তথা সৌন্দর্য্যমাধুর্য্যাদি গুণ সমূহই যাঁহার পুষ্পমালা স্বরূপ এবং ধীরাধীরাত্ব ভাবরূপ সদ্গন্ধকেই যিনি পটবাস অর্থাৎ কর্পূ-রাদি রূপে ব্যবহার করিতেছেন ॥ ৪২ ॥ ৪৩ ॥

প্রচ্ছন্ন মানই যাঁহার ধম্মিল্ল অর্থাৎ সম্বদ্ধ কেশপাশ, যিনি সৌভাগ্যরূপ তিলকে উজ্জ্বল এবং শ্রীকৃষ্ণের নাম ও যশঃ শ্রবণই যাঁহার সুন্দর কর্ণভূষণ ॥ ৪৪ ॥

অনুরাগ রূপ তাম্বূলের রক্তিমায় যাঁহার ওষ্ঠ রঞ্জিত,

নর্ম্মভাষিতনিস্যন্দা স্মিতকর্পূরবাসিতা ।। ৪৫ ।।
সৌরভান্তঃ পুরে গর্ব্বপর্য্যঙ্কোপরি লীলয়া ।
নিবিষ্টা প্রেমবৈচিত্ত্য বিচলত্তরলাঞ্চিতা ॥ ৪৬ ॥
প্রণয়ক্রোধ সচ্চোলীবন্ধগুপ্তীকৃতস্তনী ।
সপত্নী বক্ত্রহৃচ্ছোষি যশঃ শ্রীকচ্ছপীরবা ॥ ৪৭ ॥
মধ্যতাত্মসখীস্কন্ধ লীলান্যস্তকরাম্বুজা ।
শ্যামা শ্যামস্মরামোদমধূলী পরিবেশিকা ॥ ৪৮ ॥

প্রেম কৌটিল্যই যাঁহার কজ্জল, শ্রীকৃষ্ণের ও সখীগণের উপহাস বাক্য শ্রবণে সমুৎপন্ন মধুর হাস্য রূপ কর্পূর দ্বারা যিনি সুবাসিত হইয়াছেন ॥ ৪৫ ॥

সৌরভ অর্থাৎ কীর্ত্তি স্বরূপ অন্তঃপুর মধ্যে যিনি গর্ব্ব-রূপ পর্য্যঙ্কে আনন্দে শয়ান হইয়া প্রেমবৈচিত্ত্য অর্থাৎ বিপ্রলম্ভ রূপ চঞ্চল তরল (হার মধ্যস্থিত মণি) দ্বারা শোভা পাইতেছেন ॥ ৪৬ ॥

সপ্রণয় ক্রোধ সম্ভূত রক্তিমা রূপ সচ্চোলী বন্ধনে অর্থাৎ কাঁচুলী দ্বারা যিনি স্তনযুগলকে আবৃত করিয়াছেন এবং সপত্নীগণের কুটিলতম মুখ ও হৃদয়ের শোষণকারিণী যশঃশ্রী অর্থাৎ যশঃ সম্পত্তিই যাঁহার উৎকৃষ্ট কচ্ছপী অর্থাৎ বীণারব হইয়াছে ॥ ৪৭ ॥

মধ্যতা অর্থাৎ যৌবন রূপ স্বীয় সখীর স্কন্ধদেশে যিনি আপনার লীলা রূপ করপদ্ম অর্পণ করিয়াছেন এবং যিনি শ্যামা অর্থাৎ বিশেষ গুণযুক্তা স্ত্রী তথা যিনি শৃঙ্গাররস দ্বারা কন্দর্পমত্ততারূপ মধু পরিবেশন করিতেছেন ॥ ৪৮ ॥

সুভগা বল্লবিঙ্খোলী মৌলিভূষণ মঞ্জরী।
আবৈকুণ্ঠ মজাণ্ডালি বতংসীকৃত সদ্যশাঃ ॥ ৪৯ ॥
বৈদগ্ধ্যৈক সুধাসিন্ধু শ্চাতুর্য্যৈক সুধাপুরী।
মাধুর্য্যৈক সুধাবল্লী গুণরত্নৈকপেটিকা ॥ ৫০ ॥
গোবিন্দানঙ্গ রাজীবে ভানুশ্রী বার্ষভানবী।

সুভগানাং সৌভাগ্যবতীনাং যা বিঙ্খোলী শ্রেণী তস্যা মৌলৌ মস্তকে। আবৈকুণ্ঠং বৈকুণ্ঠপর্য্যন্তং অজাণ্ডালে ব্রহ্মাণ্ডসমূহস্য বতংসীকৃতং কর্ণভূষণীকৃতং সদ্বিলক্ষণং যশঃ কীর্ত্তি র্যয়া সা ॥ ৪৯ ॥

বৈদগ্ধ্যেতি। সুগমং ॥ ৫০ ॥

গোবিন্দে যঃ অনঙ্গঃ কামঃ সএব রাজীবং তত্র ভানোরিব সূর্য্যস্যেব শ্রীর্যস্যাঃ সা। যথা সূর্য্যোদয়ে পদ্মস্য প্রকাশো ভবেৎ তথাস্যাঃ দর্শনে কৃষ্ণস্য কামোদ্রেকো ভবেদিতি ভাবঃ। ভানুশ্রীত্যত্র শ্রীশব্দস্য ক্যন্তত্বাদ্ধাতুত্বেহপি বহুব্রীহৌ রাধিকায়া বিশেষ্যত্বেন পুনঃ স্ত্রীত্বে ক্যন্তত্বস্য বিপ্রকৃষ্টত্বাৎ ধাতুত্বা-

যিনি সৌভাগ্যবতী স্ত্রীগণের মস্তকস্থিত ভূষণমঞ্জরী-স্বরূপা, বৈকুণ্ঠ পর্য্যন্ত সমস্ত ব্রহ্মাণ্ডে যিনি যশকে কর্ণ-ভূষণ করিয়াছেন ॥ ৪৯ ॥

যিনি বৈদগ্ধ্য অর্থাৎ রসিকতার সুধাসিন্ধু, চতুরতা রূপ অমৃতের একমাত্র পুরী অর্থাৎ বাসস্থান, মাধুর্য্যামৃতের লতা এবং গুণরত্নের পেটিকা ॥ ৫০ ॥

গোবিন্দস্থিত মন্মথপদ্মের সম্বন্ধে যে বৃষভানুনন্দিনী সূর্য্যের প্রভাস্বরূপ অর্থাৎ সূর্য্যদর্শনে যদ্রূপ পদ্মের প্রকাশ হয়, তদ্রূপ শ্রীরাধার দর্শনে কৃষ্ণের কামোদ্রেক হইয়া থাকে

কৃষ্ণহৃৎকুমুদোল্লাসে সুধাকরকরস্থিতিঃ ॥ ৫১ ॥
কৃষ্ণমানসহংসস্য মানসী সরসী বরা।
কৃষ্ণচাতক জীবাতু নবাম্ভোদপয়ঃস্রুতিঃ ॥ ৫২ ॥
সিদ্ধাঞ্জন সুধাবর্ত্তিঃ কৃষ্ণলোচনয়োর্দ্বয়োঃ।
বিলাসশ্রান্ত কৃষ্ণাঙ্গে বাতালী মাধবী মতা ॥ ৫৩ ॥
মুকুন্দ মত্ত মাতঙ্গবিহারাপারদীর্ঘিকা।

ভাবে নধাতুলক্ষ্যাদ্যোরিতি ন স্নুলুক্নিষেধঃ। সুধাকরস্য চন্দ্রস্য করস্য কিরণস্যেব স্থিতি মর্য্যাদা যস্যাঃ সা ॥ ৫১ ॥

কৃষ্ণমানসেতি। বরা শ্রেষ্ঠা মানসী সরসী মানসগঙ্গা। কৃষ্ণচাতকস্য জীবাতু- জীবনোপ[illegible]য়া নবাম্ভোদস্যেব পয়ঃস্রুতির্জলকেল্যাং স্বহস্তপ্রক্ষিপ্ত জলস্য প্রচরণং যস্যাঃ সা ॥ ৫২ ॥

সিদ্ধেতি। দ্বয়োঃ কৃষ্ণলোচনয়োঃ সিদ্ধাঞ্জনরূপ সুধায়া বর্ত্তি রাধারঃ। মাধবী বসন্ত সম্বন্ধিনী বাতালী বাতসমূহঃ ॥ ৫৩ ॥

অপারা পারশূন্যা কৃষ্ণস্য প্রাণা এব মীনা স্তেষাং খেলনানন্দায় বারিধিঃ

এবং যিনি শ্রীকৃষ্ণের মানস রূপ কুমুদের উল্লাস বিষয়ে চন্দ্রকিরণ স্বরূপ ॥ ৫১ ॥

তথা। শ্রীকৃষ্ণের মানস হংসের সম্বন্ধে যিনি উৎকৃষ্ট মানসগঙ্গা এবং যিনি শ্রীকৃষ্ণ রূপ চাতক পক্ষির জীবনৌষধিরূপ নব জলদের জলধারা ॥ ৫২ ॥

যিনি শ্রীকৃষ্ণের নেত্রদ্বয়ের প্রসিদ্ধ অঞ্জনসুধার বর্ত্তি (বাতি) স্বরূপ [illegible] যিনি বিলাসশ্রান্ত শ্রীকৃষ্ণের অঙ্গে বসন্তকালীন বায়ু সমূহ ॥ ৫৩ ॥

অপর। যিনি শ্রীকৃষ্ণরূপ মত্তমাতঙ্গের বিহারার্থ অপার

কৃষ্ণপ্রাণ মহামীন খেলনানন্দবারিধিঃ ॥ ৫৪ ॥
গিরীন্দ্রধারি রোলম্ব রসাল নবমঞ্জরী।
কৃষ্ণকোকিলসম্মোদি মন্দারোদ্যান বিস্তৃতিঃ ॥ ৫৫ ॥
কৃষ্ণকেলি বরারামবিহারাদ্ভুত কোকিলা।
নাদাকৃষ্ট বকদ্বেষি বীর ধীর মনোমৃগা ॥ ৫৬ ॥
প্রণয়োদ্রেক সিদ্ধ্যেক বশীকৃত ধৃতাচলা।

সমুদ্রঃ ॥ ৫৪ ॥

গিরিন্দ্রেতি। গিরীন্দ্রধারী শ্রীকৃষ্ণঃ স এব রোলম্বো ভ্রমরস্তস্য রসালমঞ্জরী আম্রমঞ্জরী কৃষ্ণকোকিলস্য সম্মোদি যন্মন্দারোদ্যানং মন্দারপর্ব্বতস্যোপবনং তস্য বিস্তৃতি বিস্তার রূপা ॥ ৫৫ ॥

কৃষ্ণস্য কেলিরেব বরারামঃ শ্রেষ্ঠোপবনং তত্র বিহারে বিহারায় বা অদ্ভুত-কোকিলা। নাদেন শব্দেনাকৃষ্টো নিকট আনিতো যো বকদ্বেষী শ্রীকৃষ্ণঃ স এব বীরস্তস্য যদ্ধীরং মনস্তস্য মৃগা অন্বেষ্ট্রী। মৃগ অন্বেষণে ধাতুরিজুপান্তত্বা-দৎপ্রত্যয়ান্তঃ ॥ ৫৬ ॥

প্রণয়োদ্রেক এব সিদ্ধ্যেকং সিদ্ধীনামণিমাদীনামেকতরং তেন বশীকৃতো

দীর্ঘিকা স্বরূপ এবং শ্রীকৃষ্ণের প্রাণরূপ মহামৎস্যের সম্বন্ধে যিনি ক্রীড়া নিমিত্ত আনন্দসমুদ্র ॥ ৫৪ ॥

যিনি শ্রীকৃষ্ণ রূপ ভ্রমরের অভিনব রসালমঞ্জরী অর্থাৎ আম্রমুকুল এবং যিনি শ্রীকৃষ্ণ রূপ কোকিলের আনন্দ-প্রদ মন্দারপর্ব্বতস্থিত বিস্তৃত উপবন স্বরূপ ॥ ৫৫ ॥

যিনি শ্রীকৃষ্ণের কেলিরূপ উৎকৃষ্ট উপবনবিহারে অদ্ভুত কোকিলা স্বরূপ এবং যিনি ধ্বনি দ্বারা নিকটে আনীত বীরবর শ্রীকৃষ্ণের সুধীর মনকে অন্বেষণ করিতেছেন ॥ ৫৬ ॥

প্রণয়োদ্রেকই অণিমাদি অষ্টসিদ্ধির একতর, তদ্দ্বারা যিনি

মাধবাতিবশা লোকে মাধবী মাধবপ্রিয়া ॥ ৫৭ ॥
কৃষ্ণমঞ্জুল তাপিঞ্ছে বিলসৎ স্বর্ণযূথিকা।
গোবিন্দ নব্যপাথোদে স্থিরবিদ্যুল্লতাদ্ভুতা ॥ ৫৮ ॥
গ্রীষ্মে গোবিন্দ সর্ব্বাঙ্গে চন্দ্র চন্দন চন্দ্রিকা।
শীতে শ্যামশুভাঙ্গেষু পীতপট্ট লসৎপটী ॥ ৫৯ ॥
মধৌ কৃষ্ণতরূল্লাসে মধুশ্রী র্মধুরাকৃতিঃ।

ধৃতাচলঃ কৃষ্ণো যয়া সা ॥ ৫৭ ॥
তাপিঞ্ছে তমালে। পাথোদো মেঘঃ ৫৮
চন্দ্রঃ কর্পূরং। চন্দ্রিকা জ্যোৎস্না ॥ ৫৯॥
মধুশ্রী র্বসন্তশ্রীঃ মঞ্জু র্মনোজ্ঞো যো মল্লাররাগ স্তস্য শ্রীঃ শোভা সা এব

গিরিধারি শ্রীকৃষ্ণকে বশীভূত করিয়াছেন এবং নিজেও মাধবের অতিশয় বশীভূতা বলিয়া লোকমধ্যে যিনি মাধবী ও মাধবপ্রিয়া নামে অভিহিতা হয়েন ॥ ৫৭ ॥

শ্রীকৃষ্ণরূপ তমালবৃক্ষে যিনি বিলাসবতী স্বর্ণযূথিকা স্বরূপ এবং গোবিন্দরূপ নবমেঘে যিনি অদ্ভুত ও সুস্থির বিদ্যুল্লতা স্বরূপ ॥ ৫৮ ॥

গ্রীষ্মকালে গোবিন্দের সর্ব্বাঙ্গে যিনি কর্পূর, চন্দন ও চন্দ্রিকা স্বরূপ এবং যিনি শীতকালে শ্রীকৃষ্ণের সুন্দর শরীর সমুদায়ে মনোহর পীতবর্ণ কৌষেয় পটী অর্থাৎ সর্ব্বাচ্ছাদক বস্ত্রবিশেষ ॥ ৫৯ ॥

যিনি বসন্তকালে শ্রীকৃষ্ণরূপ তরুর উল্লাসার্থ মধুরাকৃতি বসন্তকালীন শোভা এবং যিনি বর্ষাকালে শ্রীকৃষ্ণের হর্ষ-

মঞ্জু মল্লাররাগশ্রীঃ প্রাবৃষি শ্যামহর্ষিণী ॥ ৬০ ॥
ঋতৌ শরদি রাসৈক রসিকেন্দ্রমিহ স্ফুটং।
বরীতুং হন্ত রাসশ্রী র্বিহরন্তী সখীশ্রিতা ॥ ৬১ ॥
হেমন্তে স্মরযুদ্ধার্থমটন্তং রাজনন্দনং।
পৌরুষেণ পরাজেতুং জয়শ্রী র্মূর্ত্তিধারিণী ॥ ৬২ ॥
সর্ব্বতঃ সকল স্তব্য বস্তুতো যত্নতশ্চিরাৎ।

প্রাবৃট্ বর্ষা স্তস্যাং ॥ ৬০ ॥

শরদি ঋতৌ রাসৈকরসিকেন্দ্রং শ্রীকৃষ্ণং স্ফুটং বরীতুং বরমিব স্বীকর্ত্তুং রাসশ্রীঃ সখীশ্রিতা সতী বিহরন্তীত্যন্বয়ঃ ॥ ৬১॥

হেমন্ত ইতি। রাজনন্দনং নন্দনন্দনং ॥ ৬২ ॥

সর্ব্বতঃ সর্ব্বেভ্যঃ স্তব্যবস্তুতঃ স্তবনীয় বস্তুভ্যঃ সকাশাৎ সারানাকৃষ্য তৈঃ সারৈ র্যুক্ত্যা যোগেন অদ্ভুত শোভয়া সহ নির্ম্মায় স্বশ্লাঘামাত্মশ্লাঘাং

দায়িনী মনোহর মল্লার রাগের শোভা স্বরূপ ॥ ৬০ ॥

যিনি শরৎঋতুতে একান্ত রাসরসিক শ্রীকৃষ্ণকে স্পষ্টরূপে বরণ করিবার নিমিত্ত সখীকে আশ্রয় করিয়া রাসশ্রীরূপে বিহার করিতেছেন ॥ ৬১ ॥

হেমন্তকালে কাম যুদ্ধের নিমিত্ত ভ্রমণকারি রাজনন্দন শ্রীকৃষ্ণকে স্বীয় পৌরুষ দ্বারা পরাজয় করিবার নিমিত্ত যিনি মূর্ত্তিধারিণী জয়লক্ষ্মী স্বরূপ হইয়াছেন ॥ ৬২ ॥

সুদীর্ঘকালে নিখিল প্রশংসনীয় বস্তু সকল হইতে সর্ব্বতোভাবে সারাকর্ষণ পূর্ব্বক একত্র যোগ করত বিধাতা আশ্চর্য্য শোভার সহিত যাঁহাকে নির্ম্মাণ করিয়া, বারম্বার আত্মশ্লাঘা

সারানাকৃষ্য তৈ র্যুক্ত্যা নির্ম্মায়াদ্ভুতশোভয়া ॥ ৬৩ ॥
স্বশ্লাঘাং কুর্ব্বতা ফুল্লবিধিনা শ্লাঘিতা মুহুঃ।
গৌরী শ্রী মৃগ্যসৌন্দর্য্য বন্দিত শ্রীনখপ্রভা ॥ ৬৪ ॥
শরৎসরোজ শুভ্রাংশু মণিদর্পণ মালয়া।
নির্ম্মঞ্ছিত মুখাম্ভোজ বিলসৎ সুষমা কণা ॥ ৬৫ ॥
স্থায়ি সঞ্চারি সূদ্দীপ্ত সাত্ত্বিকৈরনুভাবকৈঃ।

কুর্ব্বতা ফুল্লবিধিনা প্রফুল্লধাত্রা মুহু র্বারং বারং শ্লাঘিতা পূজিতেতি সার্দ্ধেনান্বয়ঃ ॥ ৬৩ ॥

গৌরীত্যর্দ্ধঃ। গৌরী ভবপত্নী চ শ্রী র্লক্ষ্মীশ্চ তাভ্যাং মৃগ্যং যৎসৌন্দর্য্যং তেন বন্দিতা শ্রীনখপ্রভা যস্যাঃ সা ॥ ৬৪ ॥

শরদাদীনাং মালয়া সমূহেন নির্ম্মঞ্ছিতো মুখাম্ভোজে বিলসৎ সুষমায়াঃ পরম শোভায়াঃ কণো লেশো যস্যাঃ সা ॥ ৬৫ ॥

স্থায়ীতি। স্থায়ী মধুরা রতিশ্চ সঞ্চারী নির্ব্বেদাদি ব্যভিচারীচ সুদ্দীপ্ত সাত্ত্বিকাঃ স্বস্বপরাকাষ্ঠাপন্না স্তম্ভাদয়শ্চ তৈরনুভাবকৈরনুভাবৈ র্ভাব হাবাদিভিঃ বিভাব আদ্যো যেষামনুভাবকানাং তৈ র্বিভাবাদ্যৈঃ। তত এবং ব্যাখ্যা

করত পূজা করিয়াছেন এবং গৌরী ও লক্ষ্মীরও যে সৌন্দর্য্য অন্বেষণীয়, তদ্দ্বারা যাঁহার পাদপদ্মের নখকান্তি বন্দিত হইতেছে ॥ ৬৩ ॥ ৬৪ ॥

শরৎ ঋতু জাত পদ্ম, শারদ চন্দ্র ও মণি দর্পণ প্রভৃতি যাঁহার মুখ পদ্মস্থিত পরম শোভার লেশ মাত্রকে স্তব করিতেছে ॥ ৬৫ ॥

অপর। স্থায়িভাব ও সঞ্চারিভাবে সুন্দর উদ্দীপ্ত সাত্ত্বিক

বিভাবাদ্যৈ র্বিভাবোঽপি স্বয়ং শ্রীরসতাং গতা ॥ ৬৬ ॥
সৌভাগ্যদুন্দুভিপ্রোদ্যদ্ধ্বনি কোলাহলৈঃ সদা ।
বিত্রস্তীকৃত গর্ব্বিষ্ঠ বিপক্ষাখিল গোপিকা ॥ ৬৭ ॥
বিপক্ষ লক্ষ হৃৎকম্প সম্পাদক মুখশ্রিয়া ।
বশীকৃত বকারাতি মানসা মদনালসা ॥ ৬৮ ॥
কন্দর্পকোটি রম্য শ্রীজয়ি শ্রীগিরিধারিণা ।

স্থায়ি সঞ্চারি সুদ্দীপ্তসাত্ত্বিকৈ র্বিভাবাদ্যৈরনুভাবৈশ্চ সহ বিভাবোঽপি ভাবনাবিষয়ভূতাপি স্বয়ং শ্রীরসতাং শৃঙ্গারস্বরূপতাং গতেতি ॥ ৬৬ ॥

সৌভাগ্যেতি । সৌভাগ্যরূপ দুন্দুভেধ্ব নি কোলাহলৈঃ/করণৈঃ সদা সর্ব্বক্ষণং বিত্রস্তীকৃতা প্রাপ্তত্রাসীকৃতা । গর্ব্বিষ্ঠা অহঙ্কার প্রচুরা বিপক্ষরূপা অখিল-গোপিকা যয়া সা ॥ ৬৭ ॥

বশীকৃতং বকারাতেঃ শ্রীকৃষ্ণস্য মানসং যয়া সা ॥ ৬৮ ॥

কন্দর্পকোটের্যা রম্যা মনোজ্ঞা শ্রীঃ শোভা তস্যা জয়নশীলেন গিরিধা-

এবং বিভাবাদি অনুভাবের সহিত বিভাব অর্থাৎ ভাবনাবিষয় ভূতা হইলেও স্বয়ং শ্রীরাধা শ্রীরসতা অর্থাৎ শৃঙ্গার স্বরূপত্ব প্রাপ্ত হইয়াছেন ॥ ৬৬ ॥

যিনি সৌভাগ্য রূপ দুন্দুভির সমুন্নত ধ্বনি কোলাহল-দ্বারা সর্ব্বক্ষণ প্রচুর অহঙ্কার সম্পন্ন নিখিল বিপক্ষ গোপী-দিগকে অতিশয় ত্রাস যুক্ত করিতেছেন ॥ ৬৭ ॥

যিনি মদনভরে আলস্যযুক্ত এবং যিনি লক্ষ লক্ষ বিপক্ষ-দিগের হৃৎকম্প সম্পাদক স্বীয় মুখশ্রীদ্বারা বকবিনাশি শ্রীকৃষ্ণের চিত্তকে বশীভূত করিয়াছেন ॥ ৬৮ ॥

অপর । যাঁহার শোভা কোটি কোটি কন্দর্পের রমণীয়

চঞ্চলাপাঙ্গ ভঙ্গেন বিস্মারিত সতীব্রতা ॥ ৬৯ ॥
কৃষ্ণেতি বর্ণ যুগ্মোরুমোহমন্ত্রেণ মোহিতা।
কৃষ্ণদেহ বরামোদ হৃদ্য মাদন মাদিতা ॥ ৭০॥
কুটিল ভ্রূচলচ্চণ্ড কন্দর্পোদ্দণ্ড কার্ম্মুকে।
